# অভিজ্ঞানশকুন্তল

মহাকবি মিল্‌টনের প্যারাডাইস্ লষ্টের
বঙ্গানুবাদক

## শ্রীকালীপদ ঘোষ কাব্যবিনোদ

সাহিত্য-ভারতী-সাহিত্য-সরস্বতী-কর্ত্তৃক

অনূদিত।

প্রথম সংস্করণ।

প্রকাশক

শ্রীসুধাংশুশেখর ঘোষ

মাগুরা-সারস্বত-আয়তন,

বারুইপাড়া পোঃ অঃ, জেলা খুল্‌না।

১৯২৭।

সর্ব্বস্বত্ব সংরক্ষিত ]

[ মূল্য ২।০ টাকা।

# উৎসর্গপত্র।

আশুতোষো আশুতোষো বা।

আবির্ভাব— তিরোভাব—

২৯শে জুন ১৮৬৪ খৃঃ অঃ ২৫শে মে ১৯২৪ খৃঃ অঃ

হেরিনি নয়নে কভু তব নর-বপু,
শ্রবণ-প্রত্যক্ষ শুধু তব মহানাম,
ভারত-বরেণ্য তুমি দেব আশুতোষ!
সুর-মন্দাকিনী-তীরে নন্দন-কাননে
জগন্মান্য-সুধীবৃন্দ-বাস্তব্য যথায়,—
যথায় বাল্মীকি ব্যাস তথা কালিদাস—
বরপুত্র ভারতীর—শ্রীহর্ষ ভারবি,
বিদ্যাপতি চণ্ডীদাস ভারত শ্রীমধু,
বরাহমিহির ক্ষণা আর্য্য আর্য্যভট্ট,
ন্যায়াধীশ রামশাস্ত্রী—মহারাষ্ট্র-জ্যোতিঃ,
সেক্ষপীর মিলটন প্লেটো নিউটন,
ডিমস্থিনিস বার্ক তথা টলষ্টয়,—
বিশ্বশ্রুত আরো যাঁরা করেন বসতি,—
নিবসিছ সুখে তথা, বিদ্যার অর্ণব,
জ্ঞানে তুঙ্গ হিমালয় বিচারে বিধাতা।
হেরি দিব্য-দরশনে—স্থাপিয়াছ তথা
অভিনব বিদ্যাপীঠ রঞ্জন-নন্দনে।
তব নব-বিশ্বপীঠে (এ) পরিনির্বপণ।

ভাঙ্গড়। ৬।১০।১৯২৫ খৃঃ অঃ

বিনয়াবনত—
শ্রীকালীপদ ঘোষ।

# বন্দনা ও স্মৃতি।

---

নমি আমি তব পদে, বাণীবরপুত্র
কালিদাস,—ভারতের কবি-কুল-চূড়া।
স্মরিয়া চরণ যাঁর দীন কবি কালী
অনূদিল 'শকুন্তল গৌড়-জন-তোষে।
কপিল-প্রফুল্ল-মধু-কাকলিত কুঞ্জে,
নিন্দিত-কপোত-অক্ষ-কপোতাক্ষ-কূলে,
খুল্‌নায়—প্রতাপ-পূতা—গ্রাম মাগুরায়
বিপুল-কায়স্থ-কুলে জনমিল দীন।
নিত্যানন্দ-সুতা মাতা মুক্তকেশী নাম,
জনার্দ্দনঘোষ-সুত আর্য্য বিষ্ণুরাম,
তদাত্মজ রাম মো(হ)ন, তাঁহার তনয়
পিতামহ ধর্ম্মচাঁদ, পিতা আত্মারাম,
অগ্রজ সুরেন্দ্র হরি সবে গুণধাম।
চন্দ্র-বসু-গ্রহ-চন্দ্র অব্দে বিক্রমের
করি গ্রন্থ সমাপন স্মরিয়া শ্রীহরি।

# অভিজ্ঞানশকুন্তল।

## কুশীলবগণ

### পুরুষগণ।

| | | | |
|---|---|---|---|
| দুষ্যন্ত | ... | ... | হস্তিনাপুরের রাজা। |
| সর্ব্বদমন | ... | ... | দুষ্যন্তের পুত্র। |
| কণ্ব | ... | ... | মহর্ষি। |
| শার্ঙ্গরব, শারদ্বত | ... | ... | কণ্বের শিষ্যদ্বয়। |
| মাতলি | ... | ... | ইন্দ্রের সারথি। |
| মাঠব্য (বা মাধব্য) | ... | ... | দুষ্যন্তের বয়স্য। |

বৈখানস, ঋষিকুমার, মন্ত্রী, পুরোহিত, সভাসদ্‌গণ, ধীবর, রক্ষক, কঞ্চুকী প্রভৃতি।

—:o:—

### স্ত্রীগণ।

| | | | |
|---|---|---|---|
| শকুন্তলা | ... | ... | কণ্বের পালিতা কন্যা। |
| সানুমতী | ... | ... | অপ্সরা। |
| গৌতমী | ... | ... | কণ্বের ধর্ম্মভগিনী। |
| অনসূয়া, প্রিয়ম্বদা | ... | ... | শকুন্তলার সখীদ্বয় |

তপস্বিনীগণ, চেটীগণ প্রভৃতি।

# উপমক্রণিকা।

মহাকবি কালিদাস মহারাজ বিক্রমাদিত্যের সভার নবরত্নের প্রধান রত্ন ছিলেন। কিংবদন্তী এইরূপ যে, যৌবনের প্রারম্ভকাল পর্য্যন্ত তিনি মহামূর্খ ও অতিশয় নির্ব্বোধ ছিলেন। এই সময়ে বিদ্যাবতী রাজকন্যা কমলা প্রচার করেন যে, যিনি বিচারে তাঁহাকে পরাস্ত করিতে পারিবেন, রাজকন্যা তাঁহাকেই পতিত্বে বরণ করিবেন। কয়েকজন পণ্ডিত রাজকন্যার নিকট পরাস্ত হইয়া কৌশলক্রমে কালিদাস দ্বারা তাঁহাকে পরাজিতা করাইলে তাঁহার সহিত রাজকন্যার বিবাহ হইল। বাসর-ঘরেই রাজকন্যা কালিদাস যে মহামূর্খ বুঝিতে পারিয়া তাঁহাকে গৃহ হইতে বাহির করিয়া দিলেন।

কালিদাস মহাদুঃখে বিশেষ যত্ন করিয়া অল্পদিনের মধ্যে নানা শাস্ত্র শিক্ষা করিয়া পণ্ডিত হইলেন। কথিত আছে যে, ইনি বনে ভ্রমন করিতে করিতে সরস্বতী দেবীর সাক্ষাৎকার লাভ করেন, এবং তাঁহার প্রসাদে ও তাঁহার উপদেশমত সরস্বতীকুণ্ডে অবগাহন ও তাহার জল পান করিয়া মহাকবি হইয়াছিলেন। অতঃপর তিনি শ্বশুরালয়ে গমন করিয়া স্বীয় কবিত্বের পরিচয় প্রদান করিলে কমলা পতির যথোচিত সম্ভাষণ করিলেন। কালিদাস গৌড়-সারস্বত-ব্রাহ্মণ ছিলেন।

কালিদাসের প্রাদুর্ভাবকাল সম্বন্ধে মতভেদ দৃষ্ট হয়। উজ্জয়িনীর অধিপতি মহারাজ বিক্রমাদিত্য খ্রীঃ পূর্ব্ব ৫৭ সালে বিক্রম-সংবৎ নামে একটী অব্দ প্রতিষ্ঠিত করেন। কালিদাস যদি এই বিক্রমাদিত্যের সভা অলঙ্কৃত করিয়া থাকেন, তাহা হইলে তিনি খ্রীঃ অব্দ প্রচলনের

সমসাময়িক। এই মতই বরাবরই চলিয়া আসিতেছিল। অধুনা প্রতীচ্য পণ্ডিতগণ স্থির করিয়াছেন যে, খৃষ্টীয় ষষ্ঠ শতাব্দীতে যশোধর্ম্মদেব নামে যে মালবের অধিপতি ছিলেন কালীদাস তাঁহারই নবরত্নের অন্যতম। প্রমাণস্বরূপে তাঁহারা বলেন যে, নবরত্নের অপর রত্ন বরাহমিহির অবন্তীনগরে জন্মগ্রহণ করিয়া ৫৭৮ খৃঃ অব্দে দেহ ত্যাগ করেন। সুতরাং কালিদাসও ঐ শতাব্দীতে প্রাদুর্ভূত ছিলেন। তাঁহারা আরও বলেন যে, বিক্রমাদিত্যের অপর নাম শকারি যশোধর্ম্মেই প্রযুজ্য। কারণ ইনি অনুমান ৫৩০ খৃঃ অব্দে করুর নামক স্থানে শকজাতির শাখা হুনবংশের অধিনায়ক মিহিরকুলকে পরাভূত করিয়া দূরে বিতাড়িত করিয়াছিলেন। তাঁহারা আরও বলেন যে, "বিক্রমাদিত্য" উপাধিবিশেষ, ব্যক্তিগত নাম নহে। রাজতরঙ্গিণীকার বলেন যে, কাশ্মীরের সিংহাসন শূন্য হইলে যশোধর্ম্মদেব উহাতে মাতৃগুপ্তকে বসাইয়া দেন। কেহ কেহ বলেন যে, এই মাতৃগুপ্ত কালিদাসেরই নামান্তর।

ইহাও কথিত আছে যে, প্রায় পাঁচ বৎসর কাল কাশ্মীরের সিংহাসনে উপবেশন করার পর কালিদাস প্রবরসেনকে রাজ্য প্রদান করিয়া বারাণসীতে জীবনের শেষ ভাগ অতিবাহিত করেন।

অধুনা কেহ কেহ বলেন যে, মুর্শিদাবাদ জেলার কাঁদি মহকুমার ৮ মাইল দক্ষিণদিগ্‌বর্ত্তী গড্ডা গ্রাম মহাকবি কালিদাসের জন্মস্থান। মহাকবির সম্মানের জন্য তথায় আজ কয়েক বৎসর প্রতি শ্রীপঞ্চমীর দিনে সারস্বত মেলা ও সাহিত্য সম্মিলন হইতেছে। তাঁহাদের মতে সিংহল দ্বীপের কলম্ব নগরে কালিদাস মানবলীলা সংবরণ করেন।

কালিদাসের রচিত এই কয়খানি গ্রন্থ অধুনা দেখিতে পাওয়া যায়,—অভিজ্ঞানশকুন্তল, বিক্রমোর্ব্বশী, মালবিকাগ্নিমিত্র, রঘুবংশ, কুমারসম্ভব, মেঘদূত, নলোদয় ও ঋতুসংহার।

# অভিজ্ঞানশকুন্তল

## প্রস্তাবনা

ঈশ্বর-প্রথম-সৃষ্টি হয় যে মূরতি,
বিধিহুত হবি যাহা করয়ে বহন,
সম্পাদন করে হোম আর যে মূরতি,
কালের বিধান করে যে মূরতিদ্বয়,
শ্রুতিগ্রাহ্যগুণা যাহা স্থিতা বিশ্বব্যাপি'।
বুধচয় যা'য় ক'য় সর্ব্ববীজাধার,
প্রাণিগণ প্রাণবান্ যাহার দ্বারায়,—
রক্ষুন্ প্রত্যক্ষ সেই অষ্ট-মূর্ত্তি-শিব।

নান্দ্যন্তে

সূত্রধার। [ নেপথ্যাভিমুখে অবলোকন করিয়া ]
নেপথ্য-বিধান যদি অবসিত তব,
তাহা হ'লে, ওহে আর্য্যে, এসহ হেথায়।

[ প্রবেশ করিয়া ]

নটী। আসিয়াছি, আর্য্যপুত্র, এই আমি হেথা।

সূত্রধার। পণ্ডিতবহুলা, আর্য্যে, এই পরিষৎ।
( অদ্য ) অভিজ্ঞানশকুন্তলনামধেয় নব
কালিদাস-বিরচিত সুন্দর নাটক
আরাধিব ইঁহা সবে করি' অভিনীত।
প্রতিপাত্র যত্ন যেন লয় এই হেতু।
( গোউড়-মণ্ডল-তোষে মধুর মাধবে
অনূদিলা সে নাটক কপোতাক্ষ-কবি )।
নটী। অতীব সুন্দর তব প্রয়োগ-বিধানে
কোন ত্রুটি কিংবা, আর্য্য, হইবে না হানি।
সূত্রধার। বলিতেছি, আর্য্যে, তোমা সত্য কথা আমি।
আচিত্ত-প্রসাদন পণ্ডিতসকলের
প্রয়োগ-বিজ্ঞান সাধু বলি নাহি মানি ;
(কারণ,) অত্যন্ত শিক্ষিতগণের ও অপ্রত্যয়
আত্মবিষয়েতে চিত—তুচ্ছ ত আমরা।
নটী। সত্য ইহা। অনন্তর করণীয় কিবা ?
সূত্র। শ্রুতিপ্রসাদন ভিন্ন আর কি (এ) সভার ?
(অতএব) অচিরপ্রবৃত্ত এই উপভোগক্ষম
গ্রীষ্ম-ঋতু অবলম্বি' করহ সঙ্গীত।
গ্রীষ্মের দিবসে এবে অতি প্রীতিকর
অবগাহ জলাশয়ে, পাটল-সুরভি
বন-সমীরণ, অনাতপ-তরুতলে
অনায়াসে সুখ-নিদ্রা হয় সমাগতা।
(এবং) পরিণামে রমণীয় এ ঋতু-বাসর।

নটী। বলিলেন যাহা, আর্য্য, যথার্থ সে কথা।

[ গান করিতে লাগিলেন ]

চুম্বিছে ভ্রমরকুল ঈষৎ ঈষৎ
সুকুমারকেশরাগ্রশিরীষকুসুম ;
সদয়প্রমদাচয় ধীরে ধীরে ধীরে
রচিতেছে অবতংস সে পেলব ফুলে।

সূত্র। অহো! আর্য্যে, গাহিয়াছ মনোহর গীত।
রঙ্গস্থলস্থিত সর্ব্বশ্রোতৃসমুদায়
গীত-অপহৃত-চিত আলিখিতপ্রায়।
অবলম্বি' এবে আমি কোন্ প্রকরণ
সামাজিকবর্গে এই করি আরাধনা ?

নটী। আর্য্যমিশ্র প্রথমেই দিলেন আদেশ,—
অভিজ্ঞানশকুন্তল অপূর্ব্ব নাটক
অভিনয়-তরে আজি হো'ক অধিকৃত।

সূত্রধার। সম্যক্ স্মারিত, আর্য্যে, হইলাম আমি।
বিস্মৃত হইয়াছিনু এই ক্ষণে সব।
(কারণ,) আকৃষ্ট দুষ্যন্তরাজা অতি বেগবান্
ঐ সারঙ্গদ্বারা যথা, আমি ও তেমতি
হয়েছিনু হৃত তব হারী গীতরাগে।

[ উভয়ে নিষ্ক্রান্ত। ]

ইতি প্রস্তাবনা।

# প্রথম অঙ্ক

[ তাহার পর মৃগানুসারী সশরচাপহস্ত রাজা রথে প্রবেশ করিলেন, সারথি ও প্রবেশ করিল। ]

সূত। [ রাজা এবং মৃগকে অবলোকন করিয়া ]

কৃষ্ণসার মৃগ আর অধিজ্যকার্ম্মুক
আপনারে, আয়ুষ্মন্, করি' দরশন,
হেরিতেছি আমি যেন মৃগ-অনুসারী
মূর্ত্তিমান্ পিনাকীরে।

রাজা। আকৃষ্ট আমরা
বহুদূর, ওহে সূত, এ সারঙ্গদ্বারা।
নিক্ষেপিছে দৃষ্টি; অতি মনোহর-ভাবে,
এখনো এ মৃগ গ্রীবা পরাবর্ত্তনিয়া—
বারংবার পশ্চাৎ ধাবিত স্যন্দনেতে।
বাণপতনের ভয়ে পশ্চার্দ্ধ ইহার
হয়েছে প্রবিষ্ট যেন পূরবকায়েতে।
সুদ্রুত-গমন-তরে পরিশ্রমবশে
বিবৃত-আনন-চ্যুত, অর্দ্ধ-অবলীঢ়
দর্ভচয়ে বর্ত্ম এর হয়েছে আকীর্ণ;
অত্যুৎকট লম্ফে হের করায় গমন
আকাশেই যাইতেছে বহুক্ষণ ধরি,'

ভূমি-পৃষ্ঠে যাইতেছে অতি অল্পক্ষণ।
ধাবিত হ'লেও আমি পশ্চাৎ ইহার
সপ্রযত্নে প্রেক্ষণীয় কেন সে আমার ?

সূত। উদ্ঘাতিনী ভূমি এই, ওহে আয়ুষ্মন্,
স্যন্দনের বেগ মন্দ করিয়াছি তাই
রশ্মি সংযমনি,' তাহে বিপ্রকৃষ্টান্তর
হয়েছে এ মৃগ। এবে নাহি হবে দুরাসদ
সমতলদেশবর্ত্তী পক্ষে আপনার।

রাজা। কিরণ শিথিল তবে কর এবে তুমি।

সূত। করেন যেরূপ আজ্ঞা মোরে, আয়ুষ্মন্।
[ রথবেগ নিরূপণ করিয়া ]
হেরুন হেরুন এবে, রাজরাজেশ্বর,
প্রগ্রহ-বিমুক্ত, নিষ্কম্পচামরশিখ,
নিস্পন্দ-উন্নত-কর্ণ, আত্মোদ্ধত-রজঃ-
অলঙ্ঘনীয়, নিরায়ত পূর্ব্বকায়
এই হয়-চয়, মৃগজবাক্ষম যেন,
হই'ছে ধাবিত।

রাজা। করিয়াছে অতিক্রম
সত্য মম বাজিচয় সূর্য্য-ইন্দ্র-হয়।
কারণ আলোকে সূক্ষ্ম বস্তুসমুদয়
হ'তেছে সহসা প্রাপ্ত অতি বিপুলতা,
বিভক্ত মধ্যেতে যাহা অবিভক্তসম ;

স্বভাবতঃ বক্র যাহা রথজবে ঋজু ;
ক্ষণতরে কিছু মোর পার্শ্বে নাহি রয়,
কিংবা দূরে। হের, সূত, বধি এরে আমি।
[ শরসন্ধানের অভিনয় করিলেন ]

[ নেপথ্যে ]

ভো ভো ভূমিপতে, অহন্তব্য অহন্তব্য
এ আশ্রম মৃগ।

সূত। [ শ্রবণ ও বিলোকন করিয়া ]
তব বাণপথবর্ত্তী
কৃষ্ণসার, আয়ুষ্মন্, আর তব মাঝে
হয়েছেন উপস্থিত তপস্বিনিচয়।

রাজা। [ সসম্ভ্রমে ]
বাজিগণে তবে, সূত, করহ নিরোধ।

সূত। করিতেছি তা'ই আমি, রাজরাজেশ্বর।
[ রথ থামাইল ]

[ তাহার পর সশিষ্য বৈখানস প্রবেশ করিতেছেন ]

বৈখানস। [ হস্ত উত্তোলন করিয়া ]

অহন্তব্য অহন্তব্য এ আশ্রম মৃগ,
হে রাজন্। তূলপুঞ্জে অগ্নিক্ষেপসম,
এই মৃদুমৃগদেহে বাণসন্নিপাত
অহহ! না, করিবেন না করিবেন না!
হরিণকসকলের অতি লোল অহো

জীবিত কোথায়, তব নিশিত-নিপাত
বজ্রসার শর কোথা’ ? করুন, রাজন্,
প্রতিসমহৃত সাধুকৃত-সংযোজন
এ সায়ক ; তব অস্ত্র আর্ত্তত্রাণতরে,
নহে নহে প্রহারিতে নিরপরাধেরে।

রাজা। প্রতিসমহৃত হ’ল সায়ক আমার।
[ প্রতিসংহরণ করিলেন ]

বৈখানস। পুরুবংশদীপ তব উপযুক্ত ইহা।
পুরুবংশজাত তব হয়েছে এ কার্য্য
উপযুক্ত অতিশয়। লভুন, রাজন্,
গুণোপেত চক্রবর্ত্তী ঈদৃশ তনয়।

রাজা। [ সপ্রণাম ]
শিরে ধরি আশীর্ব্বাদ তব, তপোধন।

বৈখানস। সমিদাহরণ তরে প্রস্থিত আমরা।
মালিনী-তটিনী-তীরে ওই দৃষ্ট হয়
কুলপতি কাশ্যপের আশ্রম, রাজন্,
যদি অন্যকার্য্যাত্যয় নাহি হয় তব,
(তা’হলে) আতিথেয় সৎকার করুন গ্রহণ
প্রবেশি’ আশ্রমে। প্রতিহত-বিঘ্ন-রম্য-
তপোধন-ক্রিয়াচয় অবলোকনিয়া,
ধনুর্গুণসংঘর্ষজ-কৃষ্ণচিহ্নান্বিত
তব ভুজ জানিবেন রক্ষি’ছে কিয়ৎ।

রাজা। আছেন কি কুলপতি আশ্রমে, তাপস ?
বৈখানস। শকুন্তলা-দুহিতায় করিয়া আদেশ
অতিথি-সৎকার-তরে, গত কুলপতি
সম্প্রতি সোমতীর্থে, তার প্রতিকূল-
দৈবশান্তিতরে, ওহে পৌরব-গৌরব।
রাজা। তাঁহারি সহিত তবে করিব সাক্ষাৎ ;
অবগত হয়ে তিনি ভকতি আমার
করিবেন বিজ্ঞাপন মহর্ষি-সকাশে।
বৈখানস। যাই মোরা, হে রাজন্, যজ্ঞকাষ্ঠতরে।
[ সশিষ্য নিষ্ক্রান্ত ]
রাজা। চালাও ঘোটক, সূত, পবিত্রিব আত্মা
পুণ্যাশ্রম এবে আমি করি' দরশন।
সূত। যাহা আজ্ঞা করি'ছেন, ওহে আয়ুষ্মন্।
[ পুনর্ব্বার বেগে রথ চালাইতে লাগিল ]
রাজা। [ সমন্তাৎ অবলোকন করিয়া ]
অকথিত হইলে ও বুঝিতেছি, সূত,
তপোধনাশ্রম ইহা।
সূত। কিরূপে, রাজন্ ?
রাজা। হেরিছনা তুমি কি হে পতিত হেথায়
শুকগর্ভতরুবরকোটরনিকর-
মুখভ্রষ্টনীবার বিটপিবরতলে ;
কোন স্থলে স্নেহলিপ্ত মসৃণ-উপল
ইঙ্গুলীফলভেদক হ'তেছে সূচিত।

বিশ্বাসের উপগমে অব্যাকুলগতি
মৃগসমুদয় সহে রথের ঘর্ঘর।
তোয়াধারপথচয় হয়েছে অঙ্কিত
বল্কলান্তবিগলিত-সলিল-ধারায়।

সূত। সকলই যুক্তিযুক্ত কহিলেন যাহা।

রাজা। [ অল্পদূর গমন করিয়া ]
তপোবনবাসিগণ-ক্লেশ নাহি হয়—
এই হেতু রথ রক্ষা করহ হেথায়,
অবতরণিব আমি, ওহে সূতবর।

সূত। ধরিয়াছি রশ্মি আমি নামুন্, রাজন

রাজা। [ অবতরণপূর্ব্বক ]
হে সূত, বিনীতবেশে প্রবেশ উচিত
তপোবনে। করহ গ্রহণ এই সব।
[ আভরণ ও ধনু আনিয়া দিলেন ]
যাবৎ না প্রত্যাগত হই আমি হেথা
হেরিয়া আশ্রমবাসি-জনসমুদয়ে,
তাবৎ ঘোটকগণে কর আর্দ্রপৃষ্ঠ।

সূত। যথাযথ আজ্ঞা আমি করিব পালন।
[ নিষ্ক্রান্ত ]

রাজা। [ পরিক্রমণ ও অবলোকন করিয়া ]
আশ্রমের দ্বার এই, করিব প্রবেশ।
[ প্রবেশ করিয়া নিমিত্ত অভিনয় করিয়া ]
শান্ত এ আশ্রমপদ, অথচ আমার

সব্যেতর বাহু অহো হতেছে স্পন্দিত,
কেমনে সম্ভব হয় এর ফল হেথা।
অথবা ভবিতব্য-দ্বার সর্ব্বত্রই হয়।

[ নেপথ্যে ]

এদিকে এদিকে এস, সখীদ্বয় মম।

রাজা। [ কর্ণ প্রদান করিয়া ]
অয়ে! যাইতেছে শুনা আলাপের ন্যায়
বৃক্ষবাটিকার সেই বামেতর ভাগে;

এ দিকেই যাই। [ পরিক্রমণ ও অবলোকন করিয়া ]

তপস্বিকন্যকাগণ

সেচন-ঘটেতে করি' প্রদানিতে পয়ঃ
বালবৃক্ষচয়ে আসিতেছে এই দিকে(ই)।
[ সাবধানে দর্শন করিয়া ]
আহা! কি মধুর দরশন ইহাদের!
আশ্রমবাসিজনের এই বপু যদি
শুদ্ধান্তদুর্ল্ভ, তাহা হ'লে বনলতা
হারায়েছে নিজ গুণে উদ্যানলতায়!
দাঁড়াইয়া এ ছায়ায় করিব অপেক্ষা।
[ দাঁড়াইয়া দেখিতে লাগিলেন ]

(তাহার পর যথোক্তব্যাপারা শকুন্তলা সখীদ্বয়সহ প্রবেশ করিলেন ]

শকুন্তলা। এদিকে এদিকে এস, সখীদ্বয় মম।

অনসূয়া। হলা সখি শকুন্তলে, হয় বোধ মোর
তোমা হ'তে প্রিয়তর তাত কাশ্যপের
আশ্রমবৃক্ষকগণ। হয়েছ যে হেতু
নবমল্লিকাকুসুম-কোমলাঙ্গী তুমি (ও)
আলবালপূরণেতে নিযুক্তা এদের।

শকুন্তলা। না তাতনিয়োগ শুধু, আছয়ে, হে সখি,
সোদরস্নেহ ও মোর ইহাদের প্রতি।
[ জল সেচন অভিনয় করিলেন ]

রাজা। ইনি কি সে(ই) শকুন্তলা কণ্বের দুহিতা?
অসাধুদরশী খলু আরাধ্য কাশ্যপ—
আশ্রম ধরমে যিনি স্থাপিলেন এরে।
ব্যাজহীন মনোহর এই শরীরেরে
তপঃক্ষম করিবারে ইচ্ছেন্ যে জন,—
নিশ্চিতই সেই ঋষি নীলোৎপলদলে
ছেদিবারে শমীলতা হায়রে চেষ্টিত!
পাদপান্তরিত হেরি বিস্রব্ধা ইঁহারে।

[ তদ্রূপ করিলেন ]

শকুন্তলা। প্রিয়ংবদা-দৃঢ়বদ্ধ বল্কল আমায়
করিয়াছে নিয়ন্ত্রিতা, সখি অনসূয়ে।
শিথিল করিয়া দাও বল্কল আমার।

অনসূয়া। দিতেছি শিথিল করি' বল্কল তোমার।

[ শিথিল করিয়া দিলেন ]

প্রিয়ংবদা। কর তিরস্কার অত্র আপন যৌবনে,—
পয়োধর-পরিণাহ সম্পাদিল যাহা।

রাজা। হ'লেও অযোগ্য অতি এর বয়সের
এ বল্কল, না বাড়ায় অলঙ্কার-শোভা—
নহে তাহা। মনোহর শৈবল-গ্রথিত
সরসিজ (ও), হিমাংশু ও হয় লোভনীয়
চিহ্ন-পরিভিন্ন, বল্কলে ও এই তন্বী
অধিক-মনোজ্ঞা। কোন্ দ্রব্য না মণ্ডন
মধুরাকৃতির ?

শকুন্তলা। ( অগ্রতঃ অবলোকন করিয়া )
ওই কেসর-বৃক্ষক
বাত-সঞ্চলিত-পল্লব-অঙ্গুলী দিয়া
আহ্বানিছে মোরে তথা যাইতে ত্বরিত ;
সম্মানিত করি আমি ইহারে এখন।
[ গমন করিলেন ]

প্রিয়ংবদা। রহ হেথা ক্ষণকাল, হলা শকুন্তলে ;
কেসরবৃক্ষক এই তব সমাগমে
সুলতাবেষ্টিতসম পাইতেছে শোভা !

শকুন্তলা। এই হেতু, প্রিয়ংবদা, প্রিয়ংবদা তুমি !

রাজা। বলিয়াছে প্রিয়ংবদা শকুনতলায়
সুমধুর-সত্য-কথা,—অধর ইহার
কিসলয়সম, কোমল বিটপপ্রায়

বাহুদ্বয়, আবির্ভূত কুসুমের ন্যায়
লোভনীয় যৌবন সর্ব্ব অবয়বে।

অনসূয়া। বনজ্যোৎস্না-নামধেয়া এ নবমল্লিকা,—
সহকার স্বয়ংবরবধূ,—ভুলিয়াছ,
ভুলিয়াছ এরে কিগো, হলা শকুন্তলে ?

শকুন্তলা। আপনারে ও তা(হা) হ'লে যাইব ভুলিয়া।
[ লতার নিকট গমন করিয়া এবং
অবলোকন করিয়া ]
রমণীয় কালে, সখি, হয়েছে মিলন
এই লতাপাদপের, এ বনজ্যোৎস্না—
নবকুসুম যৌবনা ; উপভোগক্ষম
বদ্ধপল্লবতাহেতু এই সহকার।

প্রিয়ংবদা। জান কি, হে অনসূয়ে, কেন শকুন্তলা
হেরিতেছে অতিমাত্র বনজ্যোৎস্নারে ?

অনসূয়া। বল বল, প্রিয়ংবদে, কারণ ইহার।
বুঝিতে না পারিতেছি হেতু আমি এর।

প্রিয়ংবদা। হয়েছে সঙ্গতা যথা বনজ্যোতসনা
অনুরূপতরুসহ, আমি ও তেমতি
আত্ম-অনুরূপ বর লভিব কি ?—ভাবি'।

শকুন্তলা। আত্মগত মনোরথ ইহা তোমারই।
[ সেচনার্থ কলস নত করিলেন ]

রাজা। অসবর্ণক্ষেত্রজাতা ইনি কি কণ্বের ?
অথবা সন্দেহে মম নাহি প্রয়োজন।

ক্ষত্রপরিগ্রহক্ষমা অসংশয় ইনি।
শুদ্ধশীল মন মম হয়েছে যেহেতু
সাভিলাষ এঁর প্রতি। সংশয়-আশ্রিত
বিষয়নিচয়ে, সাধুগণচিত্তবৃত্তি
সন্দেহের নিরসনে চরম প্রমাণ।
তথাপি তত্ত্বতঃ আমি জানিব ইঁহারে।

শকুন্তলা। [ সসম্ভ্রমে ] বারিসেকবেগোদ্গত মধুকর এক
নবমালিকায় ত্যজি' আসি'ছে মো' পানে।
[ ভ্রমরবাধা অভিনয় করিলেন ]

রাজা। [ সস্পৃহনয়নে অবলোকন করিয়া ]
চলাপাঙ্গ কম্পমান নয়ন ইহাঁর
স্পর্শিছ, হে মধুকর, বার বার বার,
রহস্য কহিতে কোন কর্ণান্তিকে যেন
মৃদুমন্দ গুঞ্জিতেছ উড়িয়া উড়িয়া ;
নিবারণ করিলেও কর-সঞ্চালনে,
রতিসারভূতাধর করিতেছ পান।
তত্ত্ব-অন্বেষণে হত হইলাম মোরা ;
ওহে মধুকর, তুমি কৃতকার্য্য খলু।
অতি মনোহর আহা! হেরিতে ইঁহার
ভ্রমর পীড়ন (ও)! যাইতেছে যেই স্থানে
উড়িয়া ভ্রমর এই, চঞ্চল লোচন
করি'ছেন সঞ্চালন সে দিকেই ইনি,
হইতেছে বিবর্ত্তিত ভ্রূযুগ তাতেই।

শিখি'ছেন শকুন্তলা ভয়হেতু (ই) যেন
অনিচ্ছায়ও এরূপে দৃষ্টির বিভ্রম।

শকুন্তলা। না বিরত এই ধৃষ্ট ; যাই অন্য স্থানে।
[ কয়েক-পদ-গমনান্তে বিলোকন করিয়া ]
আসিছে হেথাও ; কর পরিত্রাণ মোরে—
( এই ) দুর্ব্বিনীত-মধুকর-অভিভূয়মানা।

সখীদ্বয়। [ ঈষৎ হাস্য করিয়া ]
ত্রাণিবার মোরা কেবা? করহ আহ্বান
দুষ্যন্তে—পৃথিবীপতি—আত্মত্রাণতরে,
রাজ-রক্ষিতব্য সদা তপোবন নাম।

রাজা। প্রকাশিতে আপনারে এই অবসর।
নাহি ভয়, নাহি ভয় ;
[ অর্দ্ধ উচ্চারণ করিয়া স্বগত ]
মম রাজভাব
পরিজ্ঞাত হ'বে এতে। বলিব এ'রূপ।

শকুন্তলা। [ কয়েক পদ গমন করিয়া দৃষ্টিক্ষেপসহকারে ]
এস্থানেও দুষ্ট অনুসরণিছে মোরে।

রাজা। [ সত্বর গমন করিয়া ]
দুর্ব্বিনীতসকলের শাসিতা পৌরব
নৃপতি দুষ্যন্ত যবে শাসিছেন ধরা,
তখন কোন্ এ আচরিছে অবিনয়
মুগ্ধ-তাপস-তনয়া-সমুদয়-প্রতি।

[ সকলে রাজাকে দেখিয়া কিঞ্চিৎ সম্ভ্রান্তা হইলেন ]

অনসূয়া। নহে আর্য্য সঙ্ঘটিত কোন অত্যাহিত।
মোদের এ প্রিয়সখী ভ্রমর-পীড়িতা।
[ শকুন্তলাকে দেখাইয়া দিলেন ]

রাজা। [ শকুন্তলাভিমুখ হইয়া ]
পাই'ছে কি বৃদ্ধি তপঃ ?

শকুন্তলা। [ ভয়ে অবচনা রহিলেন ]

অনসূয়া। বৃদ্ধি তপস্যার
অতিথি বিশেষলাভে এবে, মহাশয়।
যাহ হে উটজে ত্বরা, হলা শকুন্তলে, ২
ফলমিশ্র অর্ঘ্য হেথা কর আনয়ন,
পাদোদক হবে এই কলস-সলিল।

রাজা। হয়েছে আতিথ্য কৃত আপনাসবার
সূনৃত বাক্যেই।

প্রিয়ংবদা। ক্ষণকাল তবে এই
প্রচ্ছায়শীতল-সপ্তপর্ণবেদিকায়
বসিয়া করুন্, আর্য্য, শ্রমাপনয়ন।

রাজা। আপনারাও পরিশ্রান্তা এ করম করি'।

অনসূয়া। অতিথি-পর্য্যুপাসন উচিত মোদের ;
এস বসি এই স্থানে, হলা শকুন্তলে।

সকলে। [ উপবেশন করিলেন ]

শকুন্তলা। [ আত্মগত ]
আশ্রমবিরুদ্ধভাব কেন আবির্ভূত
হেরিয়া ইঁহারে ?—তাহা বুঝিতে না পারি।

রাজা। [ সকলকে অবলোকন করিয়া ]
সমবয়ঃ সমরূপ আপনাসবার
হয়েছে সৌহার্দ্দ্য আহা! অতি রমণীয়।

প্রিয়ংবদা। [ জনান্তিকে ]
মধুর-গম্ভীরাকৃতি কে এ, অনসূয়ে,
করিছেন আলাপন—সুন্দর, নিপুণ?
প্রভাবসম্পন্ন বলি' বোধ হয় এঁরে।

অনসূয়া। হইয়াছে কৌতূহল আমার ও, সখি।
জিজ্ঞাসি ইঁহারে। [ প্রকাশ্যে রাজার প্রতি ]
মধুর-আলাপ-জাত
বিশ্বাসে আর্য্যের মোরে করি'ছে মুখরা।
কোন্ রাজ-ঋষি-বংশ করেছেন আর্য্য
অলঙ্কৃত; বিরহপর্য্যুৎসুকজন
কোন্ জনপদ? সুকুমারতর দেহ
তপোবন-আগমন-পরিশ্রম-পদে
উপনীত কিবা হেতু?—জানিতে বাসনা।

শকুন্তলা [ আত্মগত ]
উদ্বিগ্ন হয়োনা হিয়া, ভাবিছ তুমি যা'—
অনসূয়া সখী মোর বলিছে তাহাই।

রাজা। [ আত্মগত ]
কিরূপে প্রদান করি আত্মপরিচয়,
কি প্রকারেই বা করি আত্ম-অপহার।

ভাল, বলি এঁরে এইরূপ। [ প্রকাশে ]

পুরুবংশ-

নরপতি নিয়োজিলা ধর্ম্ম-অধিকারে
যাঁরে—সেই আমি। এসেছি এ ধর্ম্মারণ্যে
জানিবারে যজ্ঞক্রিয়া বিঘ্নহীনা কি না।

অনসূয়া। ধর্ম্মাচারিগণ এবে হলেন সনাথ।

শকুন্তলা। [ রাজার প্রতি অনুরাগবশতঃ সলজ্জভাব অভিনয় করিলেন ]

সখীদ্বয়। [ উভয়ের আকার বিদিত হইয়া। জনান্তিকে ]
যদি অদ্য অত্র তাত, হলা শকুন্তলে,
থাকিতেন সন্নিহিত ?

শকুন্তলা। [ সরোষে ] । কি হ'ত তা' হ'লে ?

সখীদ্বয়। জীবিতসর্ব্বস্ব দিয়া অতিথিবিশেষে
করিতেন কৃত-অর্থ।

শকুন্তলা। দূর হও সব ;
হৃদয়ে করিয়া কিছু বলি'ছ তোমরা,
চাই না শুনিতে আমি তোমাদের কথা।

রাজা। আমিও জানিতে চাই আপনাসবার
সখীগত কিছু। বলিবেন আশা করি।

সখীদ্বয়। অনুগ্রহ, মহাশয়, এই অভ্যর্থনা।

রাজা। শাশ্বতিক ব্রহ্মে স্থিত ভগবান কণ্ব—
প্রকাশ এরূপ। আপনা সবার সখী
আত্মজা তাঁহার,—ইহা সম্ভবে কিরূপে?
করুন শ্রবণ, আর্য্য! আছেন কৌশিক
গোত্রনামধেয় এই রাজ-ঋষি এক,—
সুমহাপ্রতাব তিনি খ্যাত চরাচর।

রাজা। আছেন শুনেছি।

অনসূয়া। জানিবেন তাঁরে আর্য্য,
প্রিয়সখী-পিতা। ইনি হইলে উজ্ঝিতা
জনকজননী দ্বারা, হয়েছেন পিতা
দেহ সংবর্দ্ধন করি' কাশ্যপ ইঁহার।

রাজা। জনিত উজ্ঝিত-শব্দে কৌতূহল মম।
শুনিতে বাসনা মোর সমস্ত আমূল।

অনসূয়া। করুন শ্রবণ, আর্য্য। উগ্রতপে বর্ত্তমান
পুরা সেই রাজর্ষির তপোবিঘ্নতরে,
জাতশঙ্ক দেবগণ করেন প্রেরণ
সুরাপ্সরাঃ মেনকারে এ মর-ভবনে।

রাজা। অন্যসমাধিভীরুত্ব আছে তাঁ' সবার।

অনসূয়া। অবতারে তারপর বসন্ত ঋতুর
উন্মাদনরূপ তাঁর করি দরশন—

[ অর্দ্ধোচ্চারণ করিয়া লজ্জায় বিরতা হইলেন ]

রাজা। বুঝিয়াছি তার পর ঘটেছিল যাহা।
অপ্‌সরঃ সম্ভবা তবে ইনি অসংশয়।

অনসূয়া। যথার্থ এ অনুমান।

রাজা। যুক্তিযুক্ত ইহা।—
এ রূপ-সম্ভব সম্ভব কি মানুষীতে ?
না উঠে ভূতল হ'তে ক্ষণপ্রভা জ্যোতিঃ।

শকুন্তলা। [ অধোমুখী হইলেন ]

রাজা। [ আত্মগত ]
লব্ধ-অবকাশ হ'ল মনোরথ মম।
কিন্তু সখী-নর্ম্ম-উক্ত-বর-লিপ্‌সা শুনি'
হইয়াছে মন মম সংশয়-আকুল।

প্রিয়ংবদা। [ ঈষৎ হাস্য করিয়া শকুন্তলাকে বিলোকন করিয়া নায়কাভিমুখী হইয়া ]
আরো কিছু আছে যেন বলিতে আর্য্যের।

শকুন্তলা। [ সখীকে অঙ্গুলি দ্বারা তজ্জর্ন করিলেন ]

রাজা। করেছেন অনুমান সম্যক্ আপনি।
সচ্চরিত-শ্রবণেতে লোভহেতু আমি
জিজ্ঞাসা করিব এবে আরো কিছু কথা।

অনসূয়া। বিবেচনা করিবার নাহি প্রয়োজন;
অনিয়ন্ত্রণানুযোগ তপস্বী যে জন।

রাজা। জানিতে বাসনা মম আপনাসবার
প্রিয়সখী-প্রসঙ্গেতে এ বিষয় এবে।
যাবৎ উদ্বাহক্রিয়া নাহি হয় তাঁর,
মদনব্যাপাররোধি-বানপ্রস্থব্রত
অবলম্বি থাকিবেন তিনি কি তাবৎ?
অথবা তুল্যাক্ষি-প্রিয়-মৃগীগণসহ
করিবেন তপোবনে চিরকাল বাস?

প্রিয়ংবদা। ধর্ম্মাচরণ বিষয়ে (ও) পরাধীনা ইনি।
যোগ্যবরে দান তার পিতার বাসনা।

রাজা। [ আত্মগত ]
সুদুর্লভা নহে এ প্রার্থনা। হে হৃদয়,
হয়েছে হয়েছে এবে সন্দেহ নির্ণয়;
সাভিলাষ হও তুমি শকুন্তলাপ্রতি।
আশঙ্কা করিতেছিলে অগ্নি বলি' যারে,
স্পর্শক্ষমরত্ন তাহা নাহিক সংশয়।

শকুন্তলা। [ যেন ক্রোধের সহিত ]

চলিয়া যাইব আমি শুন, অনসূয়ে।

অনসূয়া। কেন কেন, প্রিয়সখি, বল তা আমায় ?

শকুন্তলা। আর্য্যা গৌতমীর কাছে বলি' দিব আমি

এ অসংবদ্ধভাষি-প্রিয়ংবদার কথা।

অনসূয়া। (এ) বিশিষ্ট অতিথির অভ্যর্থনা না করি

পরিত্যাগ করি এঁরে, ইচ্ছা অনুসারে

অন্যত্র গমন নহে উপযুক্ত তব।

শকুন্তলা। [ কিছু না বলিয়াই চলিলেন ]

রাজা। [ শকুন্তলাকে ধরিতে ইচ্ছা করিয়া, ইচ্ছাপ্রতিরোধ করিয়া আত্মগত ]

চিত্তবৃত্তি-অনুরূপ কামিজন-চেষ্টা।

অনুগমনিব আমি এ মুনি-কন্যার ;

হঠাৎ বিনয় মোর রোধিলেক গতি।

যদিও এস্থান হ'তে যাই নাই আমি,

তথাপি হ'তেছে বোধ ফিরিয়াছি গিয়া।

প্রিয়ংবদা। [ শকুন্তলাকে নিরোধ করিয়া ]

অন্যত্র গমন তব অনুচিত, সখি।

শকুন্তলা। [ সভ্রূভেদে ]
কেন অসুচিত তাহা বলহ আমায়।

প্রিয়ংবদা। তোমার দুইটী বৃক্ষে দিয়াছি সলিল।
ঋণমুক্তা কর তোমা; যাবে তার পর।
[ বলপূর্ব্বক ফিরাইলেন ]

রাজা। সলিল-সেচন-হেতু, পরিশ্রান্তা ইনি।
বাহুদ্বয়-মূল এঁর হয়েছে শিথিল
ঘটোৎক্ষেপন হেতু, অত্যন্ত লোহিত
হইয়াছে করতল। অতিদীর্ঘশ্বাসে
কাঁপিতেছে স্তনদ্বয় অদ্যাপি ইঁহার।
শ্রবণশিরীষরোধিঘর্ম্মজলজাল
বদনেতে বিগলিত হইতেছে এঁর;
কবরীবন্ধন এঁর হ (ও)য়ায় উন্মুক্ত,
পর্য্যাকুল একহস্তবদ্ধ কেশপাশ।—
অতএব ঋণমুক্ত করি আমি এঁরে।
[ অঙ্গুলীয় দিতে ইচ্ছা করিলেন ]

উভয়ে। [ রাজার নামাক্ষর পাঠ করিয়া পরস্পরের মুখের দিকে দৃষ্টি নিক্ষেপ করিল ]

রাজা। করিবেন না সন্দেহ অন্যথা আমায়,
রাজপরিগ্রহ এই ; জানিবেন মোরে
রাজপুরুষ জনৈক।

প্রিয়ংবদা। অঙ্গুলী-বিয়োগ
সেই হেতু অনুচিত এ অঙ্গুলীয়ের।
অনৃণা হলেন ইনি আর্য্যের বচনে।
[ ঈষৎ হাস্য করিয়া ]
অনুকম্পাপরবশ এই মহাশয়
অথবা এ মহারাজ, হলা শকুন্তলে,
করেছেন ঋণমুক্তা তোমায় এখন ;
এক্ষণে স্বচ্ছন্দে তুমি করহ গমন।

শকুন্তলা। [ আত্মগত ]
থাকিত প্রভুত্ব যদি আত্মোপরি মোর।
[ প্রকাশ্যে ]
কে তুমি বিদায় দিতে কিংবা নিরোধিতে ?

রাজা। [ শকুন্তলাকে দেখিয়া আত্মগত ]
আমি যথা অনুরক্ত ইঁহার উপর
ইনি কি আমাতে তথা ? অথবা হ'য়েছে
লব্ধ অবকাশা এবে প্রার্থনা আমার।

কারণ—যদিও মোর বাক্যের সহিত
না মিশাইছেন ইনি বাক্য আপনার,
কিন্তু আমি ক'লে কথা হ'য়ে অবহিতা
শুনিছেন তাহা, মদানন সংমুখীনা
নাহি রহে দৃষ্টি এঁর অধিক সময়,
তথাপি অন্যবিষয়া নহে বহুক্ষণ।

নেপথ্যে।

ভোঃ তপস্বিগণ, হও সন্নিহিত সবে
তপোবন-সত্ত্বগণ রক্ষা করিবারে।
মৃগয়াবিহারী রাজা আসন্ন দুষ্যন্ত।
তুরঙ্গম খুরহত অস্তাচলোন্মুখ-
অরুণপ্রকাশ রেণু পঙ্গপালপ্রায়,
বিটপবিলম্বিত-সলিলাদ্র বল্কল
তপোবনতরুদলে হই'ছে পতিত।
(এবং) স্যন্দন-আলোকভীত পশিছে বারণ'—
মূর্ত্তবিঘ্ন তপস্যার,—ধর্ম্মারণ্যে এই,
পলাই'ছে ইতস্ততঃ সারঙ্গনিকর
ভয়েতে ইহার ; গমনের কালে গজ
তীব্রাঘাতে ভগ্ন করি' তরুসমুদয়,

চরণে লতাবলয় করি' আকর্ষণ,
হইতেছে দৃষ্ট যেন পাশবদ্ধবৎ;
স্কন্ধলগ্ন হইয়াছে এক দন্ত তা'র।

সকলে। [ শুনিয়া কিছু সম্ভ্রান্তা হইলেন ]

রাজা। [ আত্মগত ]
অহো ধিক্! পৌরগণ অন্বেষণক্রমে
আসি মোর জন্মাইছে তপোবনপীড়া।
ভাল, আমি যাই তবে হেথা হ'তে এবে।

অনসূয়া। শুনি', আর্য্য, এই আরণ্যক-বিবরণ
পর্য্যাকুলা মোরা। দি'ন উটজগমনে
অনুমতি মোসবায়।

রাজা। ( অনুদ্বিগ্নভাবে ) যা'ন আপনারা।
আশ্রমের উপরোধ যা'তে নাহি হয়,
তদ্বিষয়ে চেষ্টা আমি করিব এখন।

সকলে। [ উঠিলেন ]

সখীদ্বয়। অতিথিসৎকার, আর্য্য, করি নাই কিছু
আপনার মোরা। পুনর্ব্বার মোসবায়
দিবেন দর্শন তাই বলিতে লজ্জিতা।

রাজা। বলিবেন না এরূপ মোরে আপনারা।
দর্শনেই আপনাদের পুরস্কৃত আমি।

শকুন্তলা। অভিনবকুশসূচী বিদ্ধ মম পদে।
কুরুবকশাখালগ্ন বল্কল আমার!
যাবৎ বল্কল আমি না করি মোচন,
তাবৎ তোমরা হেথা করহ অপেক্ষা।

[ সব্যাজে রাজাকে দেখিতে দেখিতে সখীদ্বয়-
সহ নিষ্ক্রান্তা। )

রাজা। শিথিল ঔৎসুক্য মোর নগরগমনে।
অনুচরগণসহ হইয়া মিলিত
তপোবন-নাতিদূরে করি সন্নিবেশ।
শকুন্তলা-ব্যাপার হ'তে করিতে নিবৃত্ত
অসমর্থ আপনারে হয়েছি একান্ত।
করি'ছে গমন অগ্রে শরীর আমার,
অসংস্থিত চিত প্রতিবাতে নীয়মান
কেতুর চীনাংশুকবৎ ধাবিছে পশ্চাৎ।

[ সকলে নিষ্ক্রান্ত ]

প্রথমাঙ্ক সমাপ্ত।

# অভিজ্ঞানশকুন্তল

## দ্বিতীয় অঙ্ক।

[ তাহার পর বিষণ্ণ বিদূষক প্রবেশ করিল ]

বিদূষক। [ নিশ্বাস পরিত্যাগ করিয়া ]

দেখেছ তোমরা ? আমি হইয়া বয়স্য
এ মৃগয়াশীল নৃপতির,—হইয়াছি
খিন্ন অতিশয়। ওই মৃগ, ঐ বরাহ,
ঐ শার্দ্দূল—মধ্যাহ্নেও এইরূপ করি,
গ্রীষ্মবিরলপাদপচ্ছায়-বনরাজি-
মাঝে ভ্রমিতেছি আমি। পত্র সংসরগে
কষায় কটুক গিরিনদীজল পান
করি নিরুপায়। শূলপক্ক মাংস হায়
প্রধান আহার,—আনিয়তবেলে তাও।
তুরঙ্গমানুধাবনে হয়েছে ব্যথিত
সন্ধিস্থলসমুদয় ; রজনীতে তাই
সুখনিদ্রা নাহি হয়। মহাপ্রত্যূষেই

তার পর উঠি জাগি' শুনি' কোলাহল
দাসীপুত্র-পক্ষিলুব্ধ-বনগাহনের ;—
ইহাতেই যন্ত্রণার শেষ তাহা নয়।
তারপর গণ্ডোপরি সংবৃত্ত পিণ্ডক।
পশ্চাৎ পড়িলে হায় গত কল্য মোরা,
মৃগানুসরণ ক্রমে প্রবিষ্ট আশ্রমে
রাজাধিরাজেরে মোর দুর্ভাগ্য-দেবতা
শকুন্তলানামধেয়া তাপস-কন্যায়
দেখাইলা। না করেন এবে কে নরূপে
নগরগমনে মন। অদ্যাপি তাহারে
করিতে করিতে চিন্তা নেত্রোপরি তাঁর
প্রভাতা শর্ব্বরী। এবে কি করি উপায় ?
কৃতাচারপরিক্রম-ভেটি রাজ-সনে
[ পরিক্রমণ ও অবলোকন করিয়া ]
এই যে হেথায় আসিছেন প্রিয়সখা—
বাণাসনহস্ত-বনপুষ্পমালাধারি-
যবনী'-বেষ্টিত। থাকি দাঁড়াইয়া
অঙ্গভঙ্গবিকলের ন্যায়, পারি যদি
লভিতে বিশ্রাম এবে করে ও এরূপ।
[ দণ্ডকাষ্ঠ অবলম্বন করিয়া অবস্থিতি ]
[ তৎপরে যথানির্দ্দিষ্টপরিবার রাজা প্রবেশ করিলেন ]

রাজা। [ স্বগত ]
নহে ত সুলভা মম প্রিয়া শকুন্তলা,
আশ্বাস (ও) জন্মিছে কিন্তু হাব ভাবে তাঁর।
যদিও না হইতেছে কাম চরিতার্থ,
( তথাপি ) উভয়-প্রার্থনা যেন জন্মাইছে রতি।
[ ঈষৎ হাস্য করিয়া ]
ইষ্টজন-চিত্তবৃত্তি করি' অনুমান
স্বাভিপ্রায়-মতে, প্রার্থী হয় বিড়ম্বিত
এইরূপে। প্রেরিয়াও অন্যতঃ নয়ন
হেরিতেছিলেন মোরে সপ্রণয়ে প্রিয়া,
নিতম্বগুরুত্ববশে বিলাস-হেতুই
মৃদুমন্দপদক্ষেপে ছিলেন চলিতে,
উপরোধ করেছিল প্রিয় সখীগণ
"যাইওনা" বলি তাঁরে, তিনিও যে উক্তি
অসূয়া সহিত তায় ছিলেন করিয়া,—
তৎসমুদায় কিল মৎপরায়ণ,
অহো! অহো! কামিজন স্বভাবে হেরয়!
[ সেইরূপে দাঁড়াইয়া ]
ভো বয়স্য, নাহি শক্তি হস্তপাদ মম
প্রসরিতে। বাঙ্মাত্রে করি আশীর্ব্বাদ।
রাজা। কি নিমিত্ত হ'ল এই অঙ্গ-উপঘাত?
বিদূষক। "কি নিমিত্ত?" আঘাতিয়া আপনি নয়নে
সুধাইছেন কি হেতু ঝ'রে নেত্রনীর।

রাজা। বুঝিতে নারিনু আমি বল বিবরিয়া।
বিদূষক। বেতসের কুব্জলীলা বল, হে বয়স্য,
নদীবেগ-প্রভাবেতে কিংবা স্ব-প্রভাবে?
রাজা। নদীবেগ হয় তার কারণ নিশ্চয়।
বিদূষক। অঙ্গবিকলতা-হেতু আমারো আপনি।
রাজা। কিরূপে?—মোরে তা দেহ তুমি বুঝাইয়া।
বিদূষক। রাজকার্য্য করি ত্যাগ অবলম্বিলেন
ঈদৃশ ভীষণ স্থানে বনচর বৃত্তি।
শ্বাপদসমুৎসারণে সত্যই প্রত্যহ
সংক্ষোভিত মম সন্ধিবন্ধসমুদায়,
নাহিক প্রভুত্ব আর গাত্রোপরি মোর।
অতএব নিবেদন একাহের (ও) তরে
বিদায় দিউন মোরে করিতে বিশ্রাম।
রাজা। [ স্বগত ]
এ বলিল এইরূপ। কাশ্যপ-সুতায়
স্মরি' মোরো চিত অনুৎসুক মৃগয়ায়।
কারণ—যে মৃগগণ প্রিয়ার সহিত
সতত বসতি করি শিখায়েছে তাঁরে
মুগ্ধ-বিলোকিত, নারি করিতে সন্নত
অধিজ্য আহিতবাণ এ ধনুঃ তা সবে।
বিদূষক। [ রাজার মুখের দিকে দৃষ্টিপাত করিয়া ]
ভাবি'ছেন অন্য কিছু, বয়স্য, আপনি।
অরণ্যে হইল হায় রোদন আমার!

রাজা। [ সস্মিত ]

কি আর ভাবিব অন্য ? নাতিক্রমণীয়

বাক্য সুহৃদের, আছি তাই দাঁড়াইয়া।

বিদূষক। চিরজীবী হ'ন, সখে, করি আশীর্ব্বাদ।

[ গমন করিতে ইচ্ছুক হইল ]

রাজা। সাবশেষ মম বাক্য তিষ্ঠ, সখে, হেথা।

বিদূষক। আদেশ করুন মোরে করিয়া করুণা।

রাজা। বিশ্রান্ত হইয়া তুমি হইবে সহায়

অনায়াসকর এক করমে আমার।

বিদূষক। মোদকের ভোজনে কি ? তা'হ'লে এজন

হইয়াছে সুগৃহীত।

রাজা। বলি (ব) যে বিষয়ে।

কে আছ হেথায় ?

[ প্রবেশ করিয়া ]

দৌবারিক। [প্রণাম করিয়া ] ভর্ত্তা, করুন আদেশ।

রাজা। কোথা সেনাপতি, রৈবতক ? ডাক তাঁরে।

দৌবারিক। করিলেন আজ্ঞা যাহা করিতেছি তাহা।

[ নির্গত হইয়া সেনাপতি সহ পুনঃ প্রবে করিয়া ]

আজ্ঞা প্রদানিতে ভর্ত্তা হইয়া উৎকণ্ঠ

রয়েছেন এই দিকে করি' দৃষ্টিপাত।

হে আর্য্য, সমীপে তাঁর করুন গমন।

সেনাপতি। [ রাজাকে অবলোকন করিয়া ]
দৃষ্ট হয় বহুদোষ সত্য মৃগয়ায়,
( কিন্তু ) হইয়াছে গুণপক্ষে (ই) প্রভুতে কেবল।
গিরিচর-গজ-সম নৃপতি দুষ্যন্ত
প্রাণসার কলেবর করেন ধারণ।
নিরন্তর ধনুর্গুণ করি আকর্ষণ
দেহের পূর্ব্বার্দ্ধ এঁর হয়েছে কর্কশ।
সহিতে সমর্থ দেহ রবির কিরণ।
স্বেদলেশ-শূন্য গাত্র অতীব শ্রমেও।
অপচিত অঙ্গ তবু দীর্ঘত্বে অলক্ষ্য।
[ সমীপে গমন করিয়া ]
হউক স্বামীর জয়! গৃহীতশ্বাপদ-
অরণ্য; কি হেতু অবস্থান অন্য স্থানে?

রাজা। মৃগয়ার অপবাদ দিয়া অতিশয়
মন্দোৎসাহ করিয়াছে মাঠব্য আমায়।

সেনাপতি। [ জনান্তিকে ]
স্থিরপ্রতিবন্ধ তুমি হও, প্রিয়সখে,
স্বামি-চিত্তবৃত্তি অনুবর্ত্তনিব আমি।
[ প্রকাশ্যে ]
বলুক প্রলাপ-বাক্য মহামূর্খ এই।
মৃগয়া শ্রেয়সী কিনা প্রভুই প্রমাণ।
মেদশ্ছেদ-কৃশোদর আর লঘু বপু

সরব করমে হয় উত্থান-সমর্থ।
সত্ত্বভয় ক্রোধজাত চিত্তের বিকার
জানা যায় তায়। ধনুর্ধরসমুদয়
নৈপুণ্যাতিশয় লভে চল-লক্ষ্য-ভেদে।
মৃগয়ায় লোকে বলে মিথ্যাই ব্যসন।
ঈদৃশ বিনোদ আর মিলয়ে কোথায়?

বিদূষক। [ কৃতক রোষের সহিত ]
প্রকৃতিস্থ ইনি। বন হতে বনান্তরে
ভ্রমিতে ভ্রমিতে তুমি পড়িবেক কোন
নরনাসিকা-লোলুপ-জীর্ণ-ঋক্ষ-মুখে।

রাজা। আছি মোরা, সেনাপতে, আশ্রম-সমীপে,
নারিনু সাদরে ল'তে তাই তব কথা।
মহিষনিকর অদ্য বিষাণের দ্বারা
মুহুর্মুহুঃ আলোড়িয়া নিপান-সলিল
যথেচ্ছ লভুক তত্র নিমজ্জন-সুখ।
তরুতলে দলে দলে স্থিত মৃগকুল
চর্ব্বিত-চর্ব্বণ সুখে করুক অভ্যাস;
করুক বরাহচয় মুস্তাক্ষতি সুখে
নির্ভয়ে পল্বলে; এবে লভুক বিরাম
শিথিলজ্যাবন্ধ এ(ই) ধনু ও মোসবার।

সেনাপতি। যা প্রভুর অভিরুচি হউক তাহাই।

রাজা। করুন নিবৃত্ত তবে বনগ্রাহিগণে
পূর্ব্বগত। করুন নিষেধ যোধচয়ে
তপোবন-পীড়া যাতে না জন্মায় তারা।
জানিবেন—শান্তিপর-তপোধনগণে
আছে দাহাত্মক তেজ অতিগূঢ়ভাবে ;
স্পর্শ-অনুকূল-সূর্য্যকান্ত-সম তাঁরা
অন্য-তেজে অভিভূত প্রকাশেন তাহা।

সেনাপতি। আদেশ করেন যাহা প্রভু মোসবার।

বিদূষক। ধ্বংস প্রাপ্ত হ'ক তব উৎসাহ বৃত্তান্ত !

[ সেনাপতি নিষ্ক্রান্ত ]

রাজা। [ পরিজনের দিকে দৃষ্টিপাত করিয়া ]
করহ তোমরা ত্যাগ মৃগয়ার বেশ।
( তুমিও ) স্বনিয়োগে, রৈবতক, দেহ অবধান।

পরিজন। আদেশ করেন দেব যেরূপ মোদের।

[ নিষ্ক্রান্ত ]

বিদূষক। করেছেন নির্ম্মক্ষিক এ স্থান আপনি।
বসুন আসনে এই পাদপচ্ছায়ায়
বিরচিতলতাচন্দ্রাতাপমনোহরা ;
যাবৎ আমিও সুখে হইব আসীন।

রাজা। অগ্রে চল, প্রিয় সখে।
আসুন আপনি।

উভয়ে। [ কিছুদূর গিয়া উপবিষ্ট হইলেন। ]

রাজা। হে মাঠব্য, অনবাপ্তচক্ষুঃফল তুমি ;
কারণ হেরনি তুমি বস্তু দর্শনীয়।
কেন ? আপনিত মম আছেন সম্মুখে।

রাজা। সকলে আত্মীয়ে হেরে কান্ত স্নেহ বশে ;
আশ্রমললামভূতা শকুন্তলায়
মনে করি বলিতেছি এ কথা তোমায়।

বিদুষক। [ স্বগত ]
ভাল ! আমি নাহি দিব উৎসাহ ইঁহারে।
[ প্রকাশ্যে ]
তাপসকন্যায় হেরি প্রার্থনা তোমার।

রাজা। নাহি হয় পরিহার্য্য বিষয়ে প্রবৃত্ত
পৌরবগণের মন, ওহে প্রিয়সখে।
সুরযুবতিসম্ভবা সেই মুনি কন্যা ;
পরিত্যক্তা পেয়ে কণ্ব পালিলেন তারে ?
নব মল্লিকাকুসুম বৃন্তশ্লথ যথা
অর্কোপরি হয়ে চ্যুত হয় হে প্রতীত
অরকপ্রসূন বলি, ওহে প্রিয়সখে।

বিদুষক। [ হাস্য করিয়া ]
সুমিষ্ট পিণ্ডখর্জ্জুরে হইয়া বিরত
তিন্তিড়ী ভক্ষণে যথা কেহ অভিলাষী,
( তথা ) স্ত্রীরত্নপরিভাবী এ তব অভ্যর্থনা।

রাজা । হের নাই তাঁরে তাই বলি'ছ এরূপ ।

বিদূষক । বিস্ময় জন্মায় যাহা আপনারো চিতে
নিশ্চয় নিশ্চয় তাহা হয় রমণীয় ।

রাজা । নাহি প্রয়োজন বহু বলিতে, বয়স্য ।
করিয়া অর্পিত চিত্রে বিধাতা ইঁহারে
দানিলা জীবন পরে ; কিংবা রূপোচ্চয়ে
নিরমিলা মনে মনে ; বিভুত্ব ধাতার,
আর তাঁর দেহ ভাবি' হয় মনে এই—
হন তিনি অন্যবিধ-স্ত্রীরতন-সৃষ্টি ।

বিদূষক । সর্ব্বরূপবতী-পরাভব তাহা হ'লে ।

রাজা । জাগিতেছে মনে মম ইহাই সতত :—
অনাঘ্রাত পুষ্প তথা কররূহালূন
কিসলয়, অনাবিদ্ধ রত্ন মনোহর,
নাস্বাদিত রস নব মধু সুমধুর,
সুকৃতনিচয় নোপভুক্ত-পুণ্য-সম
অনঘ-তদ্রূপ-ভোক্তা কোন্ জনে বিধি
ঘটা'বেন নাহি জানি এ জগ'মাঝারে ।

বিদূষক । করুন ইঁহারে ত্রাণ সেহেতু ত্বরায় ;
পতিত না হন যেন তিনি কোনরূপে
ইঙ্গুলী-চিক্কণ-শীর্ষ-ঋষি-হস্তে কোন ।

রাজা। পরাধীনা তিনি ; নাহি হেথা গুরুজন (ও)।

বিদূষক। তব প্রতি দৃষ্টিরাগ কিরূপ তাঁহার ?

রাজা। স্বভাবতঃ লজ্জাশীলা সে তাপসবালা ;
তাঁহার লোচন-পথে হইলে পতিত
অন্যতঃ ঈক্ষিত তাঁর হইল প্রেরিত,
অন্যহেতু হাস্যোদয় যেন হ'ল তাঁর ;
বিনয়বারিত-বৃত্তি অনুরাগ মোয়
না বিবৃত না সংবৃত, প্রিয় সখে মোর।

বিদূষক। দৃষ্টমাত্র তব অঙ্কে না পারে উঠিতে।

রাজা। শালীনা হ'লেও যবে করিনু প্রস্থান,
প্রকাশেন অনুরাগ স্পষ্ট (ই) তিনি তাঁর।
কারণ তন্বঙ্গী গিয়া কতিচিৎ পদ,
দর্ভাঙ্কুরে ক্ষত মম বলিয়া চরণ,
অকাণ্ডে হ'লেন তিনি গমন-বিরতা ;
বিটপিবিটপচয়ে হ'লে ও অসক্ত
করিছেন মুক্ত তাঁর উত্তরী ( য় ) বল্কল—
দাঁড়া'লেন এই ভাবে ফিরায়ে বদন।

বিদূষক। পথের সম্বল তবে করুন গ্রহণ ;
তপোবনে উপবন করেছেন হেরি।

রাজা কোন কোন তপোধন চিনেছেন মোরে

কর চিন্তা কোন্ ছলে আশ্রমে বারেক (৬)
গমন করিতে পারি, প্রিয় সখে মোর।

বিদূষক। কি অপর অপদেশ রাজা আপনার ?—
নীবারের ষষ্ঠভাগ দি'ন ঋষিগণ।

রাজা। অন্য ভাগধেয় যার হয় সমুদ্ভব
সংরক্ষণে ইঁহাদের,—অভিনন্দ্য তাহা
রতন রাশিও, মূর্খ, করি পরিত্যাগ।
দেখ যাহা লাভ হয় চতুর্ব্বর্গ হ'তে
নৃপ সকলের—বিনশ্বর সেই ফল,
আরণ্যকসমুদয় দানেন মো সবে
অনশ্বর, প্রিয়সখে, তপঃ-ষষ্ঠভাগ।

[ নেপথ্যে ]

( হন্ত ! ) হইয়াছে প্রয়োজন সিদ্ধ মোসবার।

রাজা। [ শ্রবণ করিয়া ]
সুধীর-প্রশান্তস্বর তাপস ইঁহারা।

[ প্রবেশ করিয়া ]

দৌবারিক। জয় হো'ক জয় হো'ক স্বামীর মোদের;
হয়েছেন উপস্থিত প্রতিহার-ভূমে
ঋষি কুমারকদ্বয়।

রাজা। আনহ তাঁদের।

দৌবারিক। তাঁদের দুজনে এই আনিতেছি আমি।

[ নিষ্ক্রান্ত হইয়া ঋষিকুমারকদ্বয়ের সহিত
প্রবেশ করিয়া ]

এই দিকে এই দিকে, মহাশয়দ্বয়।

উভয়ে। [ রাজাকে নিরীক্ষণ করিতে লাগিলেন ]

প্রথম। তেজস্বী হ'লেও অহো শরীর ইঁহার
অনুদ্বেগকর! কিংবা ঋষিগণ হ'তে
নাতিভিন্ন নরনাথে উপপন্ন ইহা।
কারণ ইনিও সর্ব্বভোগ্য আশ্রমেতে
করিছেন বাস, ইনিও পালন-যোগে
করি'ছেন প্রতিদিন তপঃ সমচয়।
( এই ) জিতেন্দ্রিয় রাজেন্দ্রের বৈতালিক গীত
রাজপূর্ব্ব ঋষিশব্দ পুণ্য প্রতিক্ষণ
পবন ভেদিয়া উঠি' স্পরশে গগন।

দ্বিতীয়। গৌতম, দুষ্যন্ত ইনি—বলভিৎসখ?

প্রথম। ইনি সেই নৃপতি দুষ্যন্ত।

দ্বিতীয়। তাহা হ'লে—

না ইহা বিচিত্র, একা ( কী ) এই নরপতি,—
নগরপরিঘপ্রায় অতিদীর্ঘবাহু,—
করেন পালন এই সমগ্র ধরিত্রী—
মহোদধিশ্যামসীমা; দৈত্যদলসহ

সক্তবৈর সুরগণ সংগ্রাম-মাঝারে,
দৌষ্যন্ত চাপেতে তথা পৌরুহূত বজ্রে,
বিজয়-কামনা সদা থাকেন করিয়া।

উভয়ে। [ সমীপে গমন করিয়া ]
করুন বিজয়লাভ আপনি রাজন্!

রাজা। [ আসন হইতে উঠিয়া ]
প্রণমি দোঁহায় আমি, মহাশয়দ্বয়।

উভয়ে। মঙ্গল হউক তব, পৌরব-গৌরব।
[ ফল উপহার দিলেন ]

রাজা। [ সপ্রণাম পরিগ্রহণ করিয়া ]
আদেশ শুনিতে এবে বাসনা আমার।

উভয়ে। আপনি আছেন হেথা—জ্ঞাত মুনিগণ;
প্রার্থিছেন আপনারে তাই তাঁরা সবে।

রাজা করিছেন কি আদেশ মুনিগণ মোরে?

উভয়ে। অসান্নিধ্য-হেতু হেথা মহর্ষি কণ্বের
উৎপাদিছে যজ্ঞবিঘ্ন রাক্ষসনিকায়;
কতিপয়রাত্র তাই সারথি-সহায়ে
হউক সনাথীকৃত আশ্রম, রাজন্।

রাজা। হইনু অনুগৃহীত, মহাশয়গণ।

বিদূষক। [ জনান্তিকে ]

অনুকূলা অভ্যর্থনা এই তব এবে।

রাজা। [ ঈষৎ হাস্য করিয়া ]

আমার বচনমতে বল সারথিরে,
রৈবতক, ধনুঃসহ আনুক হেথায়
স্যন্দন আমার।

দৌবারিক। যে আজ্ঞা করেন দেব।

[ নিষ্ক্রান্ত হইল ]

উভয়ে। [ সহর্ষে ]

পূর্ব্ব-অনুকারী তব যুক্তরূপ ইহা ;
আপন্ন-অভয়-সত্রে রত পৌরবেরা।

রাজা। [ সপ্রণাম ]

অগ্রে যান আপনারা, অনুপদে আমি।
জয় হো'ক, জয় হো'ক পুরুকুলপতে।

[ নিষ্ক্রান্ত ]

রাজা। ( মাঠব্য, ) শকুন্তলা-দরশনে আছে কৌতূহল ?

বিদূষক। প্রথমে সপরিবাহ আছিল ঔৎসুক্য ;
রাক্ষস-বৃত্তান্তে এবে বিন্দু নাহি আর।

রাজা। থাকিবে সমীপে মম, না হইও ভীত।

বিদূষক। হয়েছি রক্ষিত আমি রাক্ষস হইতে।

দৌবারিক। [ প্রবেশ করিয়া ]
অপেক্ষিছে সজ্জ রথ রাজাধিরাজের
বিজয় প্রস্থান। কিন্তু নগর হইতে
আসিয়াছে করভক দেবী আজ্ঞাহর।

রাজা। [ সাদরে ]
কি ? পাঠায়েছেন তারে জননী আমার ?

দৌবারিক। আজ্ঞা, রাজরাজেশ্বর।

রাজা। আন তারে হেথা।

দৌবারিক। তথা। [ নিষ্ক্রান্ত হইয়া করভকের সহিত প্রবেশ করিয়া ]
এই হেথা ভর্ত্ত, যাও ওঁর কাছে।

করভক। জয় হো'ক জয় হো'ক রাজাধিরাজের !
আদেশ দেবীর,—উপবাস-অন্তে মোর
আগামী চতুর্থ দিনে হইবে পারণা।
সে দিন দীর্ঘায়ুঃ বৎস আসিবে অবশ্য। ২৭০

রাজা। হেথায় তপস্বি-কার্য্য, গুরু আজ্ঞা তথা ;—
দু'টিই অলঙ্ঘনীয় ; কি করা কর্ত্তব্য।

বিদুষক। তিষ্ঠ ত্রিশঙ্কুর ন্যায় অন্তরালে এবে।

রাজা। সত্যই আকুলীভূত হইয়াছি আমি।

কৃত্যদ্বয় সমকালে হবে সম্পাদিতে
ভিন্ন দেশে, তাই দ্বৈধীভূত মন মম
পুরঃশৈলে প্রতিহত নদীস্রোতঃ যথা।
[ চিন্তা করিয়া ]
অম্বা তোমা লয়েছেন, সখে, পুত্ররূপে।
প্রতি গমনিয়া তুমি এই স্থান হ'তে,
তপস্বিগণের কার্য্যে ব্যস্তচিত্ত আমি—
আবেদিয়া ইহা কর পুত্রকৃত্য তাঁর।

বিদূষক। মোরে খলু না গণিও রক্ষোভীরু বলি'।

রাজা। [ সস্মিত ]
ভো মহাব্রাহ্মণ, ইহা সম্ভবে কেমনে ?

বিদূষক। যায় যথা রাজানুজ আমিও তেমতি।

রাজা। তপোবন উপরোধ পরিহরণীয়,
প্রেরিব সর্ব্বানুচরে তাই তব সনে।

বিদূষক। তবে এবে যুবরাজ হইলাম আমি।

রাজা। [ আত্মগত ]
চঞ্চল-প্রকৃতি এই ব্রাহ্মণ কুমার,
অন্তঃপুরে স্ত্রীমণ্ডলে পারে প্রকাশিতে
মম এ প্রার্থনা। ভাল, বলি এরে এই।
[ বিদূষকের হস্ত ধারণ করিয়া প্রকাশ্যে ]

ঋষিগণে ভক্তিবশে যাইব আশ্রমে।
নাহি সত্য অভিলাষ তাপস কন্যায়।
দেখ, সখে, বৃদ্ধিগত মৃগশাবসনে
পরোক্ষমন্মথ শকুন্তলাসমজন।
কোথায় ঈদৃশ জন মাদৃশ(ই) বা কোথা ?
পরিহাস বাক্য মম ধরোনা প্রকৃত।

বিদূষক। বুঝিয়াছি, হে বয়স্য, তব মনোভাব।

[ সকলে নিষ্ক্রান্ত হইল ]

দ্বিতীয় অঙ্ক সমাপ্ত।

# অভিজ্ঞানশকুন্তল

## তৃতীয় অঙ্ক।

[ তাহার পর যজমান-শিষ্য কুশ হস্তে প্রবেশ করিতেছেন। ]

শিষ্য। পার্থিব দুষ্মন্ত অহো মহা-অনুভাব !
আশ্রমে প্রবেশমাত্র রাজাধিরাজে
হয়েছে নিরুপদ্রব যজ্ঞ মোসবার।
নাহি প্রয়োজন কিছু বাণ সন্ধানের,
দূরি'ছেন দূর হ'তে বিঘ্নচয় তিনি
ধনুগুর্ণ শব্দদ্বারা(ই) হুঙ্কারের ন্যায়।
দানিব এ দর্ভচয় ঋত্বিক্‌নিচয়ে
বেদি সংস্তরণতরে। [ কিয়দ্দূর গমন করিয়া এবং অবলোকন করিয়া। প্রকাশ্যে ]
কার তরে এই
উশীর-অনুলেপন আর, প্রিয়ংবদে,
সমৃণাল পদ্মপত্র যাই'ছ লইয়া ?
[ শ্রুতি অভিনয় করিয়া ]

কি বলিলে, প্রিয়ংবদে? অতীব পীড়িতা
শকুন্তলা আজি, আতপলঙ্ঘনহেতু,
তাই তাঁর শরীরের তাপ শান্তিতরে?
যাও তবে ত্বরা। কুলপতি কাশ্যপের
জীবনস্বরূপা তিনি। আমিও প্রেরিব
শান্ত্যুদক এঁর তরে করে গৌতমীর।

ইতি বিষ্কম্ভক।

[ তদনন্তর কামযানাবস্থ রাজা প্রবেশ করিলেন ]

রাজা। [ নিশ্বাস ত্যাগ করিয়া ]
তপঃবীর্য্য জানি আমি, জানি পরবতী
সেই বালা। হয়েছি অক্ষম তবু আমি
তাঁহতে হৃদয় মম করিতে নিবৃত্ত।
[ মদনবাধা অনুভব করিয়া ]
ভগবন্ কুসুমায়ুধ, আর নিশাকর, ২০
এ দুই বিশ্বসনীয় কামিজনগণে
করিছেন প্রতারিত। কুসুমঘটিত
আপনার শর, ইন্দুরশ্মিসুশীতল,
এ উভয় অযথার্থ মোদের নিকট।
বরষেন অগ্নি চন্দ্র শীতল-ময়ুখে;
বজ্রসার আপনার (ও) হয় পুষ্পবাণ
ভগবন্ কামদেব, নাহি অনুক্রোশ
মমপ্রতি তব। হ'লেও কুসুমায়ুধ

কিরূপে হইল তব ঈদৃশী তীক্ষ্ণতা ?
[ চিন্তা করিয়া ]
হাঁ হাঁ বুঝিয়াছি আমি কারণ ইহার।
অদ্যাপি জ্বলিছে তোঁয় হরকোপবহ্নি,
যথা জ্বলে ঔর্ব্বানল সাগর মাঝারে।
অন্যথায়, হে মন্মথ, কেন হেন উষ্ণ
হয়েও ভস্মাবশেষ মাদৃশে আপনি।
[ কয়েক পদ অগ্রসর হইয়া ]
হয়েছে সংস্থিত কর্ম্ম, দানিলা বিদায়
সদস্যনিচয় মোয়, এবে কোথা করি
শ্রম-বিনোদন পরিশ্রান্ত এ আত্মার।
[ নিশ্বাস ত্যাগ করিয়া ]
প্রিয়াদরশনবিনা আর কি শরণ ?
তাঁরে করি অন্বেষণ। [ সূর্য্যের দিকে
দৃষ্টিপাত করিয়া ]
যান শকুন্তলা
মালিনী-তটিনী-তটে লতাকুঞ্জমাঝে
সখাজনসনে প্রায় এ রৌদ্রে প্রখর,
যাই এবে তথা আমি শ্রমবিনোদনে।
[ কিয়দ্দূর গমন করিয়া বায়ুস্পর্শ
অনুভব করিয়া ]
সুখসেব্য এই স্থান স্নিগ্ধ-বায়ু-হেতু।
মালিনী-শীকর-স্নিগ্ধ শীতল সমীর,—

পদ্ম-সুরভিত,—স্পর্শযোগ্য অবিরল
অনঙ্গ-সন্তপ্ত অঙ্গে। [ কিয়দ্দূর গমন করিয়া
অবলোকন করিয়া ]
বেতস-বেষ্টিত

এ লতামণ্ডপে সন্নিহিতা শকুন্তলা।
(কারণ) এই লতাকুঞ্জ-শ্বেত-সিকতিল-দ্বারে
রহিয়াছে অভিনব পদচিহ্নচয়।
অগ্রভাগ অগভীর পশ্চাৎ গভীর
সুস্থূলজঘনভারে সে চিহ্নচয়ের।
হেরি পত্রান্তরবর্ত্তী অবকাশ দিয়া।
[ কয়েকপদ অগ্রসর হইয়া বিলোকন করিয়া
সহর্ষে ]

নয়ন-নির্ব্বাণ অয়ে হ'ল মোর লাভ!
মনোরথ প্রিয়া মম আছেন শুইয়া
সকুসুম-আস্তরণ শিলাপট্টতলে;
করিছেন সেবা তাঁরে সখীদ্বয় তাঁর।
বিস্রম্ভকথিত আমি শুনিব এঁদের।
[ দাঁড়াইয়া নিরীক্ষণ করিতে লাগিলেন ]

[ তাহার পর যথোক্তব্যাপারা শকুন্তলা
সখীদ্বয়সহ প্রবেশ করিলেন। ]

সখীদ্বয়। [ বীজন করিয়া সস্নেহে ]

পদ্মপত্রবাত কিলো সুখকর, সখি ?

শকুন্তলা। করিছ বীজন কিগো সখীদ্বয় মোয় ?

সখীদ্বয়। [ বিষাদ অভিনয় করিয়া পরস্পরের দিকে
দৃষ্টিপাত করিতে লাগিলেন ]

রাজা। অতীব অসুস্থা হেরি শকুনতলায় ;
আতপ দোষ কি ইহা, অথবা যেরূপ
হ'তেছে আমার মনে ? [ চিন্তা করিয়া ]
অথবা সন্দেহে

নাহি প্রয়োজন। তাপ-উপসম-তরে
হয়েছে উশীর ন্যস্ত পীন-পয়োধরে,
হইয়াছে শিথিলিত মৃণাল-বলয় ;
হয়েছে সাবাধ এই প্রিয়ার শরীর,
তথাপি কেমন কিন্তু মধুরতাময় !
তুল্যতাপ উভয়েরি গ্রীষ্ম-কন্দর্পের,

যুবতী-বিষয়ে কিন্তু নহে গ্রীষ্মতাপ
সুভগ এরূপ কান্তিবরধনদ্বারা।

প্রিয়ংবদা। [ জনান্তিকে ]
প্রথম দর্শন হ'তে সেই রাজর্ষির
হইয়াছে শকুন্তলা কিছু পর্য্যুৎসুকা।
তন্নিমিত্ত এ আতঙ্ক নহে, অনসূয়ে ?

অনসূয়ে। ঈদৃশী আশঙ্কা মোরো হৃদয়ের, সখি।
হো'ক জিজ্ঞাসিব এরে। [ প্রকাশ্যে ]
হে সখি, তোমায়
কিছু জিজ্ঞাসিব আমি। সন্তাপ তোমার
অত্যন্ত অধিক।

শকুন্তলা। [ পূর্ব্বার্দ্ধ উত্তোলিত করিয়া পুষ্পশয্যা
পরিত্যাগ পূর্ব্বক ]
সখি, কি চাও বলিতে ?

অনসূয়া। মদন-রহস্য মোরা নাহি জানি কিছু,
হলা শকুন্তলে, ইতিহাস-নিবন্ধেতে
যাদৃশী অবস্থা শ্রুতা অনুরক্তাদের,
তাদৃশী তোমারো হেরি। কি নিমিত্ত বল

এ তব সন্তাপ। প্রতীকার-অনারম্ভ
নির্ণয় না হ'লে সখি, রোগের স্বরূপ।

রাজা। হইয়াছে অনুগত অনসূয়ার ও
মম এ সন্দেহ। নহে নিজ অভিপ্রায়ে
মম দরশন।

শকুন্তলা। [ আত্মগত ]
বলীয়ান্ হয় মম
আগ্রহাতিশয়! জিজ্ঞাসিলে (ও) এখনও
সহসা বলিতে নারি ইহা তাসবায়।

প্রিয়ংবদা। ভণিছে এ ভাল কথা, প্রিয়সখি মোর,
উপেক্ষিছ কেন তুমি আপন আতঙ্কে ?
প্রতিদিন হইতেছে কৃশ তব অঙ্গ।
কেবল লাবণ্যচ্ছায়া মুঞ্চেনি তোমায়।

রাজা। অবিতথ বলিয়াছে প্রিয়ংবদা এবে।
কারণ—আনন এঁর ক্ষামক্ষামগণ্ড,
বক্ষঃস্থল হইয়াছে দার্ঢ্যমুক্তস্তন।
মধ্যদেশ হইয়াছে ক্ষীণ অতিশয়,
হইয়াছে অংসদ্বয় প্রকামবিনত,

পাণ্ডুবর্ণা হইয়াছে অবয়বচ্ছবি।
দেখাইছে শোচ্যা আর প্রিয়দরশনা
মদন সন্তপ্তা এঁরে, পত্র-বিশোষণ-
সমীরণ-স্পৃষ্ট-অতিমুক্তলতা যথা।

শকুন্তলা। কা'কে বা বলিব আর, প্রিয়সখি মোর ;
কিন্তু এবে হ'ব আমি আয়াসদায়িনী।

উভয়ে। মোদের নির্ব্বন্ধ তাই হেতু-পরিজ্ঞানে।
স্নিগ্ধজন-সংবিভক্ত হ'লে দুঃখ, সখি,
সহজে বেদনা তা'র হয় সহনীয়া।

রাজা। সমদুঃখসুখজনপৃষ্টা এই বালা
মনোগত আধিহেতু না বলিবে নয়,
যদিও অনেকবার গ্রীবাভঙ্গে ইনি
করেছেন নিরীক্ষণ সতৃষ্ণ আমায়,
শুনিতে কাতর তবু হইতেছি এবে।

শকুন্তলা। যদবধি নিপতিত মম দৃষ্টিপথে
তপোবন-সংরক্ষক সেই রাজ-ঋষি,
তদবধি তাঁর প্রতি অভিলাষবশে
ঈদৃশী অবস্থা মম হইয়াছে, সখী!

রাজা। [ সহর্ষে ]
শুনিলাম শুনিলাম শুনিবার যাহা!
অনঙ্গই সন্তাপের কারণ আমার;
তপাত্যয়ে অর্দ্ধশ্যাম দিবস যেমতি
জীবলোক-তাপশান্তি করয়ে মুহূর্ত্তে,
হ'লেন তিনিই তথা শান্তিপ্রদ মোর।

শকুন্তলা। তবে যদি তোমাদের হয় অনুমত,
তাহা হ'লে কর তাহা যাহে হই আমি
অনুকম্পনীয়া ত্বরা সেই রাজর্ষির।
অন্যথা সিঞ্চিও দোঁহে মম তিলোদক।

রাজা। সংশয়চ্ছেদক এই বচন ইহাঁর।

প্রিয়ংবদা। [ জনান্তিকে ]
সুদূরপ্রসৃত, সখি, এর অনুরাগ;
অবস্থা ইহার নয় কাল-হরণের,
এ যাঁহায় অনুরক্তা—অলঙ্কার তিনি
পৌরবমণ্ডলে; যোগ্য অনুমোদনের
অতএব, অনসূয়ে, অভিলাষ এর।

অনসূয়া। ভণিছ তুমি যা', সখি, যথার্থ ই তাহা।

প্রিয়ংবদা। [ প্রকাশ্যে ]
সৌভাগ্যবিষয়, সখি, তব অনুরাগ
হইয়াছে অনুরূপ (ই)। বর্জ্জিয়া সাগর
অবতরে মহানদী কোথায় বা আর ?
কে করে বহন ভার মাধবী-লতার—
পল্লবিতা, প্রিয়সখি, বিনা সহকার ?

রাজা। বিশাখা শশাঙ্কলেখা অনুবর্ত্তে যদি—
বিস্ময়-বিষয় তা'য় কি আর আছয় ?

অনসূয়া। অবিলম্বে সংগোপনে সখী-মনোরথ
পূরাইতে পারি মোরা—আছে কি উপায় ?

প্রিয়ংবদা। সংগোপনে—চিন্তনীয়; সত্বর—সুকর।

অনসূয়া। কিরূপে কেমনে, সখি, বল তা আমায়।

প্রিয়ংবদা। অভিলাষ এর প্রতি হয়েছে সূচিত
স্নেহপূর্ণদৃষ্টিদ্বারা সেই রাজর্ষির।
দেখাইছে কৃশ তাঁয় প্রজাগর-হেতু
এ কয় দিবস।

রাজা। আমি সত্যই এরূপ ;—
( কারণ ) নিশি নিশি বিগলিত ভূজনিবেশিত
অপাঙ্গ হইতে, অন্তস্তাপে অশিশির
নেত্রনীরে হইয়া ক্ষালিত, বিবরণ
হইয়াছে মণিচয় যার, না স্পর্শিত
জ্যাঘাত-চিহ্নিত স্থান যাহা এ বাহুর,
কনকবলয় সেই হয় বিগলিত
মণিবন্ধন হ'তে বারংবার মোর,
সরাইয়া যথাস্থানে নিবেশি আবার।

প্রিয়ংবদা। [ চিন্তা করিয়া ]
লিখুক মদনলেখ শকুন্তলা তাঁয়।
দেবশেষ-অপদেশে করি' লুক্কায়িত
ফুলদলমাঝে, সখি, দিব করে তাঁর।

অনসূয়া। সুন্দর প্রয়োগ এই রুচিকর মোর।
কিন্তু কি ভণিছে প্রিয়সখী শকুন্তলা ?

শকুন্তলা। বিচারি প্রয়োগ কোন্ তোমাদোঁহাকার ?

প্রিয়ংবদা। তবে তব, প্রিয়সখি, ভাব-প্রকাশক
ললিত সংগীত এক করহ রচিত।

শকুন্তলা। ভাবিতেছি, কিন্তু অবজ্ঞানভীরু আমি,
হই'ছে কম্পিত তাই হৃদয় আমার।

রাজ। যাহা হ'তে প্রত্যাখান আশঙ্কিছ, ভীরু,
সমাগমপ্রার্থী হয় সেই জন তব।
যাচক লভিতে পারে নাও পারে লক্ষ্মী;
লক্ষ্মীর ইপ্সিত জন কেমনে দুরাপ।
যাহা' হ'তে করিতেছ, অয়ি করভোরু,
অসম্ভাবনীয়-অবজ্ঞা-আশঙ্কা স্বীয়-
প্রার্থনার, উপস্থিত সে প্রণয়োৎসুক।
জানিও, সুন্দরি, তুমি—কাহারে ও রত্ন
নাহি করে অন্বেষণ, লোকসমুদয়
অন্বেষণ করে কিন্তু সতত রতন।

সখীদ্বয়। আত্মগুণাবমানিনি, নিবারে অঞ্চলে
শরীরের শান্তিকরী শারদী কৌমুদী
কোন্ জন?

শকুন্তলা। [ ঈষৎ হাস্য করিয়া ]
হইলাম নিয়োজিতা এবে।
[ উপবিষ্টা হইয় চিন্তা করিতে লাগিলেন ]

রাজা। বিস্মৃত-নিমেষ-নেত্রে প্রিয়তমে মোর
করিতেছি সন্দর্শন—যুক্ত বটে ইহা।
কারণ—রচনাকালে পদের প্রিয়ার
একটী ভ্রূলতা হইয়াছে উন্নমিতা,
হইয়াছে কণ্টকিত কপোল তাঁহার,
আনন তাঁহার মোয় প্রকাশিছে তাহে
গাঢ় অনুরাগ তাঁর স্পষ্ট অতিশয়।

শকুন্তলা। গীত বস্তু মোর, সখি, হয়েছে চিন্তিত,
নহে সন্নিহিত পুনঃ লেখন-সাধন।

প্রিয়ংবদা। শুকোদর-সুকুমার এই পদ্মপত্রে
করহ নিক্ষিপ্তবর্ণ কররুহ দিয়া।

শকুন্তলা। [ যথোক্ত করিয়া ]
সঙ্গতার্থ হ'ল কিনা শুন, সখীদ্বয়।

উভয়ে। দানিয়াছি অবধান, ওহে প্রিয়সখি।

শকুন্তলা। [ পাঠ করিতে লাগিলেন ]
নির্ঘৃণ, হৃদয় তব জানিনা কেমন,
তব সঙ্গমোৎসুক এই অঙ্গ মম
করিছে সন্তপ্ত অতি অহর্নিশ কাম।

রাজা। [ সহসা গমন করিয়া ]

সন্তাপিছে নিরন্তর মদন তোমায়,
দগ্ধিছে আমায় কিন্তু, অয়ি অনুগাত্রি।
দিবসে যেরূপ গ্লানি হয় শশাঙ্কের,
না হয় কুমুদিনীর গ্লানি সেইরূপ।

সখীদ্বয়। [ সহর্ষে ]

অবিলম্বি-মনোরথ-শুভ-আগমন!

শকুন্তলা। [ সভয়ে আত্মগত ]

হইয়া উৎকণ্ঠিতা পূর্বের ন্যায়
বলি'ছনা, হে হৃদয়, কেন এবে তথা?
[ উঠিতে ইচ্ছা করিলেন ]

রাজা। নাহি নাহি প্রয়োজন আয়াসাতে তব।
কুসুম-শয়ন ম্লান সংঘর্ষণে যার,
আশুক্লান্ত হইতেছে বিসভঙ্গচয়
করিয়া সুরভি যা'য়,—তাদৃশ তোমার
গুরু-পরিতাপ গাত্র নাই উপচারে।

অনসূয়া। শিলাতল-একদেশে বসুন, বয়স্য।

শকুন্তলা। [ সেই স্থান হইতে সরিয়া গেলেন ]

রাজা [ উপবেশন করিয়া ]
হইয়াছে উপশম কিঞ্চিৎ কি এবে
আপনসবার সখী-শরীর-সন্তাপ ?

প্রিয়ংবদা। [ ঈষৎ হাস্য করিয়া ]
ঔষধ-লাভেতে এবে হ'বে উপশম।

শকুন্তলা। [ সলজ্জভাবে রহিলেন ]

অনসূয়া। [ জনান্তিকে ]
হের হের, প্রিয়ংবদে, ক্ষণে ক্ষণে যেন
পড়ি'ছেন প্রিয়সখী হইয়া মূর্চ্ছিতা,
গ্রীষ্মে মেঘবাতাহতা ময়ূরীর প্রায়।

প্রিয়ংবদা। অন্যোন্যানুরাগ দোঁহাকার, মহাভাগ,
প্রত্যক্ষ আমার, সখীস্নেহ কিন্তু মোরে
করি'ছে পুনরুক্তবাদিনী, হে রাজন্।

রাজা। বিবক্ষিত যাহা, ভদ্রে, নহে পরিহার্য্য,
অনুক্ত রহিলে তাহা জন্মে অনুতাপ।

প্রিয়ংবদা। আপন্ন-বিষয়বাসি-সন্তাপহরণ—
রাজধর্ম্ম ইহা।

রাজা। শ্রেষ্ঠতর আর কিছু
নাহি ইহা হ'তে।

প্রিয়ংবদা। মোদের এ প্রিয়সখী
হয়েছে আনীতা এবে এই অবস্থায়
মদনকর্ত্তৃক হায় আপনার তরে।
উচিত উচিত তব করিয়া করুণা
রক্ষিতে জীবন এর, পৌরব-গৌরব।

রাজা। সাধারণ এ প্রণয় শুন শুন, ভদ্রে।
হইনু অনুগৃহীত এ প্রস্তাবে তব।

শকুন্তলা। [ প্রিয়ংবদার দিকে দৃষ্টিপাত করিয়া ]
অন্তপুরস্ত্রীবিরহে পর্য্যুৎসুক এই
রাজর্ষির উপরোধে কিবা ফলোদয়?

রাজা। যে হৃদয় সন্নিহিতে, মদিরা-ঈক্ষণে,
অনন্যপরায়ণ এ হিয়া যদি মম
অন্যথা করহ মনে, তা হলে একেত
কামবাণে হত আমি হত পুনরায়।

অনসূয়া। শুনেছি বহুবল্লভ হ'ন রাজগণ,
যাহে এই প্রিয়সখী নাহি হ'ন কভু
বন্ধুজনশোচনীয়া,—করিবেন তাহা।

রাজা। কি আর কি আর, ভদ্রে, বলিব অধিক,—
পরিগ্রহ-বহুত্বেও, সমুদ্র বসনা
উর্ব্বী, আর এই সখী তোঁহাদোঁহাকার,—
বংশের প্রতিষ্ঠা হেতু এ উভয়ে মোর।

উভয়ে। হইলাম সুখী মোরা, রাজরাজেশ্বর।

শকুন্তলা। নির্জ্জনে মর্য্যাদা মোরা করি' অতিক্রম
বলেছি যে সব কথা, তার তরে, সখি,
'করহ ক্ষমা-প্রার্থনা লোকপাল-কাছে।

সখীদ্বয়। [ হাস্য করিয়া ]
অতিক্রমি' বলিয়াছে যে জন মর্য্যাদা,
প্রার্থনা করুক ক্ষমা সে জনই, সখি।
কি ক্ষতি আছয়ে তা'য় বল অপরের?

শকুন্তলা। পরোক্ষে লোকের কিবা কে না থাকে বলি?
ক্ষমিবেন অবশ্যই রাজা সহি' ইহা।

রাজা। [ ঈষৎ হাস্য করিয়া ]
পারি অপরাধ এই ক্ষমিতে, রম্ভোরু,—
যদি মোরে দেহ স্থান বলিয়া আত্মীয়
একদেশে তব এই কুসুমাস্তরণে,—
তব-অঙ্গ-সঙ্গ-পূত পরিতাপহারী।

প্রিয়ংবদা। [ সোপহাসে ]
হ'বেন কি মহারাজ শুধু তুষ্ট এতে (ই) ?

শকুন্তলা। বিরম, রে দুর্ল্লিতে, এ অবস্থা মোর,
করি'ছ আবার তা'য় পরিহাস মোয় ?

প্রিয়ংবদা। [ দৃষ্টিপাত করিয়া ]
অন্বেষিছে সমুৎসুক মৃগপোত ওই
দত্তদৃষ্টি এই দিকে মাতারে তাহার,
লই এরে তার কাছে এস, অনসূয়ে।

উভয়ে। [ প্রস্থানের উদ্যোগ করিলেন ]

শকুন্তলা। অশরণা আমি, এস কেহ তোমাদের।

উভয়ে। পৃথিবী-শরণ যিনি তিনি তব কাছে।

[ প্রস্থান ]

শকুন্তলা। (কি ?) সত্য সত্য চলি' গেল প্রিয়সখীদ্বয়।

রাজা। আবেগের নাহি প্রয়োজন। রহিয়াছে
এ সেবক সমীপেতে তব। সুশীতল,
ক্লমহর পদ্মদলতালবৃন্ত দিয়া
করিব কি সঞ্চালিত আর্দ্র সমীরণ ?
অথবা, হে করভোরু, পদ্ম-আলোহিত
চরণযুগল তব স্থাপি' অঙ্কে মম
করিব কি মরদন যথা সুখে এবে ?

শকুন্তলা। করিব না অপরাধী আত্মায় আমার
মাননীয়-জন হ'তে গ্রহণিয়া সেবা।
[ উঠিয়া যাইতে ইচ্ছা করিলেন ]

রাজা। অনির্বাণ, হে সুন্দরি, দিবস এখনো।
তাহে তব শরীরের এ অবস্থা এবে।
যথায় নলিনী দলে হয়েছে কল্পিত
স্তন-আবরণ,—ত্যজি সে কুসুম-শয্যা
পরিবাধা-কৃশ-অঙ্গে যাইব কেমনে
আতপ-মাঝারে দূরে কুটীর তোমার ?
[ বলপূর্ব্বক তাঁহাকে গমন হইতে নিবৃত্তা করিলেন ]

শকুন্তল। রক্ষ রক্ষ অবিনয় বলি, হে পৌরব,
হ'লেও মদনতপ্তা নহিক স্বাধীনা।

রাজা। ধিক্ ধিক্ হইলাম বড়ই লজ্জিত!

শকুন্তলা। বলি নাই কোন কথা নরেশেরে আমি,
করিতেছি নিন্দা শুধু দৈবেরে নিজের।

রাজা। অনুকূলকারী হয় দৈব ত তোমার,
করিতেছ নিন্দা কেন তবে হে দৈবেরে?

শকুন্তলা। কেন করিবনা নিন্দা? করি'ছে লোভিতা
অধীরা করিয়া মোরে দৈবই আমায়।

রাজা। [ স্বগত ]
থাকিলেও ঔৎসুক্য যে কুমারীগণ
বল্লভের প্রার্থনায় হয় প্রতিকূলা,
করিলেও পরস্পর আলিঙ্গনাকাঙ্ক্ষা
স্বীয়-অঙ্গ-প্রদানেতে হয় রে কাতরা;
অতএব অবসরে পীড়িতা মদনে;
মদনেরে (ও) পীড়া দেয় কালক্ষেপহেতু।

শকুন্তলা। [ গমনোদ্যতা হইলেন। ]

রাজা। নিজের প্রিয়সাধন কেন নাহি করি?

[ এই বলিয়া নিকটে যাইয়া শকুন্তলার বস্ত্রাঞ্চল
ধারণ করিলেন। ]

শকুন্তলা। রক্ষ রক্ষ অবিনয় বলি, হে পৌরব,
করিছেন চতুর্দ্দিকে ঋষিরা ভ্রমণ।

রাজা। না করিও, অয়ি ভীরু, গুরুজনভয়,
বিদিতধরমা সেই কণ্ব—কুলপতি,
নাহি লইবেন তিনি এ বিষয়ে দোষ।
রাজর্ষি-কন্যকাবহু গান্ধর্ব্ব-বিধানে
হয়েছেন পরিণাতা—শুনিয়াছি আমি,
পিতৃগণ-অনুমত হইয়াছে তাহা।
সাবিত্রী-শর্ম্মিষ্ঠা-দেবযানী-উপাখ্যান—
প্রমাণ ইহার, শুন শুন, হে সুন্দরি।
[ চতুর্দ্দিকে অবলোকন করিয়া ]
আসিয়া পড়িনু আমি পরকাশ্য স্থানে।
[ ইহা ভাবিয়া শকুন্তলাকে পরিত্যাগ কয়িয়া,
সেই পদন্যাসেই লতাগৃহে প্রবেশ করিলেন ]

শকুন্তলা। [ সেই পদক্ষেপেই প্রত্যাবর্ত্তন করিয়া
অঙ্গভঙ্গের সহিত ]

না করিলেও, পৌরব, ইচ্ছার পূরণ,
বিস্মৃত না হইবেন এই অভাগীরে—
পরিচিতা তব সনে সম্ভাষণমাত্রে।

রাজা। করিলেও দূরে তুমি গমন, সুন্দরি,
পারি'ছনা ত্যজিতে হে হৃদয় আমার,
দিবা-অবসানকালে যেমতি হে ছায়া
নাহি করে পরিত্যাগ বনস্পতিমূল।

শকুন্তলা। [ কিয়দ্দূর গমন করিয়া ]
হা ধিক্ হা ধিক্! ইহা করিয়া শ্রবণ,
না হই'ছে অগ্রসর আমার চরণ।
তবে এই কুরুবক-বন-অন্তরালে
অবস্থিতি করি' হেরি ভাব-অনুবন্ধ,
অনুরাগ আর যত রাজাধিরাজের।
[ তদ্রূপে অবস্থিতি ]

রাজা। তব অনুরাগ-রসে রসিক এ জনে
করি' পরিত্যাগ কেন, ওহে প্রিয়তমে,
নিস্পৃহ-মানসে তুমি চলিলে অন্যত্র?
কি নিষ্ঠুর হিয়া তব, ওহে শকুন্তলে!

একান্তই গেলে চলি' বিষাদ-সাগরে
করি' মোরে নিমগন? হয় নাই কভু
সংঘটিত তব সনে গাঢ় আলিঙ্গন,
( এবং ) নবনীত সুকোমল অবয়ব তব,
অবস্থিত চিত্ত কিন্তু সেই মৃদু দেহে—
শিরীষবন্ধনসম কেন গো কঠিন?

শকুন্তলা। গমনে অক্ষমা আমি শুনিয়া এ কথা।

রাজা। থাকি বা কি করি এবে এ লতামণ্ডপে—
প্রিয়াশূন্য? [ অগ্রভাগে দৃষ্টিপাত করিয়া ]
হইলরে ব্যাহত গমন।
পুরোভাগে নিপতিত মৃণালবলয়,—
হৃদয়নিগড়সম মম সে প্রিয়ার,—
সংক্রান্ত-উশীর-গন্ধ, মনিবন্ধভ্রষ্ট।
[ সাদরে তুলিয়া লইলেন ]

শকুন্তলা। [ হস্ত দর্শন করিয়া ]
দৌর্ব্বল্য-শৈথিল্য-হেতু মৃণালবলয়
পরিভ্রষ্ট হস্ত হ'তে—অবিজ্ঞাত মম!

রাজা। [ সেই মৃণাল বক্ষঃস্থলে স্থাপন করিয়া ]
অহো ! কিবা সুখস্পর্শ মৃণাল বলয়।
কমনীয় ভুজস্থল ত্যজিয়া তোমার,
এই স্থানে অবস্থিত লীলা-আভরণ,
হইয়াও অচেতন, দানিলা আশ্বাস
এ দুঃখিত জনে, কিন্তু, হে পাষাণময়ি,
হইয়াও সচেতন করিলেনা তাহা ?

শকুন্তলা। করিতে বিলম্ব আর অসমর্থা আমি,
পুনঃ দেখা দিব তবে এই ছলে তাঁরে।
[ এই বলিয়া সমীপে গমন করিলেন ]

রাজা। [ সহর্ষে অবলোকন করিয়া ]
আসিলেন পুনঃ অয়ে প্রাণেশ্বরী মম।
দৈবপ্রসন্নতাহেতু বিলাপান্তে মোর
হইয়াছি প্রাপ্ত আমি প্রিয়ারে আমার,
পিপাসায় শুষ্ককণ্ঠ চাতক যেমনি
করিল প্রার্থনা বারি,—অমনি তখনি
(নি) পাতিত করিল বারি নবীন নীরদ।

শকুন্তলা। [ রাজার সম্মুখে অবস্থিতি করিয়া ]
হইল স্মরণ, আর্য্য, অর্দ্ধপথে মম,
হইয়াছে পরিভ্রষ্ট মৃণালবলয়
হস্ত হ'তে মোর, তাই আসিনু ফিরিয়া।
বলিছে হৃদয় মম—লয়েছেন তাহা
আপনিই, মহারাজ, করুন প্রদান
সত্বর আমায় তাহা, হইলে বিলম্ব
পড়িবে প্রকাশ হ'য়ে মুনিগণকাছে।

রাজা। একটী অভিসন্ধিতে দিব ফিরাইয়া।

শকুন্তলা। কিবা সেই অভিসন্ধি, রাজরাজেশ্বর ?

রাজা। পরাইয়া দিতে দাও আমাকেই যদি
যথাস্থানে, তাহা হ'লে দিব ফিরাইয়া।

শকুন্তলা। কি করিব আর, হো'ক, দি'ন পরাইয়া।
[ এই কথা বলিয়া রাজার সমীপে গমন ]

রাজা। আইস উভয়ে বসি শিলাপট্টে এই।
[ উভয়ের উপবেশন ]
[ শকুন্তলার হস্ত ধারণ করিয়া ]

অহো স্পর্শ ! অহো স্পর্শ ! হর-কোপানলে
দগ্ধ হ'লে কাম, করি' অমৃত-বর্ষণ
উৎপাদিলা দেবগণ প্ররোহ এ তা'র ?

শকুন্তলা । [ স্পর্শসুখ অনুভব করিয়া ]
শীঘ্র শীঘ্র, আর্য্য-পুত্র দিন পরাইয়া ।

রাজা । [ সহর্ষে আত্মগত ]
বিশ্বাসের পাত্র এবে হইলাম আমি,
আভাষণপদ এই ভর্ত্তার নারীর ।
[ প্রকাশ্যে ]
পরাইতে পারি নাই উত্তমরূপেতে
মৃণাল বলয় এই, হে সুন্দরি, তব !
হয় যদি, হে সুন্দরি, তব অভিমত,
তাহা হ'লে ভালরূপে করি সংঘটিত ।

শকুন্তলা । [ ঈষৎ হাস্য করিয়া ]
অভিরুচি যথা তব, রাজরাজেশ্বর ।

রাজা। [ সব্যাজে বিলম্ব করিয়া পরাইয়া দিয়া ]
হের হের, হে সুন্দরি!—ত্যজিয়া অম্বর
( এই ) সেই নব নিশাকর, বিশেষ শোভার্থে,
শ্যামলতামনোহর এই করে তব,
মৃণালবলয়রূপে করি আগমন,
হইয়াছে সম্মিলিত উভয়কোটিতে
কুণ্ডল-আকার, হের, করিয়া ধারণ।

শকুন্তলা। না হেরি মৃণালরূপ নিশাকরে তব ;
পবন কম্পিত-কর্ণোৎপল রেণুজালে
হইয়াছে কলুষিত নেত্র কিন্তু মোর।

রাজা। [ ঈষৎ হাস্য করিয়া ]
অনুমতি হয় যদি, বদন মারুতে
তাহা হ'লে পরিষ্কার করি' দিব আমি।

শকুন্তলা। অতিশয় উপকৃতা হ'ব তাহা হ'লে,
তাদৃশ বিশ্বাস কিন্তু নাহি তব (উ)পরি

রাজা। তাহা নয়, হে সুন্দরি! করিবেনা কিছু (ই)
প্রভু-আজ্ঞা-অতিরিক্ত তব নব দাস।

শকুন্তলা। অতিশয় এ আদর (ই) অবিশ্বাসহেতু।

রাজা। [ স্বগত ]
এইরূপ রমণীয় সেবা-অবসর
করিব না করিব না কদাপি শিথিল।
[ মুখ উত্তোলন করিতে প্রবৃত্ত ]

শকুন্তলা। [ তাহা নিবারণ করিয়া ক্ষান্তা হইলেন ]

রাজা। অস্মদবিনয়াশঙ্কা করিও না কভু,
মদিরা-ঈক্ষণে অয়ি!—বলিতেছি তোমা।

শকুন্তলা। [ ঈষৎ অবলোকন করিয়া ব্রীড়াবনতমুখী
হইয়া রহিলেন। ]

রাজা। [ অঙ্গুলি দ্বারা মুখ তুলিয়া আত্মগত ]
অপরিক্ষত-কোমল প্রিয়ার অধর,—
পিপাসিত আমি বলি' স্ফুরিত সুচারু,—
প্রদানিছে অনুমতি যেন রে আমারে!

শকুন্তলা। হয়েছেন, আর্য্যপুত্র, অসমর্থ যেন
কর্ণোৎপলরেণু-পরিজ্ঞানে নয়নের।

রাজা। কর্ণোৎপল সন্নিকর্ষহেতু, হে সুন্দরি,
হইতেছি দরশনে অসমর্থ আমি।
[ মুখমারুত দ্বারা চক্ষুঃ সেবা করিতে লাগিলেন ]

শকুন্তলা। হইয়াছে স্বাভাবিক নেত্র এবে মোর।
আমার প্রিয় সাধন করি'ছেন এত,
আর্য্যপুত্র, আমি কিন্তু হয়েছি অক্ষমা
করিতে কিছুই তাঁর প্রতি-উপকার,
হ'তেছি লজ্জিতা বড়(ই) আমি সে কারণ।

রাজা। কি অন্য প্রিয়সাধন করিবে, সুন্দরি?
করেছি আঘ্রাণ তব সুরভি যে মুখ,—
উপকৃতি-পক্ষে মোর তাহাই প্রচুর,
গন্ধমাত্রে কমলের তুষ্ট মধুকর!

শকুন্তলা। [ ঈষৎ হাস্য করিয়া ]
হইলেই অসন্তুষ্ট করিবে বা সে কি?

রাজা। করিবেক এই রূপ হের, হে সুন্দরি!
[ এই কথা বলিয়া মুখচুম্বনে উদ্যত হইলেন ]

শকুন্তলা [ বক্ত্র ঢাকিতে চেষ্টা করিলেন ]

নেপথ্যে।

চক্রবাক বধু, লহ লহ হে বিদায়
সহচর-কাছে, সমাগতা নিশিথিনী।

শকুন্তলা। [ সসম্ভ্রমে ]
শরীর-বৃত্তান্ত মম জানিবারে হেথা ( ই )
আসিছেন অসংশয় আর্য্যা গোউতমী।
তাবৎ বিটপান্তরিত হো'ন, আর্য্যপুত্র !

রাজা। তাহাই হউক তবে, তাহাই হউক !
[ আপনাকে আবৃত করিয়া রহিলেন ]
[ তৎপরে পাত্রহস্তা গৌতমী ও সখীদ্বয়
প্রবেশ করিলেন ]

সখীদ্বয়। এই পথে এই পথে, হে আর্য্যে গৌতমি

গৌতমী। [ শকুন্তলার নিকট গিয়া ]।
হয়েছে কি অঙ্গ তব লঘু সনতাপ ?

শকুন্তলা। গাত্রের সন্তাপ মম কমিয়াছে কিছু।

গৌতমী। হইবেক নিরাবাধ শরীর তোমার
এই দর্ভোদকে। [ শকুন্তলার মস্তকে জল
ছিটাইয়া দিয়া ]
হইয়াছে পরিণত
দিবস এখন, এস যাই উটজেতে।
[ প্রস্থিতা ]

শকুন্তলা। [ আত্মগত ]
অনায়াসে, হে হৃদয়, লভিলে হে যবে
মনোরথবিষয় সে(ই) রাজরাজেশ্বরে,
না মুঞ্চিলে কাতরতা লজ্জায় তখন।
সাম্মুখ্যে তাহা হ'তে হয়ে বিঘটিত
হ'তেছে সন্তপ্ত তুমি কেন হে এক্ষণে?
[ দুই এক পদ গমন করিয়া। প্রকাশ্যে ]
বিদায় বিদায় এবে, হে লতাবলয়,
সন্তাপহারক মম, আবার আবার
পরিভোগতরে তোমা আসিব হেথায়।
[ অনসূয়া প্রভৃতির সহিত শকুন্তলা দুঃখে
নিষ্ক্রান্ত হইলেন ]

রাজা। [ পূর্ব্বস্থানে গমন করিয়া নিশ্বাস ত্যাগপূর্ব্বক ]
অহো! অহো! কত বিঘ্ন প্রার্থিতসিদ্ধিতে।
পক্ষ্মল অক্ষীর আমি বার বার বার
অঙ্গুলি-আবৃত-ওষ্ঠ, প্রতিষেধাক্ষরে
ব্যাকুল-সুন্দর, অংশ পরাবৃত্ত মুখ
উঠাইনু কোন রূপে কিন্তু না চুম্বিনু।
কোথা এবে যাই আমি। অথবা মুহূর্ত্ত
প্রিয়াপরি ভুক্তমুক্ত এ লতাবলয়ে
করি অবস্থান। [ সর্ব্বতঃ অবলোকন করিয়া ]
রহিয়াছে শিলাতলে
শরীর-লুলিতা তাঁর শয্যা পুষ্পময়ী,
রহিয়াছে শুষ্কপ্রায় এ মদন-লেখ—
অর্পিত নলিনী পত্রে কররুহ দিয়া।
আছয়ে পতিত এই বিস-আভরণ
হস্তভ্রষ্ট তাঁর, এরূপে আকৃষ্ট চক্ষু
প্রিয়াহীন এ বেতস-গৃহ হ'তে আমি
সহসা নির্গত হ'তে হ'তেছি অশক্ত।

আকাশে।

হে রাজন্, আরব্ধ হ'লে যজ্ঞ সায়ন্তন,

যজন বেদির এই হুতাশনবতী
পরিতঃ প্রযস্ত, মহাভয়প্রজনক,
সন্ধ্যাপয়োদকপিশ রক্ষঃ নিকায়ের
প্রতিবিম্বচয় বিচরিছে বহুধায়।

রাজা। আসিতেছি আসিতেছি এই আমি এবে।

[ নিষ্ক্রান্ত ]

তৃতীয় অঙ্ক সমাপ্ত।

# অভিজ্ঞানশকুন্তল

## চতুর্থ অঙ্ক।

### বিষ্কম্ভক।

[ তৎপরে কুসম অবচয় করিতেছে এরূপ
সখীদ্বয়ের প্রবেশ ]

অনসূয়া। যদিও গান্ধর্ব্বমতে, ওহে প্রিয়ংবদে,
নির্ব্বৃত্ত-কল্যাণা প্রিয়সখী শকুন্তলা
লভেছেন যোগ্য স্বামী, হিয়া মোর তায়
হয়েছে সুখিত, তবু চিন্তনীয় ইহা।

প্রিয়ংবদা। কি তাহা, হে সখি, বল মোরে বিবরিয়া।

অনসূয়া। দানিলা বিদায় অদ্য সেই রাজর্ষিরে
যজ্ঞশেষে ঋষিগণ; প্রবেশি' স্বপুরে
অন্তঃপুর সমাগত হয়ে নৃপবর
স্মরিবেন কি না এই আশ্রম বৃত্তান্ত।

প্রিয়ংবদা। হ'য়ো না উদ্বিগ্না, সখি, না হয় তাদৃশ
আকৃতি বিশেষ কভু গুণের বিরোধী।
জানি না কি করিবেন তাত ইহা শুনি'।

অনসূয়া। দেখিতেছি যে প্রকার—তাহে হ'বে তাঁর
অনুমত, প্রিয়ংবদে।

প্রি ! কি রূপে, হে সখি?

অনসূয়া গুণবান্ পাত্রে কন্যা প্রতি পাদনীয়া,—
প্রথম সঙ্কল্প ইহা। যদি দৈব (ই) তাহা
করে সম্পাদন, তাহা হলে গুরুজন
অপ্রয়াসে, প্রিয়ংবদে, হ'লেন কৃতার্থ।

প্রিয়ংবদা। [পুষ্পভাজনের দিকে দৃষ্টিপাত করিয়া]
বলিকর্ম্ম যোগ্য পুরুষ অবচিত, সখি।

অনসূয়া। প্রিয়সখী শকুন্তলা সৌভাগ্য-দেবতা
হইবে অর্চ্চিতে কিন্তু।

প্রিয়ংবদা। উপযুক্ত বটে।
[উভয়ে সেই কার্য্য অর্থাৎ পুষ্পচয়ন আরম্ভ করিল]

নেপথ্যে।

কে আছ, কে আছ হেথা? উপস্থিত আমি।

অনসূয়া। [শ্রবণ করিয়া]
অতিথি-বাক্যের ন্যায় শুনা যায় ওই।

প্রিয়ংবদা। সন্নিহিতা শকুন্তলা উটজেতে, সখি।
[আত্মগত]
নাহি নাহি হিয়া তার অদ্য কিন্তু হেথা।

অনসূয়া। অধিক কুসুমে আর নাহি প্রয়োজন।
[উভয়ের প্রস্থান]

নেপথ্যে।

( আঃ ! ) অতিথিপরিভাবিণি, অনন্যচিত্তেতে
হইয়া নিমগ্না তুমি চিন্তায় যাহার,
উপস্থিত তপোধন অবজ্ঞিলে মোরে,
বোধিত ও সেইজন না স্মরিবে তোমা
প্রমত্ত-প্রথম-উচ্চারিত-কথা-সম।

প্রিয়ংবদা। হা ধিক্ ! হা ধিক্ ! কি অপ্রিয় ঘটিল রে !
হ'ল অপরাদ্ধা কোন পূজার্হের কাছে
শূন্য হিয়া-শকুন্তলা।
[ পুনর্ব্বার অবলোকন করিয়া ]
নহে যে সে জন।
ইনি সে সুলভ কোপ মহর্ষি দুর্ব্বাসা ;
দিয়া শাপ তথা, বেগবল-উৎফুল্ল-
দুর্ব্বারগতিতে প্রতিগত, প্রিয়সখি।
অগ্নি ভিন্ন কেবা অন্য সমর্থ দহিতে ?

অনসূয়া। যাও, সখি, যাও যাও, আন ফিরাইয়া
চরণে পড়িয়া তাঁর, আমিও যাবৎ
অর্ঘ্যোদক, প্রিয়ংবদে, করি আহরণ।

প্রিয়ংবদা। তাহাই তাহাই, সখি, করিতেছি আমি।
[ নিষ্ক্রান্তা ]

অনসূয়া। [ পদান্তরে পদস্খলিতা হইয়া ]
চরণে আঘাত লাগি' আবেগে গমনে
পতিত পুষ্পভাজন কর হ'তে মোর।
[ পুষ্পোচ্চয় করিতে লাগিল ]
[ প্রবেশ করিয়া ]

প্রিয়ংবদা স্বভাব-কুটিল তিনি, ওহে প্রিয়সখি,
কা'র অনুনয় হায় করেন গ্রহণ ?
কিন্তু কিছু সানুক্রোশ করিয়াছি তাঁয়।

অনসূয়া। [ ঈষৎ হাস্যের সহিত ]
ইহাই যথেষ্ট, সখি, নিকটে তাঁহার।
বল বল কিবা কথা হ'ল তাঁর সনে।

প্রিয়ংবদা। নিবৃত্ত হইতে যদা না ইচ্ছিলা ঋষি,
নিবেদিনু তদা আমি. "ওহে ভগবন্,
প্রথম এ অপরাধ করি' বিবেচনা,
'অবিজ্ঞাত' তপস্যার প্রভাব যে জন,—
অপরাধ তা'র এক হইবে ক্ষমিতে।"

অনসূয়া। তারপর তারপর বল, প্রিয়সখি।

প্রিয়ংবদা তারপর, "মম বাক্য না হ'বে অন্যথা,
অভিজ্ঞান-আভরণ কিন্তু দেখাইলে
হইবে শাপ নিবৃত্তি" বলি' অন্তর্হিত।

অনসূয়া আশ্বস্তা হইতে এবে পারি মোরা, সখি
সংপ্রস্থিত সে রাজর্ষি দিলা পরাইয়া

স্বনাম-অঙ্কিত নিজ অঙ্গুলীয় তাঁর,—
এ মোর স্মরণ চিহ্ন বলিয়া তাহারে।
স্বাধীন-উপায়া হ'বে শকুন্তলা তায়।

প্রিয়ংবদা। দেবকার্য্য সম্পাদিতে এস, সখি, যাই।
[ পরিক্রমণ করিতে লাগিলেন ]

প্রিয়ংবদা। [ অবলোকন করিয়া ]
দেখ, অনসূয়ে, বাম হস্তে করি' ন্যস্ত
বদন তাহার, আলিখিত-সম-সখী
ভর্ত্তার চিন্তায় অহো হয়েছে বিভোরা,
না ভাবে নিজেরে—দূরে আগন্তুক-কথা।

অনসূয়া। মোদোঁহার মুখে, সখি, থাক্ এ বৃত্তান্ত।
রক্ষিতব্যা প্রিয়সখী—প্রকৃতি-পেলবা।

প্রিয়ংবদা। কে সিঞ্চয়ে উষ্ণোদকে নব মল্লিকায়?

উভয়ে। [ নিষ্ক্রান্তা ]

ইতি বিষ্কম্ভক।

[ তৎপরে সুপ্তোত্থিত শিষ্য প্রবেশ করিল ]

শিষ্য। বেলোপলক্ষণ তরে আদেশিলা মোরে
সোমতীর্থ-প্রত্যাগত মহর্ষি কাশ্যপ।
কুটীর-বাহির গিয়া হেরি এবে আমি
রজনীর অবশিষ্ট আছে আর কত।
[ পরিক্রমণ করিয়া এবং অবলোকন করিয়া ]
হয়েছে প্রভাত হন্ত! এক দিকে ওই

চলেন ওষধিপতি অস্তাচল চূড়ে,
অরুণেরে অগ্রে করি' অন্যতঃ অরক
হই'ছেন আবিষ্কৃত। তেজোদ্বয়-তিরো-
ভাব-আবির্ভাবে নিয়ন্ত্রিত যুগপৎ
হইতেছে যেন লোক আত্মদশান্তরে।
(এবং) শশধর অন্তর্হিত, নাহি দেয় প্রীতি
লুপ্তশোভা কুমুদিনী নয়নে আমার।
অবলাজনের দুঃখ—ইষ্ট প্রবাসজ—
অতিমাত্র সুদুঃসহ হয় নিশ্চিতই।
আর (ও) এই প্রাতঃসন্ধ্যা করি'ছে লোহিত
সুশুভ্র তুষারে,—নিপতিত পরিপক্ক
বদরী-উপরি, বীতনিদ্র শিখিকুল
উটজপটল হ'তে নামি'ছে ভূতলে,
মৃগকুল খুরক্ষুণ্ণ বেদিপ্রান্ত হ'তে
হই'ছে দণ্ডায়মান উঠিয়া তখনি
প্রসারিত করি অঙ্গ অগ্রে ও পশ্চাতে।
ক্ষিতিধরগুরু সুমেরুর শিরে যিনি
করি পাদন্যাস, করেছেন আক্রমণ
বিষ্ণুর মধ্যম ধাম,—সেই চন্দ্র এবে
হয়েছেন নিপতিত অল্প-অবশেষ-
ময়ূখ-সহিত গগনের তল হ'তে ;
(যেহেতু,) হইলেও অতিশয় প্রধান—যে জন

করয়ে অধিরোহণ উন্নতের শিরে,
এরূপে পতন তা'র হয় অসংশয়।

[ যবনিকা উত্তোলন পূর্ব্বক প্রবেশ করিয়া ]

অনসূয়া। (যদিও) বিষয়-নিবৃত্ত-জন-অবিদিত ইহা,
তথাপি সে রাজা করেছেন আচরণ—
অনার্য্য-সুলভ হায়! শকুন্তলা প্রতি।

শিষ্য। উপস্থিতা হোমবেলা নিবেদি গুরুরে।

[ নিষ্ক্রান্ত। ]

অনসূয়া। জাগিয়া(ই) বা করিব কি। হস্তপাদ মম
না প্রসরে সু-অভ্যস্ত নিত্যকরণীয়ে।
সকাম হউন কাম করায়ে আসক্তা
প্রবঞ্চক নরনাথে শকুনতলায়—
বিশুদ্ধ হৃদয়া। অথবা দুর্ব্বাসঃ শাপ
করিয়াছে উপস্থিত ঈদৃশ বিকার।
অন্যথা রাজর্ষি সেই বলি' গিয়া তথা
না দিলেন লেখমাত্র এতাবৎকাল।
তবে হেথা হ'তে অভিজ্ঞান অঙ্গুলীয়
দিব পাঠাইয়া। দুঃখশীল তপোধনে
কা'কে (ই) বা প্রার্থনা করি। সখীগামী দোষ
ব্যবসিতা হয়ে (ও) ইহা, অশক্তা কহিতে
তাত কণ্বে,—প্রত্যাগত সোমতীর্থ হ'তে,—

নৃপতি-দুষ্মন্ত-পরিণীতা শকুন্তলা
হয়েছে আপন্নসত্ত্বা। কি করি এখন ?
[ প্রবেশ করিয়া। সহর্ষে।]

প্রিয়ংবদা। ত্বরা এস ত্বরা এস, হলা অনসূয়ে,
সম্পাদিতে শকুন্তলা-প্রস্থান-কৌতুক।

অনসূয়া। কিরূপে হইল ইহা বল, সখি, মোরে।

প্রিয়ংবদা। সুখশয়িতপ্রচ্ছিকা গিয়াছিনু আমি
এই মাত্র শুন, সখি, শকুন্তলা-কাছে।

অনসূয়া। তার পর তার পর বল, প্রিয়ংবদে।

প্রিয়ংবদা। হেরিনু—কাশ্যপ আলিঙ্গিয়া শকুন্তলে—
লজ্জা-অবনতমুখী,—অভিনন্দিলেন
এইরূপে,—ভাগ্যবশে হয়েছে পতিতা
ধূম-আকুলিত-দৃষ্টি-যজমানাহুতি
পাবকেই। তব তরে নাহি দুঃখ হেতু
সুশিষ্যেতে পরিদত্তা বিদ্যার সমান।
অদ্যই, হে বৎসে, তোমা করিব প্রেরণ
ঋষিগণ-গোপায়িতা ভর্ত্তার সকাশে।

অনসূয়া। কে বলিল এ বৃত্তান্ত তাত কাশ্যপেরে ?

প্রিয়ংবদা। প্রবেশিলে অগ্নিগৃহে ছন্দোময়ী বাণী—
আকাশ-উদ্ভবা—নিবেদিলা ইহা তাঁরে।

অনসূয়া। [ সবিস্ময়ে ]
কহ কহ, প্রিয়ংবদে, কিবা সেই বাণী।

প্রিয়ংবদা। [ সংস্কৃত ভাষায় ]
দুষ্যন্ত-আহিত-তেজঃ করিছে ধারণ
পৃথিবী-মঙ্গল-তরে তনয়া তোমার,
অগ্নিগর্ভ-শমী-সমা জান তারে, দ্বিজ।

অনসূয়া। [ প্রিয়ংবদাকে আলিঙ্গন করিয়া ]
প্রিয় মম এ সংবাদ, সখি, অতিশয়।
অদ্যই যাইবে লয়ে পতিগৃহে তারে,—
দুঃখমিশ্র পরিতোষ অনুভবি তাই।

প্রিয়ংবদা। কোনরূপে মোরা, সখি, দূরিব উৎকণ্ঠা।
তপস্বিনী শকুন্তলা হউক নির্বৃতা।

অনসূয়া। রেখেছিনু তাই, সখি, স্থাপি চূতশাখে
নারিকেল-সম্পুটকে কেসর-মালিকা—
কালান্তর-ক্ষমা। লহ লহ হস্তে তাহা।
গোরোচনা, তীর্থমৃত্তি(কা), দূর্ব্বাকিসলয়—
এই সবে এর তরে রচি বিলেপন।

প্রিয়ংবদা। মঙ্গল সমালম্ভন বিরচহ, সখি।

অনসূয়া। [ নিষ্ক্রান্তা। ]

প্রিয়ংবদা। [ কুসুম গ্রহণ অভিনয় করিলেন। ]

নেপথ্যে।

বলহ, গৌতমি, শার্ঙ্গরব মিশ্রগণে
শকুন্তলে লয়ে যেতে হস্তিনানগরে।

প্রিয়ংবদা। [ শ্রবণ করিয়া ]
ত্বরা এস ত্বরা এস, হলা অনসূয়ে,
হস্তিনানগরগামী ঋষিসমুদয়
হ'লেন আহূত এবে চল, সখি, যাই।
[ সমালম্ভন হস্তে প্রবেশ করিয়া ]

অনসূয়া। এস, সখি প্রিয়ংবদে, এস ত্বরা যাই।
[ পরিক্রমণ করিতে লাগিলেন। ]

প্রিয়ংবদা। [ বিলোকন করিয়া ]
সূর্য্যোদয়ে(ই) শকুন্তলা সুশিখামজ্জিতা
রহিয়াছে হের, সখি, অভিনন্দ্যমানা
প্রতীষ্টনীবারকর-স্বস্তিবাচনিক-
তপোবনবাসি-তাপসীনিকায় দ্বারা।
এস, সখি, যাই মোরা সকাশে উহার।
[ গমন করিলেন। ]

[ তৎপরে যথোদ্দিষ্টব্যাপারা আসনস্থা শকুন্তলার প্রবেশ।
শকুন্তলার প্রতি তাপসীগণের। ]

অন্যতমা। লভ মহাদেবী শব্দ—বহুমান সূচ(ক),
হে বৎসে, ভর্ত্তার।

দ্বিতীয়া। হও বীরপ্রসবিনী।

তৃতীয়া। হও, বৎসে, তুমি ভর্ত্তৃ-আদরভাজন।
[ আশীর্ব্বাদ করিয়া গৌতমী ভিন্ন
অন্যান্য সকলের প্রস্থান। ]

সখীদ্বয়। [ সমীপে গমন করিয়া ]
হে সখি, সুখমজ্জন হউক তোমার।
শকুন্তলা। হো'ক মম সখীদ্বয়-শুভ-আগমন ;
করহ উপবেশন এই স্থানে দোঁহে।
উভয়ে। [ মঙ্গল পাত্র লইয়া উপবেশনপূর্ব্বক ]
মঙ্গল সমালম্ভন বিরচিব মোরা,
সজ্জিতা হও হে, সখি, তাহার কারণ।
শকুন্তলা। আদর-বিষয় হয় মোর পক্ষে ইহা।
দুর্ল্লভ সখী-মণ্ডন হ'বে এই হ'তে।
[ বাষ্প বিসর্জ্জন করিতে লাগিলেন। ]
উভয়ে। রোদন মঙ্গলকালে অনুচিত তব।
[ অশ্রু মুছাইয়া দিয়া অলঙ্কৃতা করিতে লাগিলেন। ]
প্রিয়ংবদা। আভরণোচিত রূপ পাই'ছে বিকৃতি
আশ্রমসুলভ এই প্রসাধন দ্বারা।
[ উপায়ন হস্তে প্রবেশ করিয়া। ]
ঋষিকুমারদ্বয়। অলঙ্কৃতা কর এঁরে এই অলঙ্কারে।
সকলে। [ বিলোকন করিয়া বিস্মিতা হইলেন। ]
গৌতমী। কোথায় পাইলে ইহা, হে বৎস হারীত ?
প্রথম। পাইনু প্রভাবে ইহা তাত কাশ্যপের।
গৌতমী। ইহা কি ইচ্ছাপ্রসূত, হে বৎস, তাঁহার ?
দ্বিতীয়। তা' নয়, শুনুন, আর্য্যে। আদেশিলা তাত
বনস্পতি হ'তে চয়িতে কুসুমচয়

শকুন্তলা-তরে। তারপর কোন তরু
দানিল মাঙ্গল্য ক্ষৌম—শশাঙ্ক-ধবল।
কোন তরুবর হ'তে হইল নিঃসৃত
চরণরঞ্জন যোগ্য এই লাক্ষারস ;
অন্য অন্য তরু হ'তে হইল প্রদত্ত
এই আভরণ, আপরবভাগোত্থিত-
কিসলয়োপম-বনদেবীকরতলে।

প্রিয়ংবদা [ শকুন্তলার দিকে দৃষ্টিপাত করিয়া ]
নিবেদিত এ গৌরবে, হলা শকুন্তলে,
ভর্ত্তৃগেহে রাজলক্ষ্মী করিবে সম্ভোগ।

পকুন্তলা। [ ব্রীড়া অনুভব করিলেন। ]

প্রথম। এস এস, হে গৌতম, নিবেদিতে তাতে
কৃতস্নান, তপোবন-বনস্পতি-সেবা।

দ্বিতীয়। চল চল, হে হারীত, কাশ্যপ সকাশে।

[ নিষ্ক্রান্ত। ]

সখীদ্বয়। অনুপভুক্তভূষণ অয়ে এই জন।
চিত্রকর্ম্মপরিচয়ে অঙ্গেতে তোমার
আভরণ-বিনিয়োগ করিতেছি মোরা।

শকুন্তলা নিপুণতা তোমাদের জানি আমি ভাল।

উভয়ে। [ অলঙ্কার পরাইয়া দিবার অভিনয়
করিতে লাগিলেন। ]

[ তৎপরে স্নানোত্তীর্ণ কাশ্যপের প্রবেশ ]

কাশ্যপ। যাইবে পতির গৃহে অদ্য শকুন্তলা,
অভিভূত হিয়া মম হইয়াছে তাই ;
অবরুদ্ধ-বাষ্পবেগে কণ্ঠ রুদ্ধস্বর ;
চিন্তাজড় হইয়াছে দরশন মোর।
বনবাসী মম অহো স্নেহ হেতু যদি
বিয়োগ বৈধুর্য্য এবংবিধ অতিশয় !
তাহা হ'লে গৃহিগণ পীড়িত কিরূপ
তনয়াবিশ্লেষজাত দুঃখে অভিনব !
[ পরিক্রমণ করিতে লাগিলেন। ]

সখীদ্বয়। অবসিত, শকুন্তলে, মণ্ডন তোমার।
পরহ ক্ষৌমযুগল, প্রিয়সখি, এবে।

শকুন্তলা। [ উঠিয়া বস্ত্র পরিধান করিলেন। ]

গৌতমী। আনন্দাশ্রুপরিবাহি-নেত্রদ্বয়ে তোঁমা
আলিঙ্গিয়া যেন উপস্থিত গুরু তব।
করহ পরিগ্রহণ, হে বৎসে, আচার।

শকুন্তলা। [ ব্রীড়া সহকারে। ]
বন্দি আমি, তাত, তব চরণ কমল।

কাশ্যপ। [ বৎসে, ]
শর্ম্মিষ্ঠা আদৃতা যথা রাজা যযাতির
তুমিও হও হে তথা পতি-বহুমতা।

লভিলা সম্রাজ্-সুত শর্ম্মিষ্ঠা যেমতি
পুরু নাম(ক), লভ পুত্র তুমিও তেমতি।

গৌতমী। বর ইহা, ভগবন্, নহে আশীর্ব্বাদ।

কাশ্যপ। এ স্থান হইতে, বৎসে, করিয়া গমন
সদ্যোহুত অগ্নিগণ কর প্রদক্ষিণ।

সকলে। [ পরিক্রমণ করিতে লাগিলেন। ]

কাশ্যপ। [ ঋক্‌ছন্দে আশীর্ব্বাদ করিলেন ]
রচিত যাঁদের স্থান বেদি-চতুর্দ্দিকে,
রয়েছে সংস্তীর্ণ দর্ভ প্রান্তে যাঁহাদের,
নাশিছেন পাপ যাঁরা হব্যগন্ধ দ্বারা,
বৈতান সমিদ্‌বান সেই বহ্নিগণ
অপগত-কলমষা করুন তোমায়।
করহ গমন এবে, প্রিয়সুতে মোর।
[ দৃষ্টিপাত পূর্ব্বক ]
কোথায় তাহারা—শার্ঙ্গরব মিশ্রগণ?
[ প্রবেশ করিয়া ]

শিষ্য। হইয়াছি উপস্থিত মোরা, ভগবন্!

কাশ্যপ। দেখাইয়া, শার্ঙ্গরব, হস্তিনার পথ
ভগিনীরে তোমাদের চল লয়ে এবে।

শার্ঙ্গরব। এ দিকে এ দিকে তবে আসুন, ভগিনি।

সকলে। [ পরিক্রমণ করিতে লাগিলেন। ]

কাশ্যপ। ভো ভো সন্নিহিত-তপোবন-তরুগণ!

নাহি সিক্ত করি যেবা তোমাদের সবে
করিত না জলপান প্রথমে কখন,
হ'লেও মণ্ডনপ্রিয়া স্নেহবশে যেবা
কিসলয় তোমাদের না লইত কভু ;
(তোমাদের) আদ্যপুষ্পোদ্গমকালে উৎসব যাহার,—
পতিগৃহে যাইতেছে সেই শকুন্তলা ;
তোমরা সকলে তারে কর অনুমতি।

[ কোকিল রব শ্রবণ অভিনয় করিয়া ]

বনবাস-সহচর-তরুগণ দ্বারা
হইয়াছে অনুমত শকুনতলার
গমন পতির গেহে, যেহেতু ইহারা ২৪
কল কোকিলের রব দানিল উত্তরে।

আকাশে।

শিব শিব হো'ক পন্থাঃ শকুনতলার,
হো'ক রম্যান্তর তা'র গমনের পথ
পদ্মিনীহরিত-সরোবর-নিকুরম্বে ;
মার্ত্তণ্ডময়ূখতাপ হো'ক নিয়মিত
মার্গপ্রান্তস্থিত-ছায়াদ্রুমসমুদয়ে,
কুশেশয়রজোমৃদু হো'ক রেণুজাল,
হউক পবন পথে শান্ত-অনুকূল।

সকলে। [ সবিস্ময়ে শ্রবণ করিতে লাগিলেন ]

গৌতমী। জ্ঞাতিজনস্নিগ্ধ-তপোবন-দেবতারা

অনুমোদনিলা, বৎসে, গমন তোমার।
করহ প্রণাম ভগবতী-সমুদয়ে।

শকুন্তলা। [ প্রণাম পূর্ব্বক গমন করিয়া। জনান্তিকে। ]
আর্য্যপুত্র দরশনে হ'লেও উৎসুকা,
যাইতে আশ্রম ত্যজি', হলা প্রিয়ংবদে,
চলি'ছে চরণ অগ্রে অতি দুঃখে মোর।

প্রিয়ংবদা। তপোবন-বিরহেতে কাতরা কেবল
নহে সখী একা। সমবস্থা হেরি, সখি,
আসন্নবিয়োগে তব তপোবনেরও।
পড়িতেছে কুশগ্রাস মৃগমুখ হ'তে,
করেছে নর্ত্তন ত্যাগ ময়ূর ময়ূরী,
বিসর্জ্জিছে অশ্রু যেন লতানিকুরম্ব।
জীর্ণপত্রত্যাগচ্ছলে, প্রিয়সখি মোর।

শকুন্তলা। [ স্মরণ করিয়া ]
লতাভগ্নী-বনজ্যোৎস্না-সকাশেতে, তাত,
লইতে বিদায় এবে যাইব তথায়।

কাশ্যপ। জানি হে সোদর্য্যস্নেহ তার প্রতি তব।
তোমার দক্ষিণভাগে এই সেই লতা।

শকুন্তলা। [ লতাসমীপে গমন করিয়া ]
হয়েও চূতসঙ্গতা প্রত্যালিঙ্গ মোরে
ইতোগত, বনজ্যোৎস্নে, শাখাবাহু দিয়া।
অদ্যাবধি দূরস্থিতা হ'ব তোমা হ'তে।

কাশ্যপ।   প্রথমেই তব অর্থে সঙ্কল্পিনু আমি
যেইরূপ স্বামী, লভিয়াছ পুণ্যবলে
আত্মযোগ্য, শকুন্তলে, ভর্ত্তা সেইরূপ,
মিলিয়াছে চূতসহ এ নবমালিকা (৩)।
ইহাতে তোমাতে এবে বীতচিন্ত আমি।
অবলম্ব হেথা হ'তে হস্তিনার পথ।

শকুন্তলা।   [ সখীদ্বয়ের প্রতি ]
তোমা দোঁহাকার হস্তে থাকিল এ ন্যাস।

উভয়ে।   কা'র হস্তে সমর্পিত এই জন, সখি ?
[ বাষ্প বিসর্জ্জন করিতে লাগিলেন। ]

কাশ্যপ।   কাঁদিও না, অনসূয়ে।  কর্ত্তব্য দোঁহার
সান্ত্বনাপ্রদান এবে শকুনতলায়।

সকলে।   [ পরিক্রমণ করিতে লাগিলেন। ]

শকুন্তলা।   উটজপ্রান্তচারিণী গরভমন্থরা
এই মৃগী হ'বে যবে অনঘপ্রসবা,
এ প্রিয় সংবাদ তদা নিবেদিতে মোরে
প্রেরিবেন মোর কাছে লোক এক, তাত।

কাশ্যপ।   ভুলিব না ইহা মোরা, হে বৎসে আমার।

শকুন্তলা।   [ গতিভঙ্গ অনুভব করিয়া ]
করিতেছে আকর্ষণ কে মোর বসন ?
[ ফিরিয়া দেখিলেন। ]

কাশ্যপ।   কুশসূচিবিদ্ধমুখে যা'র, শকুন্তলে,

সিঞ্চিতে ইঙ্গুলীতৈল—ব্রণবিরোপণ,
শ্যামা(ক) ধান্যগ্রাসে যারে করেছ বৰ্দ্ধিত,—
(সেই) কৃতপুত্র মৃগ তব না ত্যজে পদবী।

শকুন্তলা। অনুসরণিছ মোরে, হে বৎস আমার,
সহবাসপরিত্যাগে সমুদ্যতা তব ?
করেছি বৰ্দ্ধিত তোমা ত্যজিলে পরাণ
অল্পপরে প্রসবের তোমার জননী।
চলিলাম ছাড়ি, আমি এখন তোমায় ;
রক্ষিবেন এই হ'তে তাত মোর তোমা।
ফিরে যাও ফিরে যাও, প্রিয় বৎস মোর।

[ রোদন করিতে করিতে প্রস্থান করিলেন। ]

কাশ্যপ। সমুন্নত পক্ষ্মমাল নেত্র নিকরের
দৃষ্টিশক্তি-আবরক অশ্রুনিচয়ের
অজস্রপতন, বৎসে, করহ নিরুদ্ধ,
স্থিরতা দৃঢ়তা কিছু ধরিয়া হৃদয়ে।
(কারণ) নতোন্নত ভূমিভাগ না করি' দর্শন
এ মার্গে পদস্খলন হ'তেছে তোমার।

শার্ঙ্গরব। "ওদকান্ত যাইবেক স্নিগ্ধজন সনে,"—
শুনিয়াছি, ভগবন্। সরস্তীর এই,
এই স্থানে বলি' কিছু যাউন আশ্রমে।

কাশ্যপ। তবে মোরা বসি এই ক্ষীরতরুতলে।

সকলে। [ পরিক্রমণ করিয়া অবস্থিত হইল। ]

কাশ্যপ। [ আত্মগত ]
কিবা বলি' পাঠাইব উপযুক্ত রূপ
হস্তিনার অধিপতি পৌরব দুষ্যন্তে ?
[ চিন্তা করিতে লাগিলেন। ]
শকুন্তলা। [ জনান্তিকে ]
হের, সখি, চক্রবাকী কাঁদিছে আতুরা
পদ্মপত্র-অন্তরিত স(হ)চরে না হেরি'।
করিতেছি সুদুষ্কর আমি কিন্তু, সখি।
অনসূয়া। বলোনা এরূপ, সখি! এও প্রিয় বিনা
বিষাদদীরঘতরা যাপয়ে যামিনী।
করয়ে সহনযোগ্য আশার বন্ধন।
সুগুরু (ও) বিরহ দুঃখ, হলা শকুন্তলে।
কাশ্যপ। অগ্রে রাখি শকুন্তলে, ওহে শার্ঙ্গরব,
মম বাক্যমতে নৃপে বলিবে এরূপ।
শার্ঙ্গরব। আদেশ করেন যাহা মোরে ভগবান্।
কাশ্যপ। সংযম সম্পৎ আমি, স্বীয় উচ্চকুল,
নৈসর্গিক অনুরাগ তব প্রতি তা'র,—
এ সব সম্যক্‌রূপে করি বিবেচনা,
করিবেন প্রদর্শন পত্নীগণমাঝে
সামান্য গৌরব তারে, ভাগ্যের আয়ত্ত
সৌভাগ্য অধিকতর, নহে কথনীয়
বধূবন্ধুগণদ্বারা পরকাশ্য তাহা।

শার্ঙ্গরব গৃহীত সন্দেশবাক্য তব, ভগবন্।

কাশ্যপ। এবে দিব উপদেশ, বৎসে, তোমা কিছু।
হইলেও বনবাসী লৌকিকজ্ঞ মোরা।

শার্ঙ্গরব। ধীমান্‌গণের নাহি কিছু (ই) অবিষয়।

কাশ্যপ। যাইয়া পতির কুলে হেথা হ'তে তুমি
সেবিবেক সযতনে গুরুজনগণে,
করিবে সপত্নীজনে প্রিয়সখীবৃত্তি;
হইলেও বিপ্রকৃতা যাইও না রোষে
ভর্তৃপ্রতিকূলে, হ'বে সদা পরিজনে
ভূয়িষ্ঠদক্ষিণা। হইও না অহঙ্কৃতা
অভ্যুদয়ে। লভে এইরূপে যুবতীরা
গৃহিণীর পদ; প্রতীপচারিণীগণ
স্বামি-কুল-আধি। গৌতমী কি বিবেচয়?

গৌতমী। পর্য্যাপ্ত এ উপদেশ বধূজনপ্রতি।
রাখিবে, হে বৎসে, মনে এই সমুদয়।

কাশ্যপ। কর, বৎসে, আলিঙ্গন মোরে (ও) সখীজনে।

শকুন্তলা। যা'বে কি ফিরিয়া, তাত, এই স্থান হ'তে
প্রিয়ংবদা আদি মম সখীসমুদয়?

কাশ্যপ। এ সবেও যোগ্যপাত্রে হ'বে অরপিতে।
এদের গমন তথা না হয় উচিত।
গৌতমী যাইবে, বৎসে, তব সহ তথা।

শকুন্তলা। [ পিতাকে আলিঙ্গন করিয়া ]

তাত-অঙ্ক-পরিভ্রষ্টা হয়ে আমি এবে,
মলয়তরুচ্যুত-চন্দনলতা-সমা,
কেমনে বাঁচিব হায় দূরদেশান্তরে ?

কাশ্যপ হ'তেছ কাতরা এত কেন, বৎসে মোর ?
সুশ্লাঘ্য গৃহিণীপদ পাইয়া ভর্ত্তার—
অভিজনবান্, তাঁহার বিভবহেতু
বহুবিধ গুরুতর কৃত্যে প্রতিক্ষণ
থাকিবে আকুলা তুমি, হে বৎসে আমার।
করয়ে প্রকাশ প্রাচী যথা অরকয়,
প্রসবিয়া তথা ত্বরা পাবন তনয়
অননুভবিবে মম বিরহজ শোক।

শকুন্তলা। [ পিতার পদতলে নিপতিতা হইলেন ]

কাশ্যপ। করিতেছি ইচ্ছা যাহা হো'ক তাই তব।

শকুন্তলা। [ সখীদ্বয়ের সমীপে গমন করিয়া ]
কর দোঁহে আলিঙ্গন মোরে এক কালে।

সখীদ্বয়। [ তাহা করিয়া ]
প্রত্যভিজ্ঞানমন্থর হ'ন যদি রাজা,
আত্মনামধেয়াঙ্কিত এই অঙ্গুলীয়
প্রদর্শিবে তাহা হ'লে তাঁয়, প্রিয়সখি !

শকুন্তলা। এ সন্দেশে দোঁহাকার আকম্পিতা আমি

সখীদ্বয়। পাপশঙ্কী স্নেহ, সখি, করিও না ভয়।

শার্ঙ্গরব। ত্বরা কর, হে ভগিনি, অতীত প্রহর।

শকুন্তলা। [ আশ্রমাভিমুখী হইয়া ]
কবে, তাত, তপোবন হেরিব আবার ?
কাশ্যপ শুন, বৎসে, মন দিয়া বলি যা' তোমায়,—
চতুরন্তা ধরণীর হইয়া সপত্নী
বহুকাল ব্যাপি,' করি রাজ্যে নিবেশিত
অদ্বিতীয় মহাবীর দৌষ্যন্তি তনয়ে,
কুটুম্ব-পালন-ভার অর্পিয়া তাহায়,
ভর্ত্তৃসহ পুনরায় করিবেক বাস
এ শান্ত আশ্রমপদে, প্রিয় বৎসে মোর।
গৌতমী। অতিক্রান্তা হয়, বৎসে, গমনের বেলা,
করহ নিবৃত্ত তাতে। অথবা বলিবে
হইলেও বিলম্ব এ পুনঃ এইরূপ ;
অতএব, মহাশয়, হউন নিবৃত্ত।
কাশ্যপ। তপঃ-অনুষ্ঠানে, বৎসে, হ'তেছে ব্যাঘাত।
শকুন্তলা। [ ভূয়ঃ পিতাকে আলিঙ্গন করিয়া ]
পীড়িত তপশ্চরণে তাতের শরীর ;
না হ'বেন মম তরে অতি-উৎকণ্ঠিত।
কাশ্যপ। [ নিশ্বাস ত্যাগপূর্ব্বক ]
পূরবে উটজদ্বারে রচিত তোমার,
বিরূঢ় নীবারবলি বিলোকিয়া এবে,
কেমনে হইবে হায় শোকশান্তি মোর ?
যাও, বৎসে, শিবময় হো'ক পন্থা তব।

[ সহযায়িগণসহ শকুন্তলা নিষ্ক্রান্তা ]

সখীদ্বয়। [ শকুন্তলার প্রতি দৃষ্টিপাত করিয়া ]
হা ধিক্! হা ধিক্! হইলেন অন্তর্হিতা
প্রিয়সখী শকুন্তলা বনরাজি দ্বারা।

কাশ্যপ। [ নিশ্বাসত্যাগপূর্ব্বক ]
চলি গেলা অনসূয়ে, আজি শকুন্তলা—
সহধরমচারিণী তোমা দোঁহাকার।
নিরোধিয়া শোক, বৎসে, অনুসর মোরে।
[ প্রস্থিত ]

উভয়ে। শকুন্তলাবিরহিত শূন্য তপোবনে
করিতেছি যেন, তাত, আমরা প্রবেশ!

কাশ্যপ। স্নেহের প্রবৃত্তি সদা হেরে এইরূপ (ই)।
[ সবিমর্ষে পরিক্রমণ করিয়া ]
হন্ত! পাঠাইয়া আজি শকুন্তলায়
পতির আলয়ে তা'র লব্ধস্বাস্থ্য আমি।
(কারণ) পরকীয় অর্থ কন্যা, করিয়া প্রেরণ
স্বামীর সকাশে আজি সে মোর কন্যায়,
অন্তরাত্মা হ'ল মম অতি নিরমল
প্রত্যর্পণ করি' যেন গচ্ছিত রতন।
[ সকলে নিষ্ক্রান্ত ]

চতুর্থ অঙ্ক সমাপ্ত।

# পঞ্চম অঙ্ক।

[ তৎপরে আসনস্থ রাজা ও বিদূষকের প্রবেশ ]

বিদূষক। [ শ্রবণ করিয়া ]
সঙ্গীতশালার দিকে দেহ অবধান,
হে বয়স্য! গীতালাপ সুকল বিশুদ্ধ
শুনা যায় ওই। করি'ছেন মনে হয়
মহিষী হংসপদিকা ঘর্ণপরিচয়।

রাজা। কর মৌনাবলম্বন, করিব শ্রবণ।

[ আকাশে গীত হইতেছে ]

অভিনব-মধুলুব্ধ, ওহে মধুকর,
চূত মঞ্জরীরে তথা করিয়া চুম্বন,
(এবে) কমল বাসেতে মাত্র হইয়া নির্বৃত,
কেমনে ইহারে তুমি হইলে বিস্মৃত?

রাজা। করিতেছে পরিস্রুত গীত অনুরাগ!

বিদূষক। হয়েছেন অবগত গীতি-অক্ষরার্থ?

রাজা। [ ঈষৎ হাস্য করিয়া ]
সকৃৎকৃতপ্রণয় হয় এই জন।
পাইয়াছি উপালম্ভ সম্যক্ তাঁ' হ'তে

দেবী-বসুমতী-তরে। বল, হে বয়স্য,
মম বাক্য-অনুসারে হংসপদিকারে,
হয়েছি যথেষ্ট আজি তিরস্কৃত আমি।

বিদূষক করেন যেরূপ আজ্ঞা রাজরাজেশ্বর।
[ উত্থান করিয়া ]
তাঁহার কর্ত্তৃক, সখে, পরকরদ্বারা,
অপ্সরোগৃহীত-বীতরাগব্যক্তিসম,
শিখণ্ডকে তাড্যমান মুক্তির আমার
নাহি সম্ভাবনা আজি, পৌরব-গৌরব।

রাজা। যাও, সখে, বল তাঁরে নাগরিকসম।

বিদূষক। কি আর উপায়? যাই এবে তাঁর কাছে।
[ নিষ্ক্রান্ত ]

রাজা। [ আত্মগত ]
হইলাম উৎকণ্ঠিত কেন অতিশয়
দয়িতবিরহবিনা (ও) শুনি এই গীত?
অথবা সুখিত জন (ও) রম্য বস্তু হেরি',
(এবং) মনোহর গীতধ্বনি করিয়া শ্রবণ
হয় যে হে পর্য্যাকুল, নিশ্চিতই তাহা
ভাবস্থির-জন্মান্তর-সৌহৃদ-বিষয়
অবোধপূর্ব্বক স্মরি' চিত্তের দ্বারায়।
[ পর্য্যাকুলভাবে রহিলেন ]
[ তৎপরে কঞ্চুকীর প্রবেশ ]

কঞ্চুকী। ঈদৃশী অবস্থা অহো হইয়াছে মম !
রাজ-অবরোধ-গৃহে হয়ে অবহিত
লইনু যে বেত্রযষ্টি আচারের হেতু ;
হইলেও গত হায় বহুতিথ কাল,
প্রস্থানবিক্লবগতি হইয়াছে মোর
সেই বেত্রযষ্টি এবে আশ্রয়ের তরে।
সরবথা ধর্ম্মকার্য্য অনুল্লঙ্ঘনীয়
নৃপতির। এইমাত্র কিন্তু মহারাজ
বিচার-আসন হ'তে এসেছেন উঠি' ;
না করি সাহস পুনঃ উপরোধকারি-
কণ্বশিষ্য-আগমন নিবেদিতে তাঁয়।
অবিশ্রম কিন্তু লোকতন্ত্র-অধিকার।
সকৃদ্যুক্ত তুরঙ্গম হ'ন ভানুদেব,
বহিতেছে গন্ধবহ দিবস রজনী,
আরোপিত-ভূমি-ভার সততই শেষ ;
ষষ্ঠাংশবৃত্তি নৃপের (৬) হয় এ ধরম।
স্বকর্ত্তব্য-অনুষ্ঠান করি এবে আমি।
[ ভ্রমণ করিয়া এবং বিলোকন করিয়া ]
হস্তিদলে ইতস্ততঃ করায়ে ভ্রমণ
রবিতপ্ত যূথপতি করয়ে সেবন
যথা দিবা শীত স্থান, তথা নরপতি
পালিয়া প্রকৃতিপুঞ্জে স্বীয় প্রজাসম

এক্ষণে বিজন সেবা করিছেন ক্লান্ত।

[ সমীপে গমন করিয়া ]

জয় হো'ক, জয় হো'ক, জয় নরেশের !
হিমালয়-গিরি-উপত্যকারণ্যবাসী
তপস্বিনিকায় হেথা এসেছেন আজি
সস্ত্রীক, লইয়া বার্ত্তা পূজ্য কাশ্যপের।
শুনিয়া কর্ত্তব্য দেব করুন বিধান।

রাজা। [ সাদরে ]
কুলপতি কাশ্যপের বার্ত্তাবহগণ ?

কঞ্চুকী। হাঁ, রাজন্, কাশ্যপের বার্ত্তাবহগণ।

রাজা। মদ্বচন-অনুসারে বল অতএব
উপাধ্যায় সোমরাতে, শ্রৌতবিধিমতে
আনিতে অর্চ্চিয়া নিজে তাপস নিচয়ে।
তপস্বিদর্শনোচিত প্রদেশে আমিও
করিব অপেক্ষা এবে, যাও ত্বরা তুমি।

কঞ্চুকী। আদেশ করেন যাহা রাজরাজেশ্বর।

[ নিষ্ক্রান্ত ]

রাজা। [ উত্থান করিয়া ]
প্রদর্শহ, বেত্রবতি, অগ্নিগৃহমার্গ
মোরে।

প্রতীহারী। এই দিকে, এই দিকে, মহারাজ।

রাজা। [ পরিক্রমণ করিতে লাগিলেন। অধিকার-
খেদ অভিনয় করিয়া ]
লভি' প্রার্থিতার্থ সুখী হয় সকলেই
অভিলাষসিদ্ধি কিন্তু নৃপনিচয়ের
অতিশয় দুঃখোত্তরা হয় নিশ্চিতই।
প্রতিষ্ঠা করয়ে নাশ ঔৎসুক্য মাত্র,
লব্ধরাজ্যরক্ষাবৃত্তি করে ক্লেশ দান :
স্বীয়করধৃতদণ্ড আতপত্র যথা
শ্রমের নিমিত্ত হয় না নাশিয়া ক্লেশ,
রাজ্যও তেমতি শুধু শ্রমের কারণ।

নেপথ্যে।

বৈতালিকদ্বয়। জয় হো'ক, জয় হো'ক, জয় নরেশের !

প্রথম। স্বসুখনিরভিলাষ প্রত্যহ, রাজন্,
করি'ছেন অনুভব ক্লেশ লোক হেতু।
অথবা ব্যাপার তব ঈদৃশ প্রকার (ই)।
তীব্র উষ্ণ অনুভবে' তরু মূর্দ্ধা দ্বারা ;
সংশ্রিতগণের ক্লেশ দূরে' ছায়াদানে।

দ্বিতীয়। বিমার্গপ্রস্থিতগণে আত্তদণ্ড, দেব,
করিছেন সুবিনীত দণ্ড প্রদানিয়া,
করি'ছেন নিবারণ কলহ-বিবাদ,
প্রভাবসম্পন্ন সদা লোকরক্ষাতরে।

বিপুল বিভবকালে প্রজাসকলের
থাকুক্ ভুঞ্জিতে সুখ জ্ঞাতিসমুদয় ;
(কিন্তু) হয়েছে পরিসমাপ্ত বন্ধুকৃত্য তোঁয় ।

রাজা। হইলেও ক্লান্তমনা পুনর্নবীকৃত।
[ পরিক্রমণ করিতে লাগিলেন ]

প্রতীহারী। অভিনব-সম্মার্জিত অগ্নিগৃহালিন্দ
হইয়াছে (সু) পরিষ্কৃত ; সমীপে ইহার
সন্নিহিতা হোমধেনু। উঠুন তথায়।

রাজা। [ আরোহণ করিয়া পরিজনের অংস অবলম্বন
করিয়া দাঁড়াইলেন ]

কি উদ্দেশ্যে, বেত্রবতি, মহর্ষি কাশ্যপ
পাঠাইলা ঋষিগণে সকাশে আমার ?
তপঃপরায়ণ-ব্রতিসমুদয়-তপঃ
হয়েছে কি বিঘ্নপ্রতিহত ; করেছে কি
ধরম-অরণ্যচর প্রাণিসমুদয়ে
অনার্য্যাচরণ কোন দুষ্ট দুরাচার ;
কিংবা মম পাপ হেতু বীরুধা-প্রসব
হইয়াছে বিষ্টম্ভিত ; সমুদিত ইতি
বহুপ্রতরক মনে হইতেছে মোর
করিয়া আকুল মোয় নিশ্চয়-অভাবে।

প্রতীহারী। সুচরিতনন্দী এই ঋষিসমুদয়
সমাগত সম্বন্ধিতে দেবে মনে হয়।

[ তৎপরে গৌতমীর সহিত মুনিগণ শকুন্তলাকে অগ্রে করিয়া প্রবেশ করিলেন ; এবং ইহাদের অগ্রে কঞ্চুকী ও পুরোহিত প্রবেশ করিলেন ]

কঞ্চুকী। আসুন্ এ দিকে, পূজ্য মহাশয়গণ।

শার্ঙ্গরব। (এই) মহাভাগ নরপতি অহো, শারদ্বত,
পালেন সমাজ-বিধি যথাযথভাবে।
হীন বরণের (ও) কেহ না ভজে অপথ ;
অভ্যস্ত বিজনে সদা কিন্তু চিত্ত মম,
হুতবহপরিব্যাপ্ত-আগার-সমান
হেরিতেছি আমি এই নৃপতি-ভবন।

শারদ্বত। করিতেছ অনুভব এইরূপ তুমি
করিয়া পুরপ্রবেশ বোধ হয় মোর।
তৈলাক্তশরীরজনে হেরি' স্নাত যথা,
অথবা অশুচি-জনে হেরি' শুচি যথা,
হেরিয়া নিদ্রিত-জনে বীতনিদ্র যথা,
অবরুদ্ধ জনে হেরি' কিংবা স্বৈরগতি
করয়ে যেরূপ মনে, আমিও তেমতি
ইহ সুখসঙ্গি-জনে করিতেছি মনে।

শকুন্তলা। [ দুর্নিমিত্ত অভিনয় করিয়া ]
বামেতর নেত্র মম কেন গো স্পন্দিছে ? ১২৯

গৌতমী। হো'ক প্রতিহত, জাতে, অমঙ্গল তব।
বিতরুন সুখ তোমা তব ভর্ত্তৃকুল-
দেবতানিচয়, ওহে প্রিয় বৎসে মোর।
[ পরিক্রমণ করিতে লাগিলেন। ]

পুরোহিত। [ রাজাকে দেখাইয়া ]
বর্ণাশ্রম-রক্ষাকর্ত্তা মান্য মহারাজ
করি'ছেন পূর্ব্ব হ'তে(ই) হয়ে মুক্তাসন
আপনাসবার তরে প্রতীক্ষা হেথায় ;
করুন দর্শন ওঁরে, তাপসনিচয়।

শার্ঙ্গরব। অভিনন্দনীয় ইহা, ভো মহাব্রাহ্মণ,
উদাসীন এ বিষয়ে তথাপি আমরা ;
(যেহেতু,) ফলাগমে নম্র হয় বিটপিনিচয়, ১৩০
পূর্ণ হয়ে ঘনজাল দূরবিলম্বিত
নবজলকণে, অনুদ্ধত অভ্যুদয়ে
হ'ন সাধুগণ, এই স্বভাব তাঁদের—
পর-উপকারী যাঁরা এ মহীমণ্ডলে।

প্রতীহারী। মুখবর্ণ নিরমল হ'তেছে লক্ষিত,
ঋষিরা বিশ্রব্ধকার্য্য মনে হয়, দেব।

রাজা। [ শকুন্তলাকে দেখিয়া ]
পাণ্ডুপত্রদলমাঝে কিসলয়সমা

তপোধনগণমাঝে কেবা এই নারী,—
অবগুণ্ঠনে যার আবৃত বদন,
নাতিপরিস্ফুট তার শরীরলাবণ্য ?

প্রতীহারী। উদি'ছে বিতর্ক এই কুতূহলবশে,
অসমর্থ কিন্তু কিছু করিতে নির্ণয়।
দরশনযোগ্যা হয় আকৃতি ইহার।

রাজা। হো'ক, অনির্ব্বর্ণনীয়া ভার্য্যা অপরের।

শকুন্তলা। [ বক্ষঃস্থলে হস্ত প্রদান পূর্ব্বক। আত্মগত ]
কাঁপিতেছ কেন এত, হৃদয় আমার ?
ধৈরয ধারণ কর করিয়া স্মরণ
আর্য্যপুত্রের সেই ভাব-অনুবন্ধ।

পুরোহিত। [ অগ্রে গমন করিয়া ]
জয় হো'ক, জয় হো'ক, জয় নরেশের।
অরচিত যথাবিধি এ তাপসচয়,
উপাধ্যায়-বার্ত্তা এক আছে ইহাদের,
কর্ত্তব্য দেবের তাহা করিতে শ্রবণ।

রাজা। হইলাম অবহিত, পূজ্য উপাধ্যায়।

ঋষিগণ। [ হস্ত উত্তোলনপূর্ব্বক ]
জয় হো'ক, জয় হো'ক, জয় নৃপতির।

রাজা। সবায় অভিবাদন করিতেছি আমি।

ঋষিগণ। ইষ্টসিদ্ধি হো'ক তব, রাজরাজেশ্বর।

রাজা। নিরবিঘ্নে সম্পন্নত তপঃ মুনিদের ?

ঋষিগণ। ধর্ম্মক্রিয়াবিঘ্ন হয় কেমনে সম্ভব
সাধুগণ-রক্ষাকর্ত্তা থাকিতে আপনি ?
আঁধার কেমনে রয় সূর্য্য দিলে কর ?

রাজা। রাজশব্দ হইয়াছে অর্থবান্ মোর।
লোক-অনুগ্রহ-তরে, পূজ্য ঋষিগণ,
ভগবান্ কাশ্যপত আছেন কুশলে ?

ঋষিগণ। স্বাধীন-কুশল তপঃসিদ্ধসমুদয়।
অনাময়-প্রশ্ন পূর্ব্বে করিয়া জিজ্ঞাসা,—
বলেছেন তিনি ইহা, রাজরাজেশ্বর।

রাজা। কি আদেশ কুলপতি করেছেন মোরে ?

শার্ঙ্গরব। গান্ধর্ব্ব-বিধান-মতে নির্জ্জনে আপনি
করেছেন পরিণয় দুহিতারে মোর,—
অনুজ্ঞাত মোর দ্বারা প্রীতমনে তাহা ;
(কারণ,) সুযোগ্য পুরুষগণে শ্রেষ্ঠ মহারাজ—
মনে করি মোরা ; মূর্ত্তিমতী সৎক্রিয়া
শকুন্তলা(ও) মোসবার। করিয়া মিলিত
তুল্যগুণ বধূবরে, মুক্ত নিন্দা হ'তে
চিরতরে প্রজাপতি। অন্তর্ব্বত্নী ইনি,
সহধর্ম্মচরণিতে লউন ইহারে।

গৌতমী। আমিও বলিতে কিছু ইচ্ছুক, সুমুখ,
বচনের অবসর কিন্তু নাহি মম।

পরস্পরে আচরণ করিলে এরূপে
কি ভণিব একজনে অন্যজনতরে ?

শকুন্তলা। [ আত্মগত ]
কি ভণেন আর্য্যপুত্র তাই ভাবি মনে। ১৮
রাজা। করিলেন কি আরম্ভ বলিতে ইহারা ?
শকুন্তলা। [ আত্মগত ]
বচনোপন্যাস এই পাবক-সমান।

শার্ঙ্গরব। করিলেন কি আরম্ভ বলিতে আপনি,
ইহা কি আবার ? লোকবৃত্তান্তনিষ্ণাত
নিতান্ত না আপনারা(ই) ? দেখুন, রাজন্,
সুসাধ্বী সধবা নারী সদা পিতৃকুলে
করিলে সংশ্রয়, করে অন্যথা সন্দেহ
সাধারণে তারে। প্রমদাবান্ধবগণ,
হইলেও তদপ্রিয়া, করে অভিলাষ
পতির সমীপে নারী করে বাস ইহা। ১৯
রাজা। করেছি বিবাহ পূর্ব্বে আমি কি ইহারে ?

শকুন্তলা। [ সবিষাদে আত্মগত ]
আশঙ্কা তোমার এবে, হে হৃদয় মম।
শার্ঙ্গরব। কৃতকার্য্যদ্বেষবশে উচিত রাজার
ধর্ম্মপ্রতি বিমুখতা, রাজরাজেশ্বর ?
রাজা। অসৎকল্পনাপ্রশ্ন কিবা হেতু এই ?

শার্ঙ্গরব। ধনমদে মত্ত যা'রা—বিকার এরূপ
হয় প্রায় তাসবার।

রাজা। বিশিষ্টরূপেই
হইয়াছি অধিক্ষিপ্ত, মহাশয়গণ।

গৌতমী। করিও না লজ্জা, জাতে, মুহূর্ত্ত সময়,
মোচন করিব তব অবগুণ্ঠন,
তাহা হ'লে ভর্ত্তা তব চিনিবেন তোমা।

[ যথোক্ত করিলেন ]

রাজা। [ শকুন্তলাকে দেখিয়া। আত্মগত। ]
বিভাতে অন্তস্তুষার ভ্রমর যেমতি
কুন্দপুষ্পে নাহি পারে করিতে গ্রহণ (ও),
ত্যজিতেও নাহি পারে, সমুজ্জ্বল কান্তি,
অনায়াসে উপনত তথা এই রূপ
করিয়াছি পরিগ্রহ কিংবা না প্রথমে,—
এ বিচারপরায়ণ অসমর্থ আমি
করিতে হে পরিভোগ(ও) অথবা ত্যজিতে।

[ চিন্তা করিতে লাগিলেন ]

প্রতীহারী। কি ধরম-অনুরাগ প্রভুর আমার,
অন্য কে বিচার করে সুখ-উপনত
হেরিয়া ঈদৃশ দেব-দুরলভ-রূপ?

শার্ঙ্গরব। রহিলেন কেন মৌন, রাজরাজেশ্বর?

রাজা। স্মরণ হয় না মোর বহু চিন্তা করি'(ও)

বিবাহ ইহার সহ, তপোধনগণ।
প্রকাশ গর্ভলক্ষণ পাইয়াছে এর।
হইবে ক্ষেত্রজ মোর ইহার সন্তান,
কেমনে ইহারে আমি করিব গ্রহণ?

শকুন্তলা। [ স্বগত ]
পরিণয়েই সন্দেহ আরযপুত্রের!
দূরাধিরোহিণী আশা কোথা এবে মম?

শার্ঙ্গরব। না(ই) হো'ক স্মরণ তব, রাজরাজেশ্বর,
করিবেন না অবজ্ঞা তবু সে ঋষিরে,—
করেছেন আপনারে যিনি পরিণেতা
কৃতাবমর্ষা সুতার, ধন-অধিকারী
করা যায় যথা, করি' দস্যুরে প্রদান
আপনার অপহৃত অর্থসমুদয়।

শারদ্বত। এবে তুমি, শার্ঙ্গরব, হওহে বিরত।
বলিয়াছি, শকুন্তলে, বক্তব্য মোদের,
বলিলেন এইরূপ মান্য নরপতি,
প্রত্যয়-প্রতিবচন বলহ ইহারে।

শকুন্তলা। [ জনান্তিকে ]
ঈদৃশ অবস্থান্তর ঘটিয়াছে যবে
তাদৃশ অনুরাগের, কি ফল তখন
করায়ে স্মরণ? লোকনিন্দা হ'তে এবে
রক্ষণীয় এই আত্মা,—তাই এ উদ্যম।

[ প্রকাশ্যে, ]
আর্য্যপুত্র, [ অর্দ্ধ উচ্চারণ করিয়া ]
পরিণয় সংশয়িত যবে,
এইরূপে সদাচার নহে যোগ্য তদা।
পুরায় আশ্রম পদে এ জনে, পৌরব,
স্বভাবোত্তানহৃদয়, করি প্রবঞ্চনা
সময় পূর্ব্বক তারে করিয়া গ্রহণ,
ঈদৃশ নিষ্ঠুরাক্ষরে প্রত্যখ্যান এবে,—
উচিত কি আপনার হইতেছে ইহা?

রাজা। [ কর্ণদ্বয়ে অঙ্গুলি প্রদানপূর্ব্বক ]
ক্ষান্ত হও, ক্ষান্ত হও, শান্ত হো'ক পাপ।
কূলঙ্কষা সিন্ধু যথা করয়ে আবিল
নির্ম্মল সলিল, নিপাতিত করে আর
তটস্থ তরুরে; কেন কর চেষ্টা তথা
করিবারে কলঙ্কিত নিজ ব্যপদেশ,
নিপাতিতে মোরে আর অনন্ত নিরয়ে?

শকুন্তলা। হউক, সত্যই যদি শঙ্কি' পরপত্নী
থাকেন প্রবৃত্ত হয়ে এরূপে আপনি,
অভিজ্ঞানে তবে তব দূরিব আশঙ্কা।

রাজা। উদার এ কল্প,—এতে নাহিক সংশয়।

শকুন্তলা। [ মুদ্রাস্থান স্পর্শ করিয়া ]
অঙ্গুলীয়শূন্যা হায় আমার অঙ্গুলী।
[ সবিষাদে গৌতমীর মুখের দিকে দৃষ্টিপাত
করিলেন। ]

গৌতমী। গঙ্গাতীর-জনপদ শক্র অবতারে
শচীতীর্থে বন্দনিতে জাহ্নবীসলিল,
বিগলিত অঙ্গুলীয় তব কর হতে।

রাজা। [ ঈষৎ হাস্য করিয়া ]
প্রত্যুৎপন্নমতি স্ত্রৈণ—আছয়ে কথিত,
উত্তম উদাহরণ এ এক তাহার।

শকুন্তলা। দেখাইলা এ বিষয় প্রভুত্ব বিধাতা,
অন্য অভিজ্ঞান কথা বলিব এক্ষণে।

রাজা। হইল এক্ষণে তাহা শুনিবার কথা।

শকুন্তলা। নবমল্লিকামণ্ডপে আপনার করে
একদা নলিনী পত্রে আছিল উদক।
বলি' যাও, বলি' যাও, শুনিতেছি মোরা।

শকুন্তলা। হেন কালে উপস্থিত দীর্ঘাপাঙ্গ নামে
মৃগপোত, কৃতপুত্র মম। করিলেন
প্রলোভিত তারে, করি সলিল প্রদান,
কিন্তু সে অপরিচয়ে, রাজরাজেশ্বর,
তব হস্তাভ্যাসে নাহি করিল গমন।
গ্রহণ করিলে পরে সেই জল আমি,

করিল সে অভিলাষ উদক পানেতে ;
হাসিলেন এই বলি' তখন আপনি;
আপন সগন্ধে সবে করয়ে বিশ্বাস।
আরণ্যক উভয়েই এ ক্ষেত্রে তোমরা।

রাজা। আকৃষ্ট বিষয়িগণ হয় এই রূপ
স্বকার্য্য সাধনানোদ্যত-নারীনিচয়ের
অনৃত-আবৃত অমৃতকল্প বচনে।

গৌতমী। বলিবেন না এরূপ, ওহে মহাভাগ।
তপোবনে সংবর্দ্ধিত হয় এই জন,
অনভিজ্ঞ শঠতায়—নাহিক সংশয়।

রাজা। পশুপক্ষিস্ত্রীগণেও দৃষ্ট হয় সদা
অশিক্ষিত-সুপটুত্ব, হে তাপসবৃদ্ধে,
যাহারা বিশিষ্টবুদ্ধি কি কথা তাঁদের !
আপন অপত্যজাতে কোকিল-বধূরা
করায় বায়সদ্বারা লালন পালন,
যাবৎ না শিখে তারা উড়িতে আকাশে।

শকুন্তলা। [ সরোষে ]
স্বহৃদয়-অনুমানে হেরিছ, অনার্য্য।
ধর্ম্ম-ধ্বজ তুমি, তৃণচ্ছন্ন কূপোপম,
অনুকৃতি করিবেক কে আর তোমার ?

রাজা। [ আত্মগত ]
করায় সংশয়াশ্রিতা বুদ্ধিরে আমার
অকৈতব বলি বোধ হয় এঁর কোপ।
আমিই নিষ্ঠুরচিত্ত বিস্মরণহেতু
রহবৃত্ত প্রণয় করায় অস্বীকার,
অতীব ক্রোধেতে অতিলোহিতলোচনা
করি' ভিন্ন এই নারী ভ্রূদ্বয় কুটিল
ফেলিলেন ভাঙ্গি' যেন স্মর-শরাসন।

পুরোহিত প্রথিত চরিত, ভদ্রে, রাজা দুষ্যন্তের।
বিবাহ দোঁহার কিন্তু নহি অবগত।

শকুন্তলা। হইব পরিগণিতা স্বৈরিণীরূপেতে,—
তা' উত্তম!—উপগতা যবে হস্তাভ্যাসে
এ জনের,—মুখে মধু হৃদি হলাহল,—
সুবিদিত পুরুবংশে বিশ্বাসের বশে।
[ বসনাঞ্চলে মুখ আবৃতি করিয়া রোদন করিতে লাগিলেন ]

শার্ঙ্গরব। আত্মকৃত চপলত্ব হ'লে পরিহৃত
সন্তাপদায়ক সদা হয় এইরূপে।
বিশেষ-পরীক্ষা করি' সঙ্গত নির্জ্জনে
কর্ত্তব্য এ হেতু। অজ্ঞাত হৃদয় সহ
করিলে সৌহৃদ, বৈরতায় এইরূপে
হয় তাহা পরিণত, ওহে শকুন্তলে।

রাজা। করিয়া প্রত্যয় কিগো কথায় ইহার,
বিষদিগ্ধ-শরপ্রায় বাক্যে সাপবাদ
করি'ছেন আপনারা অযশ মোদের ?

শাঙ্গ´রব। [ সক্রোধে ]
শুনিলেন আপনারা অধর উত্তর ?
আজন্ম যে জন নয় শাঠ্যেতে শিক্ষিত,—
অপ্রমাণ বাক্য তার ; পরাতি-সন্ধান
অভ্যাস করেন যাঁরা বিদ্যার সমান,—
আপ্তবাক্ তাঁরা,—এতে কি আর সংশয় !

রাজা। করিনু স্বীকার ইহা, হে সত্যবাদিন্ ;
কিন্তু কিবা হ'বে লাভ প্রতারি' ইহারে ?

শাঙ্গ´রব। বিনিপাত, বিনিপাত !—আর কিবা লাভ ?

রাজা। পৌরবেরা বিনিপাত করেন প্রার্থনা,—
এ নহে বিশ্বাসযোগ্য, ওহে ঋষিগণ।

শারদ্বত। প্রয়োজন, শাঙ্গরব, কি আর উত্তরে ?
অনুষ্ঠিত হইয়াছে সন্দেশ গুরুর।
এক্ষণে প্রতি নিবৃত্ত হই মোরা সবে।
[ রাজার প্রতি ]
কান্তা তব শকুন্তলা, ত্যজহ ইহারে,
করহ গ্রহণ কিংবা। প্রভুতা সর্ব্বতোমুখী

আছয়ে স্বামীর সদা পত্নীর উপর।
অগ্রসর হও এবে, ওহে গোউতমি।

[ প্রস্থানের উদ্যোগ করিলেন ]

শকুন্তলা। করিয়াছে প্রতারিতা এ ধূর্ত্ত আমারে।
তোমরাও কেন মোরে যাই'ছ ত্যজিয়া ?

[ পশ্চাৎ গমন করিতে লাগিলেন ]

গৌতমী। [ দাঁড়াইয়া ]
করুণ-পরিদেবিনী শকুন্তলা মোর
করি'ছে অনুসরণ, বৎস শার্ঙ্গরব
করেছেন প্রত্যাখ্যান হইয়া নিষ্ঠুর
ভর্ত্তা তারে, কি করিবে বৎসা মোর হেথা ?

শার্ঙ্গরব। [ সরোষে প্রতিনিবৃত্ত হইয়া ]
অবলম্বিছ স্বাতন্ত্র্য, ওরে পুরোভাগে।

শকুন্তলা। [ ভীতা হইয়া কাঁপিতে লাগিলেন ]

শার্ঙ্গরব। বলি'ছেন নৃপ যথা যদি তুমি তথা,
কি হ'বে পিতার লয়ে উৎকুলা তোমা ?
পবিত্র বলিয়া জান কিন্তু যদি তুমি
পতিব্রতাব্রত তব, তাহা হ'লে ক্ষম
পতিকুলে দাস্য তব। তিষ্ঠ, মোরা যাই।

রাজা। করি'ছেন তপস্বিন্, কেন প্রতারিতা
ইহারে ? শশাঙ্ক শুধু করে বিকাসিত

কুমুদেরে(ই), পঙ্কজেরে(ই) সবিতা কেবল
করে উন্মীলিত ; জিতেন্দ্রিয়গণ-বৃত্তি
বিরতা সতত পরপত্নী সমাগমে।

শার্ঙ্গরব। বিস্মৃত পূর্ব্ববৃত্তান্ত অন্য সঙ্গে যদা,
অধর্ম্ম ভীরুত্ব তব কেমনেতে তদা ?

রাজা। জিজ্ঞাসি গুরুলাঘব আপনারে এতে।
মূঢ় আমি, কহিতেছে মিথ্যা বা এ নারী—
সংশয়ে এরূপ হ'ব দারত্যাগী আমি,
অথবা পাতকী হ'ব পরস্ত্রী-স্পরশে ?

পুরোহিত। [ বিচার করিয়া ]
করুন এরূপ তবে, রাজরাজেশ্বর।

রাজা। করুন আদেশ মোরে, পূজ্য উপাধ্যায়।

পুরোহিত। আপ্রসবকাল ইনি র'ন মম গেহে।
শুনুন কারণ তা'র, রাজরাজেশ্বর,—
বলেছেন সাধুগণ—জ্যেষ্ঠ পুত্র তব
হইবেন চক্রবর্ত্তিলক্ষণ-অন্বিত।
তল্লক্ষণযুক্ত যদি মুনির দৌহিত্র,
তা' হ'লে ল'বেন এঁরে সম্বর্দ্ধি শুদ্ধান্তে ;
বিপর্য্যয়ে প্রেরিবেন পিত্রালয়ে এঁরে।

রাজা। অভিরুচি যাহা তব করুন তাহাই।

পুরোহিত। করহ অনুসরণ, হে বৎসে, আমার।

শকুন্তলা। ভগবতি বসুন্ধরে, দেহ স্থান মোরে।
[ রোদন করিতে করিতে প্রস্থান করিলেন।
পুরোহিত ও তপস্বিগণের সহিত নিষ্ক্রান্ত
হইলেন ]

রাজা। [ শাপব্যবহিত-স্মৃতি হইয়া শকুন্তলার
বিষয়ই চিন্তা করিতে লাগিলেন ]

নেপথ্যে।

হের হের কি আশ্চর্য্য ঘটিলরে আজি!

রাজা। [ শ্রবণ করিয়া ]
হ'ল কি আশ্চর্য্য?

প্রবেশ করিয়া।

পুরোহিত। [ সবিস্ময়ে ] দেব, ঘটিল অদ্ভুত।

রাজা। কিরূপ কিরূপ হ'ল, পূজ্য উপাধ্যায়?

পুরোহিত। পরাবৃত্ত হ'লে পর কণ্বশিষ্যগণ
নিন্দিয়া স্বভাগ্য বালা, রাজরাজেশ্বর,
কান্দিতে প্রবৃত্তা হ'ল বাহূৎক্ষেপ করি'।

রাজা। আর কি ঘটিল পরে, হে মহাব্রাহ্মণ?

পুরোহিত। স্ত্রীসংস্থান জ্যোতিঃ এক তুলি লয়ে তা'রে
অপসরস্তীর্থপানে করিল গমন।

সকলে ।    [ আশ্চর্য্যান্বিত হইল ]

রাজা ।    পূর্ব্বেই করেছি ত্যাগ সে বিষয় মোরা,
বৃথা তর্কে তা'র তরে কিবা প্রয়োজন ?
বিশ্রাম করুন, দেব, এখন আপনি ।

পুরোহিত ।    জয় হোক জয় জয় রাজাধিরাজের ।

রাজা ।    হইয়াছি পর্য্যাকুল, ওহে হেত্রবতি,
শয়নভূমির পথ কর প্রদর্শন ।

[ নিষ্ক্রান্ত ]

প্রতিহারী ।    এ দিকে আসুন তবে, রাজরাজেশ্বর ।

[ প্রস্থিতা ]

রাজা ।    প্রত্যাদিষ্টা মুনিকন্যা পত্নী মম বলি'
না হয় স্মরণ ;  অতি দূয়মান হিয়া
জন্মাইছে যেন কিন্তু প্রতীতি আমার ।

[ সকলে নিষ্ক্রান্ত ]

**পঞ্চম অঙ্ক সমাপ্ত**

# অভিজ্ঞানশকুন্তল

## ষষ্ঠ অঙ্ক।

প্রবেশক।

[ অনন্তর নাগরিক রাজশ্যালকের প্রবেশ ;
পশ্চাৎ একজন বদ্ধপুরুষকে লইয়া দুইজন
রক্ষীর প্রবেশ। ]

রক্ষিদ্বয়। [ তাড়না করিয়া ]
কোথায় পাইলি বল্, অরে কুম্ভিলক,
মণিবনধন-উৎকীর্ণরাজনাম,
মহামূল্য রাজকীয় এই অঙ্গুলীয় ?

পুরুষ। [ ভীতি অভিনয় করিয়া ]
হউন সদয় মোয়, ভাবমিশ্রগণ।
ঈদৃশকরমকারী নহি কভু আমি।

প্রঃ রক্ষী। তবে কি দানিলা রাজা এই অঙ্গুরীয়
উৎকৃষ্ট ব্রাহ্মণ বলি' তোরে, কুম্ভীরক ?

পুরুষ। শুনুন শুনুন, মান্য মহাশয়গণ,
শক্র-অবতারে হয় নিবাস আমার,
জাতিতে ধীবর আমি জাল-উপজীবী। ০১

দ্বিঃ রক্ষী। করেছি জিজ্ঞাসা কিরে, ওরে পাটচ্চর,
কিবা তোর জাতি ?

শ্যালক বলুক ও অনুক্রমে
সমস্ত, সূচক, দিওনাক মাঝে বাধা।

উভয়ে। যথা আজ্ঞা, মহাশয়। বলি যাও তুমি

পুরুষ। কুটুম্ব ভরণ করি, মহাশয়গণ,
জালোদ্‌গাল-আদি যত উপায় দ্বারায়
মৎস্য বন্ধনের।

শ্যালক [ হাস্য করিয়া ]
তবে বিশুদ্ধ আজীব।

পুরুষ। যে কর্ম্ম সহজ যা'র, নহে বর্জ্জনীয়,
হ'লেও নিন্দিত তাহা। শ্রোত্রিয় ব্রাহ্মণ,
হ'লেও সরসচিত্ত অনুকম্পা দ্বারা,
প্রদর্শেন নিষ্ঠুরতা বধি' যজ্ঞ-পশু।

শ্যালক তারপর তারপর বল্, রে ধীবর।

পুরুষ। একদা রোহিত এক করি' খণ্ড খণ্ড
হেরিনু উদরে তা'র এই অঙ্গুরীয়—
রত্নোজ্জ্বল। যবে আমি প্রদর্শিনু উহা
বিক্রয়ের তরে, ধরিলেন সে সময়
মহাশয়গণ মোরে। আগম-বৃত্তান্ত
এই এর, মারুন বা ছাড়ুন আমায়।

শ্যালক। আমমাংসগন্ধী এই গোধাদী, জানুক,
মৎস্যবন্ধ নিঃসংশয় মোর মনে লয়।

অঙ্গুলীয়-দরশন বিম্রষ্টব্য এর।
চল যাই রাজকুলে মোরা সবে এবে।

রক্ষীদ্বয়। যে আজ্ঞা, চলুন তথা।

শ্যালক। চল্, রে তস্কর।

সকলে। [ পরিক্রমণ করিতে লাগিল ]

শ্যালক। সাবধানে রক্ষা কর এরে পুরদ্বারে,
যাবৎ না আসি ফিরে লইয়া শাসন
অঙ্গুরীয় বিবরণ নিবেদি' রাজারে।

উভয়ে। করুন প্রবেশ, আর্য্য, প্রভুর প্রাসাদে।
[ শ্যালক নিষ্ক্রান্ত ]

প্রথম। হই'ছে বিলম্ব বড় কর্ত্তার, জানুক।

দ্বিতীয়। অবসরে নৃপগণ উপসর্পণীয়।

প্রথম। পরা'তে বধের মালা ইহারে, জানুক,
হইয়াছে হস্ত ব্যস্ত মোর অতিশয়।

পুরুষ। অকারণ নরহন্তা হ'তে অনুচিত।

দ্বিতীয়। [ বিলোকন করিয়া ]
লইয়া রাজশাসন আসি'ছেন ওই
পত্র হস্তে মোসবার প্রভু মাননীয়।
গৃধ্রবলি হ'বি তুই, অথবা দেখিবি
কুক্কুরের মুখ, অরে জালোপজীবিন্।

[ প্রবেশ করিয়া ]

শ্যালক। মুক্ত কর, হে সূচক, এই ধীবরেরে।
কথিত যথার্থ অঙ্গুলীয়-বিবরণ।

সূচক। যে আদেশ করি'ছেন প্রভু মাননীয়।

দ্বিতীয়। হ'ল এ প্রতিনিবৃত্ত যমগৃহ হ'তে।
[ পুরুষকে পরিমুক্তবন্ধন করিল ]

পুরুষ। [ শ্যালককে প্রণাম করিয়া ]
কি আজীব হ'বে আজি মোর, মহাশয় ?

শ্যালক। অঙ্গুলীয়-তুল্য-মূল্য-অর্থ দিলা তোমা
মহামতি নরপতি করি' অনুগ্রহ।
[ পুরুষকে অর্থ দিল ]

পুরুষ। [ স প্রণাম গ্রহণ করিয়া ]
হইনু অনুগৃহীত মহাশয়দ্বারা।

সূচক। এ নহে সহজ-দয়া, অরেরে ধীবর,
নামাইয়া শূল হ'তে হ'ল এ স্থাপন
হস্তিপৃষ্ঠে।

জাম্বুক। কহিতেছে পরিতোষ,—সেই
অঙ্গুরীয়, মহাশয়, প্রিয় নৃপতির।

শ্যালক। মহার্হ রতন তায় ভর্তৃ-বহুমত,—
সংশয় ইহায়। অভিমত জন কোন

হয়েছে স্মারিত তাঁর দরশনে তার।
মুহূর্ত্ত প্রস্রুতনেত্র হ'লেন নরেশ,
যদিও সতত তিনি প্রকৃতি-গম্ভীর।

সূচক। হ'লেন সেবিত রাজা আপনার দ্বারা।

জানুক। মাৎস্যিক-ভর্ত্তার তরে সেবিলেন বল।
[ পুরুষকে অসূয়াসহকারে দেখিতে লাগিল ]

পুরুষ। এর অর্দ্ধ ফুল-মূল্য আপনাসবার
হো'ক, ভট্টারকগণ।

জানুক। যোগ্য বটে ইহা।

শ্যালক। মহত্তর প্রিয়বন্ধু হ'লে অদ্য হ'তে,
হে ধীবর, মোসবার। প্রথম সৌহৃদ
কাদম্বরী সাক্ষী করি ইচ্ছি করিবারে;
শৌণ্ডিকাপণেই ওহে চল সবে যাই।
[ সকলের প্রস্থান ]

ইতি প্রবেশক।

[ অনন্তর আকাশ যানে সানুমতী নামে
অপ্সরা প্রবেশ করিল ]

সানুমতী। অপ্সরস্তীর্থসান্নিধ্য নির্ব্বর্ত্তিত মোর
পর্য্যায়নির্ব্বর্ত্তনীয়, যাবৎ না শেষ
সাধুজন-স্নান-কাল। হেরিব এক্ষণে

রাজর্ষি-বৃত্তান্ত এই। মেনকাসম্বন্ধে
হয়েছে শরীরভূতা শকুন্তলা মোর।
বলিলা মেনকা পূর্ব্বে মোরে কন্যাতরে।

[ চতুর্দ্দিকে অবলোকন করিয়া ]

মদন-মহোৎসব কেন না আরব্ধ
বসন্ত-সমাগমেও এই রাজকুলে ?
আছয়ে শকতি মোর ধ্যানের প্রভাবে
হইবারে অবগত ; হইবে রক্ষিতে
সখীর আদর কিন্তু। হউক, জানিব
অদর্শন-বিদ্যাবলে হয়ে অলক্ষিতা
(এই) উদ্যানপালিকাদ্বয়-পার্শ্বে থাকি' সব।

[ আকাশদেশ হইতে অবতরণ
অভিনয় করিয়া দাঁড়াইল ]

[ অনন্তর চূতাঙ্কুর অবলোকন করিতে
করিতে চেটী প্রবেশ করিল, অপরা চেটী
তৎপশ্চাৎ প্রবেশ করিল ]

প্রথমা। আতাম্রহরিতপাণ্ডু(র) হে চূতমুকুল,
বসন্তের প্রাণতুল্য, ঋতুর মঙ্গল,
পরিদৃষ্ট তুমি, প্রসাদিব এবে তোমা।

দ্বিতীয়। কি বলি'ছ একাকিনী, হে পরভৃতিকে ?

প্রথমা। হেরিয়া চূত-কলিকা, হে মধুকরিকে,
সতত পরভৃতিকা হয় উন্মত্তিকা।

দ্বিতীয়া। [ সহর্ষে ত্বরায় গমন করিয়া ]
হয়েছে কি মধুমাস উপস্থিত এবে ?

প্রথমা। মদবিভ্রমগীতের এ তব সময়,
হে মধুকরিকে।

দ্বিতীয়া। ধর মোরে, প্রিয় সখি,
অগ্রপাদে দিয়া ভর দাঁড়াইয়া আমি
লইয়া চূতকলিকা পূজি কামদেবে।

প্রথমা। অর্চ্চনা ফলের অর্দ্ধ যদি হয় মম।

দ্বিতীয়া। অকথিত হইলেও হইবেক তাহা।
কারণ পরাণ এক মোদের দুয়ের,
দ্বিধা দেহ স্থিত। [ সখীকে অবলম্বন
করিয়া চূতাঙ্কুর গ্রহণ করিল ]
না হ'লেও প্রস্ফুটিত
এ চূতপ্রসব, বৃন্ত ভঙ্গহেতু আহা
হয়েছে সুরভি! [ অঞ্জলি বন্ধন করিয়া ]
দান, ওহে চূতাঙ্কুর,
করিনু তোমায়, শ্রেষ্ঠ তুমি হও ওহে
কামের,—গৃহীত চাপ,—পঞ্চশরমাঝে,
পথিকজনযুবতি লক্ষ্য হো'ক তব।

[ যবনিকা উত্তোলন করিয়া
প্রবেশ করিয়া কুপিত ]

কঞ্চুকী। অনভিজ্ঞা তুমি, নারি, স্বীয় বিষয়েতে,
করিওনা করিওনা এরূপ করম।
নিষেধিলা নরপতি বসন্ত-উৎসব,
তবু কেন ভাঙ্গিতেছ রসাল-কলিকা ?

উভয়ে। [ ভীতা হইয়া ]
প্রসন্ন হউন, আর্য্য, জানিনা এ মোরা।

কঞ্চুক। বাসন্তিক তরুগণ, বিহগনিবহ (ও)
বৃক্ষাশ্রিত তথা পালিয়াছে দেবাদেশ,
অথচ বলি'ছ ইহা শুননি তোমরা।
রসাল-কলিকা হের হলেও নির্গতা
চির, হয় নাই তবু পরাগ-উদ্গম।
হয়েছে বৃন্তনির্গত যেই কুরুবক,
কোরকাবস্থায় তা'ও রহিয়াছে ওই।
কণ্ঠেতে স্খলিত রুত পুংস্কোকিলের,
হ'লেও অতীত শীত। কন্দর্প(ও) চকিত
সংহরিছে(ন) তূণ হ'তে অর্দ্ধকৃষ্টশর।

উভয়ে। নাহিক সন্দেহ এতে। মহা প্রভাবের
রাজর্ষি মোদের।

প্রথমা। রাজশ্যাল মিত্রাবসু
রাজ্ঞীর চরণমূলে প্রেরিলা মো দোঁহে ;
প্রমদবন-পালনকর্ম্ম সমর্পিত

মো দোঁহার (উ) পরি। নবাগতা বলি' মোরা
শুনি নাই এ বৃত্তান্ত।

কঞ্চুকী। করোনা এ পুনঃ

উভয়ে। হইয়াছে কৌতূহল, আর্য্য, মোসবার ;
শ্রোতব্য এ জন দ্বারা যদি হয় ইহা,
তা'হ'লে বলুন কেন বসন্ত-উৎসব
হইয়াছে প্রতিষিদ্ধ।

সানুমতী। মানব নিচয়
সতত উৎসবপ্রিয় শুনিয়াছি আমি ;
অবশ্য কারণ কোন হ'বে গুরুতর।

কঞ্চুকী। হয়েছে এ বিষয়ের সর্ব্বত্র প্রচার,
কেন না বলিব। হয় নাই কর্ণগত
শকুন্তলা-প্রত্যাদেশ-লোকবাদ কি গো ?

উভয়ে। শুনেছি রাষ্ট্রিয়মুখে যাবদঙ্গুলীয়-
দরশন।

কঞ্চুকী। তাহাহ'লে হইবে বলিতে
অল্পই। হেরিয়া যবে স্বীয় অঙ্গুলীয়
স্মরিলেন নরপতি,—সত্যই গোপনে
বিবাহবন্ধনে বদ্ধ ছিলেন হইয়া
শকুন্তলাসহ পূর্ব্বে, কিন্তু প্রত্যাদিষ্টা
মোহবশে তিনি, পশ্চত্তাপে অভিভূত
প্রভু সেই হ'তে। রম্যবস্তুদ্বেষ এবে

করেন নরেশ, না হেরেন্ প্রজাকার্য্য
অমত্যাদিসহ মিলি' নিত্য পুরা যথা।
যাপেন শয্যায় ক্ষপা প্রান্তবিবর্ত্তনে
উন্নিদ্র। যখন দেব করেন আলাপ
অন্তঃপুরনারীগণসহ অনুরোধে,
(তদা) করিতে একের নাম করিয়া অন্যের
হইয়া ব্রীড়াবিলক্ষ র'ন বহুক্ষণ।

সানুমতী। আহলাদবিষয় হয় মোর পক্ষে ইহা।

কঞ্চুকী। এ প্রবল উদ্বেগেতে নিষিদ্ধ উৎসব।

উভয়ে। উৎসবনিষেধহেতু হ'তে পারে ইহা।

[ নেপথ্যে ]

আস্থন্ আস্থন্, দেব, আস্থন্ এ দিকে।

কঞ্চুকী। [ শ্রবণ করিয়া ]
অয়ে! আসি'ছেন দেব এই দিকেতেই।
স্বকর্ত্তব্য অনুষ্ঠান করহ তোমরা।

উভয়ে। করেন যেমন আজ্ঞা মান্য মহাশয়।

[ নিষ্ক্রান্তা ]

[ তৎপরে পশ্চাত্তাপসদৃশবেশ রাজা
বিদূষক ও প্রতীহারী প্রবেশ করিল ]

কঞ্চুকী। [ রাজাকে অবলোকন করিয়া ]
বিশিষ্টাকৃতি-রমণীয়ত্ব থাকে সর্ব্ব-

অবস্থায়। সুন্দরদর্শন মহারাজ
হ'লে ও উৎকণ্ঠিত শকুন্তলাতরে।—
বিশেষমণ্ডলবিধি করি' প্রত্যাখ্যান
করেছেন একমাত্র বলয় ধারণ
হৈম বামমণিবন্ধে ; হয়েছে বিশুষ্ক
উষ্ণ দীর্ঘ নিশ্বাসেতে অধর ইহার ;
হয়েছে নয়ন ম্লান চিন্তাজাগরণে।
হইলে ও মহারাজ কৃশ এইরূপে,
সুসংস্কার-উল্লিখিত-মহামণিপ্রায়
আত্মতেজোগুণে নাহি দেখাই'ছে ক্ষীণ।

সানুমতী। [ রাজাকে অবলোকন করিয়া ]
প্রত্যাদেশ-বিমানিতা হয়ে ও দুঃখিতা
হয় যে শকুনতলা—উপযুক্ত তাহা!

রাজা। [ চিন্তা করিতে করিতে ধীরে পরিক্রমণ করিয়া ]
সারঙ্গাক্ষী প্রিয়া মম চেষ্টিলে ও বহু
জাগা'তে প্রথমে, এ সুপ্ত হতহৃদয়
হইয়াছে জাগরিত এতদিন পরে,
অনুশয়দুঃখ অহো অনুভবিবারে!

সানুমতী। অদৃষ্টই এইরূপ সে তপস্বিনীর।

বিদূষক। [ জনান্তিকে ]
শকুন্তলাব্যাধিদ্বারা হ'লেন লজ্জিত

ইনি পুনরায়। জানিনাকো কেমনেতে
হইবে চিকিৎসা এঁর। চিন্তনীয় ইহা।

কঞ্চুকী [ সমীপে গমন করিয়া ]
জয় হো'ক জয় হো'ক রাজাধিরাজের!
হয়েছে প্রত্যবেক্ষিত প্রমদ-উদ্যান।
বসুন বিনোদস্থানে যথাকাম, দেব।

রাজা। আমার আদেশমতে বল, বেত্রবতি,
অমাত্য আর্য্যপিশুনে, চিরজাগরণে
ধর্ম্মাসনে পারি নাই অদ্য হে বসিতে।
করেছেন পৌরকার্য্য যা' প্রত্যবেক্ষণ
লিখিয়া পত্রেতে তাহা দিউন আমারে।

প্রতীহারী। করেন যেমন আজ্ঞা রাজরাজেশ্বর।
[ নিষ্ক্রান্তা ]

রাজা। স্বনিয়োগ, বাতায়ন, করহ অশূন্য।

কঞ্চুকী। করেন যেরূপ আজ্ঞা রাজরাজেশ্বর।
[ প্রস্থান ]

বিদূষক। করেছেন নির্ম্মক্ষিক এস্থান, নরেশ।
শিশির-আতপচ্ছেদে এই রমণীয়
করুন প্রমদবনে চিত্তবিনোদন।

রাজা পাইলে(ই) অনর্থ রন্ধ্র আইসে, বয়স্য,
বহুলভাবেতে,—নাহি ব্যভিচার তা'য়।

(কারণ—) মুনিসুতাপ্রণয়ের স্মৃতিরোধি-তমঃ
ত্যজিয়াছে মম মন, (সং) যোজিত অমনি
ধনুকেতে চূতশর প্রহার-উদ্যত
মনসিজদ্বারা, হে প্রিয়বয়স্য মোর।
(আর) হেরিয়া অঙ্গুলিমুদ্রা স্মৃতি উপজিলে,
যবে সমুৎসুখ আমি হেরিতে প্রিয়ারে,—
করিয়াছি পরিত্যাগ অনিমিত্তে—ভাবি'
লাগিলাম অনুশয়ে করিতে রোদন,
আইল বসন্তকাল কাল হ'য়ে তদা।

বিদূষক। তিষ্ঠ ক্ষণকাল, সখে, নাশিতেছি আমি
এই দণ্ডকাষ্ঠদ্বারা কন্দর্পের বাণ।
[ দণ্ডকাষ্ঠদ্বারা চূতাঙ্কুর ভগ্ন করিতে
ইচ্ছা করিল। ]

রাজা। [ ঈষৎ হাস্যের সহিত ]
ভাল ভাল দেখিলাম ব্রহ্মতেজঃ তব!
করি দৃষ্টি বিনোদন বসি' কোথা, সখে,
প্রিয়ার কিঞ্চিৎ মম সদৃশী লতায়?

বিদূষক। কেন, হে বয়স্য, দিয়াছেন আজ্ঞা নিজে
আসন্নপরিচারিকা সে চতুরিকায়,—
অতিবাহনিব আমি মাধবীমণ্ডপে
এ বেলা, আনহ তথা শকুন্তলা-চিত্র—
স্বহস্তলিখিত মম চিত্রফল(ক) গত।

রাজা। হৃদয়বিনোদস্থান ঈদৃশ, বয়স্য,
মাধবীমণ্ডপপথ প্রদর্শহ তবে।

বিদূষক। এদিকে আসুন তবে আসুন এদিকে।

উভয়ে। [ পরিক্রমণ করিতে লাগিলেন ]

সানুমতী। [ অনুগমন করিল ]

বিদূষক। মণিশিলাপট্টসহ মাধবীমণ্ডপ,—
উপহাররমণীয়,—অভ্যর্থিছে যেন
নিশ্চয় মোদোঁহে, বলি,' "স্বাগত, স্বাগত !"
প্রবেশিয়া অতএব বসুন হেথায়।

উভয়ে। [ প্রবেশ করিয়া উপবিষ্ট হইলেন ]

সানুমতী। হেরিব সখীর চিত্র উঠি' এ লতায়।
নিবেদিব তার পর সখীর সকাশে
বহুমুখ অনুরাগ ভর্ত্তার তাহার।
[ সেইরূপ করিয়া রহিল ]

রাজা। স্মরিতেছি এবে সখে শকুনতলার
প্রথমবৃত্তান্ত সব, বলেছিনু তাহা
তোমায়ও। নাহি ছিলে উপস্থিত তুমি
প্রত্যাদেশকালে তাঁর সমীপে আমার।
পূর্ব্বেও (সং) কীর্ত্তিত কিন্তু হয় নাই কভু
নাম তাঁর তোমাদ্বারা, তুমিও বিস্মৃত
হয়েছিলে মোর মত, হে প্রিয় বয়স্য ?

বিদূষক। হইনি বিস্মৃত, সখে। বলি' সব কথা
বলিলেন অবসানে, বয়স্য, আপনি,—
পরিহাস বাক্য ইহা, নহেক ভূতার্থ।
মৃৎপিণ্ডবুদ্ধি আমি (ও) বুঝেছিনু তথা।
অথবা বলবতী, সখে, ভবিতব্যতা।

সানুমতী। প্রকৃত তাহাই!

রাজা। [ চিন্তা করিয়া ] রক্ষাকর মোরে, সখে।

বিদূষক। এ কি? অনুপপন্ন এ আপনাতে, সখে।
শোকবাস্তব্য না হ'ন সৎপুরুষেরা
কভু; প্রবাতেও স্থির রহে গিরিগণ।

রাজা। নিরাকরণবিক্লবা প্রিয়ার সে দশা
স্মরিয়া হ'তেছি আমি অতি-অশরণ।
হয়ে প্রত্যাদিষ্টা তিনি এস্থান হইতে
হইলেন ব্যবসিতা অনুগমনিতে
স্বজনের; কিন্তু গুরুসম গুরুশিষ্য
তিষ্ঠ হেথা বারংবার বলিলে অনীচে,
কলুষা তাঁহার দৃষ্টি বাষ্পনিরগমে
এ নৃশংসে পুনরায় অর্পিলেন তিনি,—
বিষদিগ্ধ-শল্য-সম দহি'ছে তা' মোয়।

সানুমতী। স্বকার্য্যপরতা হায় ঈদৃশপদার্থ,—
হইতেছি আহ্লাদিতা সন্তাপে ইঁহার!

বিদূষক। আছয়ে সংশয় মোর, গিয়াছে লইয়া ২৫
সে কোন্ আকাশচারী শকুনতলায় ।

রাজা। কে অন্য স্পর্শিতে পারে পতিদেবতারে ?
শুনেছি মেনকাতব সখীজন্মস্থান ;
সহচারিণীরা তাঁর করিলা হরণ
সখীরে তোমার, সখে, মোর মনে লয়।

সানুমতী। সম্মোহ বিস্ময়নীয়, নহে প্রতিবোধ।

বিদূষক। যদি হয় এইরূপ, তাহা হ'লে কালে
হইবেক সমাগম তাঁহার সহিত।

রাজা। কিরূপে কিরূপে বল, হে প্রিয় বয়স্য ?

বিদূষক। অসমর্থ মাতাপিতা হেরিতে কন্যারে— ২৬
ভর্ত্তার বিয়োগে সদা দুঃখিতহৃদয়া।

রাজা। হয়েছিল সমাগম শকুন্তলাসহ,—
স্বপ্ন ইহা, মায়া ইহা, কিংবা মতিভ্রম,
অথবা, বয়স্য, লঘুপুণ্যপরিণাম
সে ক্ষণিকসমাগম শকুন্তলাসহ,
হইয়াছে ক্ষয়প্রাপ্ত সেই পুণ্য হায় !
শকুন্তলাসমাগম (ও) গত চিরতরে !
তটপ্রপাতসম (বি) লীন এ মনোরথ !

বিদূষক। বলিবেন না এরূপ, হে প্রিয়বয়স্য ;
অঙ্গুলীয় (ই) এ বিষয়ে হয় নিদর্শন ; ২৭

অবশ্য হইবে যাহা—তার সমাগম
অচিন্তনীয় উপায়ে থাকয়ে হইয়া।

রাজা। [ অঙ্গুলায়ক বিলোকন করিয়া ]
অয়ে! হইয়াছে ভ্রষ্ট এই অঙ্গুলীয়
অসুলভ-স্থান হ'তে, অবস্থা ইহার
অতিশোচনীয়া! মম সম তব পুণ্য
অতিশয় স্বল্প হায়, ওহে অঙ্গুলীয়,—
প্রমাণিত ফলে তাহা; তুমিও, যে হেতু,
অরুণনখরমনোরমা অঙ্গুলীতে
হয়েছে প্রভ্রষ্ট হায় লভিয়াও স্থান!

সানুমতী। অন্যহস্তগত যদি সত্য (ই) শোচনীয়।

বিদূষক। কি উদ্দেশে এই নামাঙ্কিত অঙ্গুলীয়
দানিলেন হস্তে তাঁর, হে প্রিয়বয়স্য?

সানুমতী। মোরি কৌতূহলদ্বারা আকারিত ইনি।

রাজা। শুন, হে বয়স্য। স্বনগরে আগমনে
হইলে উদ্যুক্ত, কহিলেন প্রিয়া মোরে
উদশ্রুনয়নে, "কতদিনে আর্য্যপুত্র
দিবেন সংবাদ?"

বিদূষক। তারপর, তারপর?

রাজা। পরাইয়া দিয়া তাঁরে এই অঙ্গুলীয়
কহিনু তাঁহারে, "গণ এর নানাক্ষর
এক এক প্রতিদিন, শেষ হ'বে যবে,

তখনি সমীপে তব আসিবেক লোক
মম অন্তঃপুরে তোমা লইবার তরে।"
(কিন্তু) করিনি নিষ্ঠুর আমি মোহহেতু তাহা।

সানুমতী। করিলা বিফল বিধি সুন্দর অবধি।

বিদূষক। উদরেতে রোহিতের—ধীবর কল্পিত—
কেমনে আসিল ইহা, হে প্রিয়বয়স্য ?

রাজা। শচীতীর্থ বন্দনিতে হইল পতিত
তব সখীহস্ত হ'তে গঙ্গাস্রোতে ইহা।

বিদূষক। অসম্ভব নহে ইহা, হে প্রিয়বয়স্য।

সানুমতী। এ হেতু অধর্ম্মভীরু এই রাজর্ষির
তপস্বিনী-শকুন্তলা-সহ বিবাহেতে
হইল সন্দেহ। অপেক্ষয় অভিজ্ঞান
এইরূপ অনুরাগ,—কেমনে সম্ভব ?

রাজা। তিরস্কার করি আমি এই অঙ্গুলীয়ে।

বিদূষক। [ আত্মগত ]
উন্মত্তগণের পন্থা গৃহীত এঁদ্বারা।

রাজা। বন্ধুরকোমলাঙ্গুলি ত্যজিয়া সে কর
কি নিমিত্ত জলে তুমি হ'লে নিমগন ?
পারে না গ্রহিতে গুণ কিংবা অচেতন ;
আমি কেন প্রত্যাখ্যান করিনু প্রিয়ারে ?

বিদূষক। [ আত্মগত ]
ফেলিবে খাইয়া কি গো বুভুক্ষা আমায় ?

রাজা। অকারণপরিত্যক্তে, অনুশয়ানলে
যাই'ছে হইয়া দগ্ধ এ জনের হিয়া,
কর অনুকম্পা এরে পুনর্দরশনে!
[ যবনিকা উত্তোলন করিয়া
চিত্রফলক হস্তে প্রবেশপূর্ব্বক ]

চতুরিকা। চিত্রগতা ভর্ত্রী এই, রাজরাজেশ্বর।
[ চিত্রফলক প্রদর্শন করিল ]

বিদূষক। সাধু, হে বয়স্য, ভাবানুপ্রবেশ আহা
অতি মনোরম, মধুরাবস্থানহেতু!
নিম্নোন্নতপ্রদেশেতে যেন দৃষ্টি মম
হই'ছে স্খলিতা, যে প্রিয়বয়স্য মোর।

সানুমতী। এরূপ নৈপুণ্য আহা এই রাজর্ষির,
রয়েছেন অগ্রে যেন প্রিয়সখী মোর!

রাজা। যাহা যাহা নহে সাধু আলেখ্যকরমে,
অন্যথা বিন্যস্ত করা যায় তাহা তাহা।
তথাপি লাবণ্য তাঁর হয়েছে অন্বিত
এ চিত্রে তূলিকাদ্বারা কথঞ্চিৎ, সখে।

সানুমতী। নিরহঙ্কারতা আর পশ্চাত্তাপগুরু
প্রণয়ের যোগ্য ইহা রাজাধিরাজের।

বিদূষক। হেরিতেছি তিন জনে এ চিত্রফলকে;
সকলেই দর্শনীয়া, শকুন্তলা কেবা?

সানুমতী। ঈদৃশ-রূপ-বিষয়ে অনভিজ্ঞ ইনি ;
মোঘদৃষ্টি এই জন নাহিক সংশয়।
রাজা। কোন্ জনে মনে কর, হে প্রিয়বয়স্য ?
বিদূষক। কবরীবন্ধন যাঁর হয়েছে উন্মুক্ত,
(তাই) কুসুম কেশাগ্র হ'তে হই'ছে স্খলিত,
সমুদ্গত স্বেদবিন্দু হই'ছে আননে,
অবসেক-সুচিক্কণ-তরুণ-পল্লব-
বাল-চূত-তরু-পার্শ্বে দাঁড়াইয়া যিনি,—
ঈষৎ পরিশ্রান্তা যেন আলিখিতা,—ইনি
শকুন্তলা, সখী তাঁর অন্য দুই জন।
রাজা। নিপুণ, বয়স্য, তুমি। আছে এতে মম
ভাবচিহ্ন, সখে। রেখাপ্রান্তে বিমলিন
খিন্নাঙ্গুলিবিনিবেশ দেখা যায় ওই।
কপোলপতিত অশ্রু, বর্ত্তিকা-উচ্ছ্বাসে,
এখনো হইবে দৃশ্য এ চিত্রে, বয়স্য।
বিনোদন-স্থান এই অরধলিখিত,
ওহে চতুরিকে। যাও, আন চিত্রভাণ্ড।
চতুরিকা। যাবৎ না আসি আমি, যে আর্য্য মাঠব্য,
তাবৎ রাখুন ধরি' এ চিত্র ফলক।
রাজা। আমিই রাখিব ধরি', ওহে চতুরিকে।
[ চিত্র ফলক ধরিলেন ]

[ চেটী নিষ্ক্রান্ত ]

রাজা। মূর্ত্তিমতী মম সমীপেতে উপগতা
প্রিয়ারে পূরবে আমি করিয়া অবজ্ঞা,
(তাঁর) চিত্রার্পিত-প্রতিকৃতে বহুমন্যমান,
পথেতে নিকাম জলা স্রোতোবহা ত্যজি'
হইনু আসক্ত যেন মৃগতৃষ্ণিকায়!

বিদূষক। [ আত্মগত ]
অতিক্রম করি' নদী অনুরক্ত ইনি
মৃগতৃষ্ণিকায়। [ প্রকাশ্যে ]
কি অপর লিখিতব্য?

সানুমতী। যে সব প্রদেশ মম সখা-অভিরূপ,
লিখিতে ইচ্ছুক তাহা(ই) হয়েছেন তিনি।

রাজা। হংস-অলঙ্কৃত-তটা মালিনী তটিনী,
আর তার পার্শ্বে, শুন, হইবে লিখিতে
নিষণ্ণহরিণ-পূত-গৌরীগুরুপাদ।
শাখালম্বিতবল্কল-তরুবরতলে
কৃষ্ণসারমৃগশৃঙ্গে করি'ছে ঘর্ষণ
বামনেত্র তা'ম্ব,—এইরূপ মৃগী এক
লিখিতে ইচ্ছুক আমি, হে প্রিয় বয়স্য।

বিদূষক। [ আত্মগত ]
হেরি যথা তাহে ইনি এ চিত্রফলক
পূরা'বেন লম্বকূর্চ্চ তাপসকদম্বে।

রাজা। শকুন্তলা-অভিপ্রেত-প্রসাধন, সখে,
বিস্মৃত লিখিতে হেথা হইয়াছি মোরা।

বিদূষক। কি ভূষণ বিস্মরণ, হে প্রিয়বয়স্য?

সানুমতী। উপযুক্ত হ'তে পারে যা' বনবাসের,
(এবং) শকুন্তলা-নবনীত-দেহ-মার্দ্দবের।

রাজা। আগণ্ডলম্বিত, সখে, কেশর যাহার,
হয়েছে অর্পিত কর্ণে আর বৃন্ত যার,
অনঙ্কিত সে শিরীষ কর্ণ-প্রসাধনে,
শরচ্চন্দ্র-রশ্মি-শুভ্র সূত্র মৃণালের
অরচিত স্তনান্তরে, হে প্রিয়বয়স্য।
স্মরশরাসনমাঝে বিন্দু চন্দনের,
( আর ) দিব্যগণ্ডস্থলতলে রক্ষমাতারাগ,—
উদীচ্য-আলোক-প্রায় শারদ-অম্বরে,
অরুণকমলসম অথবা ক্ষীরোদে,—
অঙ্কনীয় এই চিত্রে, প্রিয়সখে মোর।

বিদূষক। রক্তোৎপলদলপ্রায় হস্তাগ্রে সুন্দর
চকিতচকিতা যেন আবরি' বদন
হয়েছেন কেন ইনি, হে প্রিয়বয়স্য?
[ সাবধানে অবলোকন করিয়া ]
( আঃ! ) মকরন্দ-পাটচ্চর এই মধুকর,—
দাসীপুত্র,—মুখপানে আসি'ছে ইঁহার।

রাজা। ধৃষ্টরে বারণ কর, হে প্রিয়বয়স্য।

বিদূষক। অবিনীতসমুদয়-শাসিতা আপনি(ই) ;
হইবেন নিবারিতে সমর্থ, বয়স্য।

রাজা। উপযুক্ত ইহা। পুষ্পলতাপ্রিয়াতিথে, ৩৯
কেন হে অনুভবিছ পরিপতনের
খেদ হেথা অনুরক্তা কুসুমনিষণ্ণা
মধুকরী সতী ওই হয়েও তৃষিতা
করি'ছে প্রতীক্ষাতব, নাহি পিয়ে মধু।

সানুমতী। বারিত হয়েছে, আর্য্য, যোগ্যরূপে ইহা

বিদূষক। হইলেও প্রতিষিদ্ধা বামা এই জাতি।

রাজা। না পালিলে আজ্ঞামম, ওহে মধুকর !
শুন তবে, হে ভ্রমর, শুন এবে তুমি।
অক্লিষ্ট-বাল-তরু-পল্লব-লোভনীয়
মম প্রিয়াবিম্বাধর,—রতোৎসবে যাহা ৪০
করিতাম ধীরে ধীরে সদয়েতে পান,—
স্পর্শকর যদি তুমি, তা'হ'লে তোমায়
করা'ব নিরুদ্ধ কমলোদরবন্ধনে।

বিদূষক। কেন না হইবে ভীত এই তীক্ষ্ণদণ্ডে ?
[ হাসিয়া আত্মগত ]
উন্মত্ত ইনিত। হইয়াছি এইরূপ
আমি ও ইঁহার সনে। [ প্রকাশ্যে ]
চিত্র ইহা, সখে।

রাজা। কি! চিত্র?

সানুমতী। আমিও এবে পারিনু বুঝিতে;
যথালিখিতানুভাবী রাজরাজেশ্বর
পারেন করিতে (ই) মনে বলিয়া বাস্তব।

রাজা। কেন হে করিলে এই অহিতাচরণ?
সাক্ষাৎ দরশনসুখ তন্ময়-হৃদয়ে
ছিলাম অনুভবিতে, জন্মাইয়া স্মৃতি
পুনরায় চিত্র কেন করিলে কান্তায়?

[ বাষ্পত্যাগ করিতে লাগিলেন ]

সানুমতী। পূর্ব্বাপরবিরোধী এ মার্গ বিরহের
অপূর্ব্ব!

রাজা। কেমনে, সখে, অবিশ্রান্ত দুঃখ
করি অনুভব?—বল বল, হে বয়স্য।
স্বপ্নে সমাগম তাঁ'র নিদ্রাভাবে, সখে,
হয়েছে ব্যাহত। নয়নের নীর হায়
হেরিতে চিত্র ও এঁ'র দিতেছে না মোরে!

সানুমতী। সর্ব্বথা প্রমৃষ্ট হ'ল আপনার দ্বারা
প্রত্যাদেশদুঃখ যত শকুন্তলার।

[ প্রবেশ করিয়া ]

চতুরিকা। জয় হো'ক জয় হো'ক রাজাধিরাজের।
এদিকে আসিতেছিনু লয়ে চিত্রভাণ্ড।
কি হ'ল তাহার পর বল, চতুরিকে?

চতুরিকা। লয়েছেন চিত্রভাণ্ড মম হস্ত হ'তে
মহারাজ্ঞী বসুমতী পথিমাঝে, দেব,
আমিই যাইব লয়ে আর্য্যপুত্রকাছে,—
এ বলি' বলপ্রয়োগে তরলিকাসহ।

বিদূষক। ভাগ্যবশে ছাড়ি দিলা তোমা, চতুরিকে।

চতুরিকা। দেবীর বিটপলগ্ন উত্তরীয় যবে
উন্মুক্ত করিতেছিল চেটী তরলিকা,
আসিনু ছুটিয়া আমি সেই অবকাশে।

রাজা। বহুমানগরবিতা আসি'ছেন দেবী
হেথা, রক্ষাকর তুমি এ চিত্র, বয়স্য।

বিদূষক। বরঞ্চ ভণুন, সখে, রক্ষ আপনারে।
[ চিত্রফলক গ্রহণপূর্ব্বক উত্থান করিয়া ]
অন্তঃপুর-কালকূট হ'তে, হে বয়স্য,
মুক্তি পান যদি, মোরে তা'হ'লে আপনি
করিবেন আহবান মেঘপ্রতিচ্ছন্দে।
[ দ্রুতপদে নিষ্ক্রান্ত ]

সানুমতী। হ'লেও অন্যানুরক্ত রাজরাজেশ্বর
করেন গৌরব রক্ষা পূর্ব্বপ্রণয়ের।
শিথিল-সৌহৃদ এবে হয়েছেন ইনি।
[ পত্রহস্তে প্রবেশ করিয়া ]

প্রতীহারী। জয় হোক জয় হোক রাজাধিরাজের।

রাজা। পথিমাঝে, বেত্রবতি, দেখনি দেবীরে ?

প্রতিহারী। হাঁ, গেলেন ফিরি' পত্র হস্তা হেরি' মোরে।

রাজা। করিলেন পরিহার কার্য্যবিঘ্ন দেবী—
কার্য্যজ্ঞা।

প্রতিহারী। অমাত্য করেছেন নিবেদন,—
একমাত্র পৌরকার্য্য গণনাবাহুল্যে
হইযাছে অবেক্ষিত আজি, পত্রারূঢ়
প্রদত্ত হইল তাহা করুন প্রত্যক্ষ।

রাজা। দেখাও পত্রিকা মোরে, ওহে বেত্রবতি।

প্রতীহারী। [ প্রদান করিল ]

রাজা। [ পাঠ করিয়া ]
কি ? সমুদ্রব্যবহারী মহাসার্থবাহ
ধন মিত্র নাম যা'র,—বিপন্ন নৌভগ্নে।
অনপত্য হতভাগ্য ! লিখিলা অমাত্য,—
সঞ্চিতার্থজাত তা'র হ'বে রাজগামী।
অপত্যহীনতা হায় কষ্টের বিষয় !
বহুধন ছিল তার, ওহে বেত্রবতি,
সম্ভাবনা থাকিবার বহুপত্নী তা'র।
দেখ তাহাদের কেহ অন্তর্ব্বত্নী যদি।

প্রতীহারী। শুনেছি সম্প্রতি মোরা, রাজরাজেশ্বর,
হইয়াছে পুংসবন-সংস্কার সম্পন্ন
সাকেতের জায়া তা'র শ্রেষ্ঠি-দুহিতার।

রাজা। উত্তরাধিকারী গর্ভ ধনের পৈত্রিক।
বল ইহা অমাত্যরে, ওহে বেত্রবতি।

প্রতিহারী। করেন যে আজ্ঞা মোরে রাজরাজেশ্বর।
[ প্রস্থিতা ]

রাজা। এস এস পুনরায়, ওহে বেত্রবতি।

প্রতিহারী। উপস্থিত আমি এই, রাজরাজেশ্বর।

রাজা। আছয়ে সন্ততি কিনা—কি হ'বে জানিয়া?
ঘোষিবে এরূপ,—পাইবে বিয়োগদুঃখ
যে যে স্নিগ্ধ বান্ধবের প্রজা, হইবেন
সেই সেই বান্ধবের স্থানীয় দুষ্যন্ত, ৪৭
পাপাত্মস্থানীয় কিন্তু না হ'বেন কভু।

প্রতীহারী। ঘোষিব এরূপ এবে, রাজরাজেশ্বর।
[ নিষ্ক্রমণ করিয়া পুনঃ প্রবেশ করিয়া ]
শোভনবর্ষণপ্রায় উপযুক্তকালে
হয়েছে অভিনন্দিত দেবের শাসন।

রাজা। [ দীর্ঘ ও উষ্ণনিশ্বাস ত্যাগ করিয়া ]
এরূপে সন্ততিচ্ছেদে নিরালম্বকুলে,
মূল পুরুষের হায় হ'লে অবসান,
পরহস্তগত হয় সমস্ত সম্পৎ।
মম অন্তে এই দশা পুরুবংশশ্রীর (ও)!

প্রতীহারী। অমঙ্গল এ প্রকার হো'ক প্রতিহত।

রাজা । করেছি অবমাননা, ধিক্ মোরে ধিক্,
উপস্থিত মঙ্গলের,—দারুণ-যন্ত্রণা !

সানুমতী । নিন্দিলেন আপনারে ইনি অসংশয়,
সখীরে করিয়া মনে,—মোর মনে লয় !

রাজা । সময়েতে উপ্তবীজা পৃথিবীর সমা ।
সুমহাফলপ্রদানে সমুদ্যতা হায়,
কুলের প্রতিষ্ঠাহেতু ধরমপত্নীরে,
হ'লেও গর্ভিণী অহো করিয়াছি ত্যাগ !

সানুমতী । অবিচ্ছিন্না আপনার হইবে সন্ততি ।

চতুরিকা । [ জনান্তিকে ]
স্বার্থবাহ-বৃত্তান্তে এ(ই) হয়েছে দ্বিগুণ
প্রভুর উদ্বেগ, আন আর্য্য মাঠব্যেরে
মেঘপ্রতিচ্ছন্দ হ'তে, আশ্বাসিতে এঁরে ।

প্রতীহারী । বলেছ উত্তম-কথা, ওহে চতুরিকে ।
[ নিষ্ক্রান্তা ]

রাজা । সংশয়-আরূঢ় অহো পিণ্ডভাগিগণ ।
কে আর দানিবে যথাশ্রুতি সংগৃহীত
নিবাপ,—এ দুঃখে হায় পিতৃ পুরুষেরা
প্রসূতি-বিকল মম প্রসিক্ত উদক,—
ধৌত-অশ্রু-শেষ,—অহো করি'ছেন পান !

[ মূর্চ্ছাগত হইলেন ]

চতুরিকা। [ সসম্ভ্রমে রাজাকে ধরিয়া ]
মহারাজ, মহারাজ, হউন আশ্বস্ত।

সানুমতী। হা ধিক্! হা ধিক্! ইনি থাকিতেও দীপ
ব্যবধান-দোষে হায় অনুভবি'ছেন
অন্ধকার-দোষ! এক্ষণেই এঁরে আমি
করিব নিবৃত্ত। শুনিয়াছি কিন্তু আমি
মহেন্দ্র-জননী-মুখে, সমাশ্বস্তা যবে
করিতেছিলেন তিনি শকুনতলায়,
যজ্ঞভাগে সমুৎসুখ দেবসমুদয়(ই)
করিবেন অনুষ্ঠান সেইরূপ,—যাহে
অভিনন্দিবেন ত্বরা ধর্ম্মপত্নী স্বামী।
এ বৃত্তান্ত দ্বারা তবে করিতে আশ্বস্তা
প্রিয়সখী শকুন্তলে যাই এবে আমি।
[ উদ্‌ভ্রান্তক নৃত্য করিতে করিতে
নিষ্ক্রান্তা ]

[ নেপথ্যে ]

রক্ষ রক্ষ হত হয় অবধ্য ব্রাহ্মণ!

রাজা। [ প্রাপ্তচেতন হইয়া শ্রবণ করিয়া ]
মাঠব্যেরি আর্ত্তস্বর, কে আছ হেথায়?
[ প্রবেশ করিয়া। সসম্ভ্রমে। ]

প্রতীহারী। বয়স্য সংশয়গত, রক্ষুন, নরেশ।

রাজা। কা'র দ্বারা অভিভূত ব্রাহ্মণ কুমার?

প্রতিহারী। আক্রমণ করি' তব প্রিয়বয়স্যেরে,
( কোন ) অদৃষ্টশরীর সত্ত্ব গিয়াছে লইয়া
মেঘপ্রতিচ্ছন্দ-হর্ম্ম্য-শিখরে, নরেশ।

রাজা। [ উত্থান করিয়া ]
পারিবেনা বিনাশিতে কেহ বয়স্যেরে।
মোরো গৃহে হইয়াছে ভূত-উপদ্রব ?
কিংবা যবে প্রতিদিন জানিতে অশক্য
প্রমাদ-স্খলিত যত আপনারি সব ;
কে যাই'ছে কোন্ পথে প্রজাপুঞ্জমাঝে,—
অশেষে জানিতে শক্তি আছয়ে কাহার ?

[ নেপথ্যে ]

মরিলাম মরিলাম, হে প্রিয়বয়স্য !

রাজা। [ দ্রুতগতিতে পরিক্রমণ করিয়া ]
করিওনা ভয়, সখে, করিওনা ভয়।

[ নেপথ্যে ]

অবিহা অবিহা, হে প্রিয়বয়স্য মম।
কেন না করিব ভয়, হে প্রিয়বয়স্য ?
করিয়া অবাক্‌শিরঃ হায়রে আমারে
করি'ছে ইক্ষুর সম ত্রিভঙ্গ এ কোন্ !

রাজা। [ দৃষ্টিপাত করিয়া ]
ধনুক—ধনুক মোর আইস লইয়া

[ ধনুঃহস্তে প্রবেশ করিয়া ]

যবনিকা। হস্তাবাপসহ, প্রভো, এই শরাসন। ৫৩

রাজা। [ শরসহিত ধনুর্গ্রহণ করিলেন ]

[ নেপথ্যে ]

অভিনব-কণ্ঠরক্ত-পিপাসু শার্দ্দূল
বিনাশে বিচেষ্টমান পশুরে যেমতি,
বিনাশিব সেইরূপ তোমায় আমিও।
আর্ত্তভয় অপনিতে গৃহীত কার্ম্মুক
দুষ্যন্ত হউন এবে শরণ তোমার।

রাজা। [ সরোষে ]
কি? বলিতেছে আমায় করিয়া উদ্দেশ?
তিষ্ঠ, রে কুণপাশন, বাঁচিলি না আর।

[ ধনুকে গুণ দিয়া ]

দেখাও সোপানমার্গ, ওহে বেত্রবতি।

প্রতীহারী আসুন এদিকে, দেব, আসুন এদিকে।

সকলে। [ সত্বর গমন করিতে লাগিলেন ]

রাজা। [ চতুর্দ্দিকে অবলোকন করিয়া ]
সব শূন্য! সব শূন্য! সব শূন্য এত। ৫৪

[ নেপথ্যে ]

অবিহা! অবিহা। হে প্রিয়বয়স্য মোর!
বিড়ালগৃহীত অহো মূষক যেমতি
জ বনে নিরাশ হয়,—আমিও তেমতি

রাজা। অন্তর্দ্ধান-বিদ্যা-বলে দৃপ্ত, রে রাক্ষস,
দেখিতে পাইবে শস্ত্র আমার তোমায়।
করিতেছি সংযোজিত সেই বাণ আমি,
বিনাশ করিবে যাহা বধার্হ তোমায়,
করিবেক রক্ষা কিন্তু রক্ষ্য এ ব্রাহ্মণে।
নীরমিশ্রক্ষীর হ'তে হংস পিয়ে ক্ষীর।

[ বাণ যোজনা করিলেন ]

[ তৎপরে বিদূষককে পরিত্যাগ
করিয়া মাতলি প্রবেশ করিলেন ]

মাতলি। করেছেন হরি তব অসুরনিকায়ে ৫৯৮
শরব্য, এ শরাসন করুন আকৃষ্ট
তা সবার প্রতি। প্রসাদ-অমল-দৃষ্টি
নিপতিতা সুহৃজ্জনে সাধুকদম্বের,
নহে নহে নিদারুণ শরসমুদয়।

রাজা। [ অস্ত্র সংহৃত করিয়া ]
( অয়ে ) মাতলি! ইন্দ্রসারথে, স্বাগত স্বাগত।

[ প্রবেশ করিয়া ]

বিদূষক। মারিয়া ফেলিতে যিনি ছিলেন আমায়
ইষ্টিপশুপ্রায়, হ'লেন অভিনন্দিত
স্বাগত স্বাগত বলি' তিনি এঁর দ্বারা।

মাতলি। [ ঈষৎ হাস্যের সহিত ]
যদর্থে প্রেষিত আমি ভবৎসকাশে
হরিদ্বারা, আয়ুষ্মন্, করুন শ্রবণ।

রাজা। হইয়াছি অবহিত, মহেন্দ্রসারথে।

মাতলি। আছয়ে দানবগণ দুরজয় নামে,—
শতবাহু-কালনেমি-প্রসূতি, নরেশ।

রাজা। আছে, শুনিয়াছি পূর্ব্বে নারদের মুখে।

মাতলি। তব সখা দেবেন্দ্রের অজয্য তাহারা,
রণশিরে বধিবেন আপনি তা সবে,—
বিবেচনা করি মোরা, রাজরাজেশ্বর।
বিদূরিতে অসমর্থ যে নৈশ তিমির
সপ্তসপ্তি, বিদূরিত করেন তা চন্দ্র।
সশস্ত্রই, মহারাজ, আছেন আপনি,
করুন প্রস্থান এবে লভিতে বিজয়,
করি আরোহণ এই রথে মহেন্দ্রের।

রাজা। হয়েছি অনুগৃহীত ইন্দ্র-প্রদর্শিত।
এ গৌরবে, হে মাতলে। ইচ্ছা জানিবার,—
কেন হেন ব্যবহার মাঠব্যের প্রতি ?

মাতলি। বলিতেছি তা ও আমি, রাজরাজেশ্বর।
হেরিলাম আপনারে অতীব বিক্লব,
বিশেষ কারণে কোন মনঃ সনতাপে।

করেছি তা আপনারে ক্রুদ্ধ করিবারে
কারণ—অগ্নির কাষ্ঠ করিলে চলিত
উঠয়ে জ্বলিয়া অগ্নি, বিপ্রকৃত সর্প
করে ফণা উত্তোলন। হ'লে উত্তেজিত
প্রায়ই ধারণ করে লোকে স্বীয় তেজঃ।

রাজা। [ জনান্তিকে ]
নাতিক্রমণীয়া, সখে, দিবস্পতি-আজ্ঞা।
অতএব, এ বিষয়ে জানায়ে অমাত্যে,
বলিবে, বয়স্য, তাঁরে মম বাক্যমতে,—
করুক পালন এবে প্রকৃতি সকলে
স্বমতি কেবলা। হইয়াছে এই ধনু,—
আরোপিতগুণ,—অন্য করমে ব্যপৃত।

বিদূষক। আদেশ করেন যাহা রাজরাজেশ্বর।

মাতলি। আরোহণ, আয়ুষ্মন্, করুন স্যন্দনে।

রাজা। [ রথারোহণ অভিনয় করিলেন ]

[ সকলে নিষ্ক্রান্ত ]

ষষ্ঠ অঙ্ক সমাপ্ত।

# অভিজ্ঞানশকুন্তল

## সপ্তম অঙ্ক।

[ তাহার পর আকাশযানে রথাধিরূঢ়
রাজা ও মাতলির প্রবেশ ]

রাজা। করেছি পালন সত্য ইন্দ্রের আদেশ,
মহেন্দ্রসারথে, কিন্তু বিশিষ্ট আদর
অভ্যর্থনা আর তাঁর হেরিয়া, মাতলে,
করিতেছি বিবেচনা অযোগ্য আমায়।

মাতলি। [ ঈষৎ হাস্যের সহিত ]
হই'ছে অতৃপ্ত বোধ এই বিষয়েতে
আপনাদোঁহায়, আয়ুষ্মন্। করি'ছেন
লঘু বোধ আত্মকৃত প্রথমোপকার,
আদর-গৌরব-হেতু ইন্দ্র-অনুষ্ঠিত,
তিনিও বিস্ময়াপ্লুত তব অবদানে
আত্মকৃত-অভ্যর্থনা ভাবি'ছেন লঘু।

রাজা। এরূপ না বলিবেন, মহেন্দ্র সারথে।
মনোরথ-অগোচর সৎকার তাঁহার
বিসর্জন-অবসরে। কারণ, মাতলে,

অস্তিকস্থ আত্মসুত হেরিয়া জয়ন্তে
অভিলাষবান্, হরি হাসিয়া ঈষৎ
দেবগণসমক্ষেতে বসাইয়া মোয়
অর্দ্ধাসনে, দিয়াছেন পরাইয়া মোরে
স্ববক্ষঃচন্দনলিপ্তা মন্দারের মালা।

মাতলি। অমর-ঈশ্বর হ'তে রাজরাজেশ্বর
নাহি যোগ্য হ'ন কোন্ বস্তু পাইবার ?
হেরুন, নরেশ, পুরা নৃসিংহ-নখর,
অধুনা আনতপর্ব্ব তব শর—দুয়ে
করিয়াছে উন্মুলিত দানব-কণ্টক,
সুখপর-হরি-ত্রিদশ-আলয় হ'তে।

রাজা। ইন্দ্রেরি মহিমা স্তুত্য এ বিষয়ে খলু।
কারণ নিযোজ্যগণ করে সিদ্ধিলাভ
মহৎ কর্ম্মেও,—জানিবেন গুণ তাহা
প্রভুগণ-গৌরবের। সহস্র কিরণ
না নিবেশিতেন যদি যানাগ্রে অরুণে,
তা'হলে হ'তেন তিনি শক্ত তমোনাশে ?

মাতলি। উপযুক্ত তব ইহা, রাজরাজেশ্বর।
[ কিয়দ্দূর গমন করিয়া ]
করুন অবলোকন এস্থান হইতে
নাকপৃষ্ঠ-প্রতিষ্ঠিত, ওহে আয়ুষ্মন্,
আত্মযশ-সুসৌভাগ্য। দেবগণ ওই

গীতক্ষম অর্থজাত করি' বিচিন্তন,
সুরনারী-অঙ্গরাগ-শেষ-বর্ণ দিয়া
লিখি'ছেন ত্বচ্চরিত কল্পলতাংশুকে।

[ মহর্ষি নারদ কল্পলতাপ্রসূতবসনে নীলপীতাদিবর্ণে লিখিত প্রথম গীত বীণাযন্ত্রসংযোগে গান করিতেছেন—দূর হইতে শ্রুত হইতেছে ]

এ বিপুলবিশ্বমাঝে পুরুস্থান তা'র নাম।
বাজ্ বীণ্ বাজ্ বীণ্ বাজ্‌রে মধুর-স্বরে !
এ বিপুলবিশ্বমাঝে পুরুস্থান তা'র নাম।
বাজ্‌রে বাজ্‌রে বীণা বাজ্‌রে মধুর-স্বরে !
সারা-ধরা-সার-দেশ নাম তা'র পুরুস্থান।
হিমালয়-হিমগিরি আছয়ে শিয়রে ধরি'
চির-নীহারের বাহু,—মহাসিন্ধু পায়ে তারি।
ষড়্‌ঋতু দ্বারে দ্বারে সেবি'ছে সতত যারে,
জগৎ-মাঝারে মরি তুলনা দিতে গো নারি,—
এ বিপুলবিশ্বমাঝে নাম তার পুরুস্থান।
কালিন্দী সরযূ সিন্ধু কপোতাক্ষ কৃষ্ণা বিন্দু
ভাগীরথী স্রোতস্বতী করে যারে আরাধন।
রাজরাজেশ্বর তারি আসিয়া অমরপুরী
দানব-কণ্টক যত করিলেন উন্মূলিত।
গাহ গাহ জয় জয় রাজা দুষ্যন্তের জয়,
হস্তিনা-পতির জয় অমর-আলয়ময়।

পুলকে বিপুল বিশ্ব জয়গানে পূর আস্য—
রাজরাজ শূর-বীর ধন্য দুষ্যন্তের জয়।
সুরাঙ্গরী সবে ঘুরি' গাহ পুরুপতিজয়।
স্বাধীনতা-নিকেতন নাম তা'র পুরুস্থান।
মানব-সভ্যতা-উষা মিটা'ল জগৎ-তৃষা
ভাতি' যা'র তপোবন, —নাম তা'র পুরুস্থান।
গহনে কাননে যা'র ঘুরি' ঘুরি' অনিবার
এ বীণা স্বনিয়া অহো করি হরি-গুণ-গান,—
এ বিপুলবিশ্বমাঝে নাম তা'র পুরুস্থান।
সপ্ত স্বর্গ ভেদি' যা'ক দুষ্যন্তের জয়গান!

রাজা। অসুরনিকায়সহ সংগ্রাম-চিন্তায়
আছিনু উৎসুকচিত্ত পূর্ব্বেদ্যুঃ, মাতলে,
হয়নি লক্ষিত তাই স্বর্গ-মারগ
অধিরোহণ-সময়ে অমর-আলয়ে।
রহিয়াছি মোরা এবে কোন্ বায়ুপথে?

মাতলি। পরিবহ যেই বায়ু করয়ে বহন
গগনেতে প্রতিষ্ঠিতা ত্রিস্রোতা গঙ্গায়;
করয়ে জ্যোতিষ্কচয়ে চক্রে প্রবর্ত্তিত,
ইতঃস্ততঃ বিসারিয়া রশ্মি তাহাদের,
দ্বিতীয়হরিবিক্রমে অপহততমঃ
পরিবহ-মার্গ বলি' অভিহিত ইহা।

রাজা। হইতেছে অন্তরাত্মা প্রসন্ন আমার
সহবাহমন তাই, মহেন্দ্রসারথে।
[ রথাঙ্গ অবলোকন করিয়া ]
অবতীর্ণ এবে মোরা মেঘপদবীতে।
মাতলি। কেমনে তা জানিলেন, রাজরাজেশ্বর?
রাজা। শীকর দ্বারায় তব ক্লিন্ননেমি রথ,
চক্রাঙ্গবিবর দ্বারা নির্গত চাতক,
( এবং ) ক্ষণপ্রভা-অনুলিপ্ত-হরিগণদ্বারা
সজলজলদোপরি জ্ঞাপি'ছে গমন।
মাতলি। হইবেন উপস্থিত রাজরাজেশ্বর
মুহূর্ত্তসময়মাঝে স্বাধিকারভূমে।
রাজা। [ অধোদিকে অবলোকন করিয়া ]
বেগাবতরণহেতু, মহেন্দ্রসারথে,
দেখাই'ছে অত্যাশ্চর্য্য এ মনুষ্যলোক।
উন্মজ্জমান শৈলচয়-শৃঙ্গহ'তে
করি'ছে অবরোহণ যেন এ মেদিনী!
করি'ছে পাদপগণ স্কন্ধোদয়ে ত্যাগ
পর্ণাভ্যন্তরলীনতা। আপগাসকল,—
তনুভাবনষ্টজল,—করিয়া ধারণ
বিস্তীর্ণতা পুনর্ব্বার পাই'ছে প্রকাশ।
উৎক্ষেপি' ভুবনে যেন সমীপে আমার
কোন জন আনয়ন করি'ছে, মাতলে।

মাতলি। করেছেন অবেক্ষণ সুনিপুণভাবে।
[ সাদরে অবলোকন করিয়া ]
কি উদার-রমণীয়া অহো এ পৃথিবী!

রাজা। পূর্ব্বাপরসিন্ধুব্যাপী স্বর্ণদ্রবস্রাবী
সান্ধ্যমেঘার্গলপ্রায় কোন্ ঐ পর্ব্বত ?

মাতলি। কিম্পুরুষপর্ব্বত এ(ই) নামে হেমকূট,—
তপস্যার সিদ্ধিক্ষেত্র, অয়ি আয়ুষ্মন্।
হেরুন—স্বয়ম্ভুসুত মরীচি হইতে
হয়েছেন উৎপন্ন যেই প্রজাপতি,
সুরাসুরগুরু সেই কশ্যপ, নরেশ,
করি'ছেন সপত্নীক তপস্যা হেথায়।

রাজা। নাতিক্রমণীয় তবে এই অবসর
মঙ্গলের, হে মাতলে। ইচ্ছা করি আমি
প্রদক্ষিণ করি তাঁরে করিতে গমন।

মাতলি। প্রথম সঙ্কল্প ইহা, রাজরাজেশ্বর।
[ উভয়ে অবতরণ অভিনয় করিলেন ]

রাজা। [ সবিস্ময়ে ]
হইল না কোন শব্দ চক্রনেমি হ'তে,
উঠিতে ধূলিপটল নাহি যায় দেখা।
অবতীর্ণ হইলেও তব এ স্যন্দন,
রথগতি নিরোধেতে, নাহি হয় বোধ
অভূতলস্পর্শতায় অবতীর্ণ বলি'।

মাতলি। শতক্রতু আর তব এ(ই) হয় বিশেষ।

রাজা। কোন্ ভাগে, হে মাতলে, মারীচ-আশ্রম?

মাতলি। [ হস্তের দ্বারা দেখাইয়া ]
শরীর যাঁহার হয় অর্দ্ধনিমগন
বল্মীক-স্তূপেতে, বক্ষঃস্থল সমাশ্লিস্ট
অহিত্বক্দ্বারা কণ্ঠদেশ সম্পীড়িত
জীর্ণলতা-নিকুরম্ব-বলয় দ্বারায়,
আস্কন্ধ বিলম্বমান যাঁর জটাভার,—
শকুন্ত-নীড়-নিচিত,—অচল স্থাণুর
সম, অভি অর্ক স্থিত ওই মুনি যথা,—
তথায় মারীচাশ্রম, রাজরাজেশ্বর।

রাজা। কষ্টসাধ্য-তপস্যায় নিরত হে ঋষে,
নমস্কার করি আমি চরণে তোমার।

মাতলি। [ রথরশ্মি সংযত করিয়া ]
প্রবেশিনু মোরা এবে, রাজরাজেশ্বর,
প্রজাপতি কশ্যপের আশ্রমে সুন্দর,—
অদিতি পরিবর্দ্ধিত-মন্দার-শোভিত।

রাজা। অধিক' সুখের স্থান স্বর্গ হ'তে ইহা,
করিতেছি স্নান যেন অমৃতের হ্রদে!

মাতলি। [ রথ স্থাপিত করিয়া ]
করুন অবতরণ হেথায়, রাজন্।

রাজা। [ অবতরণ করিয়া ]
এখন কি করিবেন, মহেন্দ্রসারথে?
মাতলি। সংযন্ত্রিত রথ মম। আমিও, নরেশ,
করিব অবতরণ। [ অবতরণ করিয়া ]
তবে আসুন এদিকে।
[ পরিক্রমণ করিয়া ]
করুন অবলোকন ঋষি-তপোবন।
রাজা। করিতেছি দরশন হইয়া বিস্মিত;
থাকিলেও কল্পবৃক্ষ এই তপোবনে,
অনিলে অভ্যস্ত এঁরা জীবন-ধারণে।
স্বর্ণপদ্মরেণুতোয়ে হয় নির্ব্বাহিতা
ধর্ম্ম-অভিষেক-ক্রিয়া। রত্নশিলাতলে
বসি' ধ্যান-সম্পাদন। সংযম-সাধন
বিবুধস্ত্রীসন্নিধানে। অন্য মুনিগণ
করেন আকাঙ্ক্ষা যাহা তপস্যার দ্বারা,
করি'ছেন তপঃ এঁরা সে স্থানে, মাতলে।
মাতলি। প্রার্থনা মহদ্‌গণের উতসর্পিণী খলু।
[ পরিক্রমণ করিয়া। আকাশে ]
কি করি'ছেন ভগবান্ মারীচ এখন,
হে বৃদ্ধশাকল্য? কি বলিলে, হে শাকল্য?—
দাক্ষায়ণী-পৃষ্ট হ'য়ে বলি'ছেন তাঁরে,—
মহর্ষিপত্নীসহিতা,—পাতিব্রত্য-কথা।

রাজা। [ শ্রবণ করিয়া ]
যাবৎ না শেষ হয় এই প্রস্তাবের,
অবসর প্রতীক্ষিতে হইবে তাবৎ।

মাতলি। [ রাজার দিকে দৃষ্টিপাত করিয়া ]
করুন অপেক্ষা হেথা অশোকের মূলে ;
অবসর অন্বেষণ করি আমি এবে,
নিবেদিতে তব কথা ইন্দ্রগুরু কাছে।

রাজা। যথা বিবেচনা তব, মহেন্দ্রসারথে।
[ অশোকতরুমূলে অবস্থান করিলেন ]

মাতলি। রাজন্, গমন করি এবে আমি তথা।
[ নিষ্ক্রান্ত ]

রাজা। [ নিমিত্ত অনুভব করিয়া ]
কার'ছ স্পন্দন বৃথা কেন, মম বাহো ?
শকুন্তলা-সমাগম-মনোরথ-আশা(ও)
পারি না করিতে। পূর্ব্বাবধীরিত শ্রেয়ঃ
দুঃখরূপে পরিণত হয় অসংশয়।

[ নেপথ্যে ]
করিওনা চপলতা ক'রোনা, বালক।
করিলে অনুসরণ আত্মপ্রকৃতির !

রাজা। [ শ্রবণ করিয়া ]
অবিনয়-যোগ্য স্থান নহে নহে এত।
করিতেছে এইরূপে নিবেধ কাহারে ?

[ শব্দানুসারে অবলোকন করিয়া। সবিস্ময়ে ]
অবালসত্ত্ব কে(এ) বাল,—ঐ তাপসীদ্বয়
আসি'ছে পশ্চাতে যা'র ? ক্রীড়িতে সবলে
কর্ষণ-ক্লিষ্ট-কেশর কেশরি-শিশুরে,—
অর্দ্ধপীত মাতৃস্তন,—করিছে কর্ষণ।
[ অনন্তর যথানির্দ্দিষ্টকর্ম্মা বালক
তাপসীদ্বয়ের সহিত প্রবেশ করিল ]

বালক। মুখ খোল্, অরে সিংহ, গণি তোর দাঁত।

প্রথমা। অপত্যকল্প, অবিনীত, এ(ই) সত্ত্বগণ,
কেন করিতেছ ক্রুদ্ধ ইহাসবে তুমি ?
সংরম্ভ বাড়ি'ছে তব ! দিলা ঋষিগণ
সরবদমন নাম স্থানে খলু তব।

রাজা। যেরূপ ঔরসপুত্রে হয় স্নেহাকৃষ্ট
চিত্ত, হইতেছে কেন মম মন তথা
এই বালকের প্রতি ? অসংশয় মোর
করি'ছে অনপত্যতা এরূপ বৎসল।

দ্বিঃ তাপসী। যদি না মুঞ্চহ তুমি পুত্রকে ইহার,
তাহা হ'লে এই সিংহী লঙ্ঘিবে তোমায়।

বালক। [ ঈষৎ হাস্যের সহিত ]
ইঃ ! পেয়েছি ভারি ভয় ! ভয়ে গেনু ম'রে !
[ অধর দেখাইল ]

রাজা। স্ফুলিঙ্গাবস্থায় স্থিত ইন্ধন-অপেক্ষ,
অনলের প্রায় এই বালকেরে মোর
মহাতেজঃবীজ বলি’ হয় অনুমান।

প্রথমা। মৃগেন্দ্র শিশুরে এই কর, বৎস, ত্যাগ.
দানিব অপর এক ক্রীড়নক তোমা।

বালক। কোথায় সে দ্রব্য আছে? দাও তাহা মোরে।

[ হস্তপ্রসারণ করিল ]

রাজা। কি! ধারণ করে এ যে চক্রবর্ত্তিচিহ্ন(ও)!—
লোভনীয়-বস্তু-প্রার্থনায় প্রসারিত,
জালগ্রথিতঅঙ্গুলি এর এই কর,
(প্র)দীপ্তরাগ-তরুণ ঊষায় উন্মীলিত,
অদৃশ্যপত্রবিবর পদ্মেকের প্রায়
পাইতেছে শোভা কিবা মরি মরি মরি!

দ্বিতীয়া। পারিবেনা, হে সুব্রতে, করিতে বিরত
বাঙ্‌মাত্রে এ বালকেরে। যাও গৃহে মোর,
আছে তথা ঋষিসুত-মার্কণ্ডেয়-
মৃত্তিকাময়ূর,—আনি তাহা দেহ এরে।

প্রথমা। তাই করি তবে আমি, ওহে প্রিয় সখি।

[ নিষ্ক্রান্তা ]

বালক। ক্রীড়া করি ততক্ষণ ইহার সহিত।
[ তাপসীর দিকে দৃষ্টিপাত করিয়া
হাসিতে লাগিল ]

রাজা। হইলেও ত্বুর্লালিত প্রিয় এ আমার।
অনিমিত্ত হাস্যে দৃষ্ট ঈষৎ যাসবার ২০১
দন্তপংক্তিচয়,—কুন্দকোরক সদৃশ,—
অস্পষ্ট-অক্ষর-হেতু বাক্য-উচ্চারণ
রমণীয় যাসবার, অঙ্ক-আরোহণে
সমুৎসুক যা'রা,—এরূপ তনয়গণে
মলিনতা প্রাপ্ত হ'ন ধরিয়া উৎসঙ্গে
পুণ্যবান্ জনেরাই তদঙ্গরজেতে।

তাপসী। করিতেছে এ বালক অবজ্ঞা আমায়।
[ পার্শ্বে অবলোকন করিলেন ]
ঋষিসুতগণমাঝে কে আছে হেথায় ?
[ রাজাকে অবলোকন করিয়া ]
দানি'ছে ডিম্ভলীলায় ক্লেশ এ বালক
দৃঢ়রূপে ধরি' করে মৃগেন্দ্র শিশুরে,
অসমর্থা মোচনিতে হস্তগ্রহ এর,
আসুন, হে ভদ্রমুখ, করিতে মোচন।

রাজা। [ গমন করিয়া ঈষৎ হাস্যের সহিত ]
অয়ি ভো মহর্ষিপুত্র, বাল্য হ'তে তুমি
আশ্রমবিরুদ্ধবৃত্তি করিয়া আশ্রয়,
করি'ছ দূষিত কেন সংযম-গুণেরে,—
প্রাণীর আশ্রয় ভূত আর সুখকর,—
কৃষ্ণসর্পশিশু যথা দূষয়ে চন্দনে ?

তাপসী। নহে এ ঋষিকুমার, ওহে ভদ্রমুখ।

রাজা। আকারের অনুরূপ কার্য্যেতে ইহার
দিতেছে বলিয়া তাহা। স্থান-বিশ্বাসেতে
করিয়াছিলাম মনে এরূপ আমরা।
[ বালকের হস্ত হইতে সিংহশিশুকে
মুক্ত করিয়া বালকের গাত্রস্পর্শ অনুভব
করিয়া। আত্মগত ]
কোন-অভিজ্ঞাত-জন-কুল-অঙ্কুরের
গাত্রস্পর্শে হইতেছে এত সুখোদয়।
জানিনা যে পুণ্যাত্মার তনূজ এ বাল,
কীদৃশ তাহার চিত্তে জনমায় সুখ!

তাপসী। [ উভয়কে অবলোকন করিয়া ]
আশ্চর্য্য! আশ্চর্য্য অতি!

রাজা। আশ্চর্য্য কি, আর্য্যে?

তাপসী। ত্বদাকৃতি হয় এর রূপসংবাদিনী,—
হইয়াছি, মহাশয়, বিস্মিতা এ হেতু;
হ'লেও অপরিচিত অনুকূল তব।

রাজা। [ বালককে সাদরে স্পর্শ করিয়া ]
নহে যদি মুনিপুত্র এ বালক, আর্য্যে,
তাহা হ'লে ব্যপদেশ কি হয় ইহার?

তাপসী। পুরুবংশ হয় গোত্র এর, মহাশয়।

রাজা। [ আত্মগত ]
একান্বয় এ বালক আমার সহিত ?
আমার সদৃশ তাই করি'ছেন মনে
এ বালকে ইনি। অন্ত্য কুলব্রত এই
পৌরবগণের,—ক্ষিতি-রক্ষা-তরে যাঁরা
করেন কামনা বাস যৌবনসময়ে,
রসাধিক ভবনেতে, বার্দ্ধকে তাঁহারা
করিয়া অবলম্বন বাণপ্রস্থধর্ম্ম
তরুমূল গেহরূপে করেন আশ্রয়।

[ প্রকাশ্যে ]
পারে না আসিতে কিন্তু এই আশ্রমেতে
আত্মগতিদ্বারা কভু মানবনিচয়।

তাপসী। ভণি'ছেন যেইরূপ সৌম্যদরশন।
দেবগুরু-তপোবনে হইলা প্রসূতা
অপ্সরঃসম্বন্ধহেতু জননী ইহার।

রাজা। [ জনান্তিকে ]
হন্ত! আশাজননের দ্বিতীয় এ(ই) হেতু।

[ প্রকাশ্যে ]
কিমাখ্য-রাজর্ষি-পত্নী হ'ন তিনি, আর্য্যে ?

তাপসী। পড়েছে ভাবনা কা'র করিবারে নাম
ধর্ম্মদার-পরিত্যাগী সেই নৃশংসের ?

রাজা। [ স্বগত ]
করি'ছে মোরেই লক্ষ্য এই কথা খলু।
ইহার মাতার নাম যদি সুধি আমি ?
পরস্ত্রী-পৃচ্ছা-ব্যাপার অথবা অনার্য্য।
[ মৃন্ময়ূরহস্তে প্রবেশ করিয়া ]

তাপসী। শকুন্ত-লাবণ্য হের, হে সর্ব্বদমন।

বালক। [ দৃষ্টিপাত করিয়া ]
কোথায় জননী মোর বল তা' আমায় ?

উভয়ে। হয়েছে বঞ্চিত এই জননীবৎসল
নামের সাদৃশ্য-হেতু।

দ্বিতীয়া। হেরহ রম্যতা
এ মৃন্ময়ূরের, বৎস্য,—ভণিত ইহাই।

রাজা। [ আত্মগত ]
শকুন্তলা কি ইহার জননীর নাম ?
এরূপ নাম-সাদৃশ্য আছয়ে অনেক।
তবে কি এ নামোল্লেখ মরীচিকাপ্রায়
হইল আমার হায় বিষাদের তরে !

বালক। সুন্দর ময়ূর এই লাগি'ছে, মা, ভাল।
[ ক্রীড়নক গ্রহণ করিল ]

প্রথমা। [ বিলোকন করিয়া সোদ্বেগে ]
না দেখি প্রকোষ্ঠে এর রক্ষা-করণ্ডক !

রাজা। আবেগের কিছুমাত্র নাহি প্রয়োজন।
মৃগেন্দ্র-শাব-সহিত সংবর্দ্ধন-হেতু
গিয়াছে পড়িয়া ইহা দেখুন ঐ, আর্য্যে।
[ তুলিতে ইচ্ছা করিলেন ]

উভয়ে। তুলিবেন না এ, আর্য্য। তুলেছেন দেখ!
[ বিস্ময়হেতু উরোনিহিতহস্তে পরস্পর
পরস্পরের দিকে দৃষ্টিপাত করিলেন ]

রাজা। কি কারণে প্রতিষিদ্ধ হইলাম মোরা?

প্রথমা। করুন শ্রবণ তাহা, ওহে মহাভাগ।
দিয়াছেন ভগবান্ মারীচ ইহায়
ওষধি অপরাজিতা জাতকর্ম্মকালে।
জনক জননী কিংবা আত্মভিন্ন অন্যে
পড়িলে ভূমিতে ইহা করেনা গ্রহণ।

রাজা। করয়ে গ্রহণ যদি কেহ ইহা, আর্য্যে?

প্রথমা। তা' হ'লে দংশন করে সর্প হয়ে তা'রে।

রাজা। বিক্রিয়া প্রত্যক্ষীকৃতা কভু কি ইহার?

উভয়ে। অনেক অনেক বার করেছি প্রত্যক্ষ।

রাজা। [ সহর্ষে। আত্মগত ]
হয়েছে হয়েছে পূর্ণ মম মনোরথ।
কেন না অভিনন্দন করিব ইহারে?
[ বালককে আলিঙ্গন করিলেন ]

দ্বিতীয়া। নিবেদিতে এ বৃত্তান্ত শকুনতলায়—
নিয়ম-ব্যাপৃতা,—চল যাই, হে সুব্রতে।
[ উভয়ের নির্গমন ]

বালক। যাইব মাতৃ-সকাশে মুঞ্চহ আমায়।

রাজা। করিবে অভিনন্দন মাতারে তোমার
আমার সহিত, পুত্র, তিষ্ঠ ক্ষণকাল।

বালক। দুষ্মন্ত আমার তাত, নহ নহ তুমি।

রাজা। [ ঈষৎ হাস্যের সহিত ]
উৎপাদি'ছে প্রত্যয় এই বিবাদই।
[ অনন্তর একবেণীধরা শকুন্তলার প্রবেশ ]

শকুন্তলা। বিকারকালেও আছে সর্ব্বদমনের
অবিকৃতা এ ওষধি,—শুনিয়াও ইহা
হয় নাই আশা মম ভাগ্যের বিষয়ে।
অথবা কহিলা যথা সখী সানুমতী,
তাহাতে হইতে পারে ইহাও সম্ভব।

রাজা। [ শকুন্তলাকে অবলোকন করিয়া ]
ধূসর-বাস-বসানা ব্রতক্ষামাননা
ইনি সেই শকুন্তলা,—এক বেণীধরা,—
করি'ছেন যিনি এই অতি নিষ্ঠুরের
ধারণ বিরহ-ব্রত দীর্ঘকালব্যাপী।

শকুন্তলা। [ পশ্চাত্তাপ-বিবর্ণ রাজাকে দেখিয়া ]
ইনি ত নহেন মম আর্য্যপুত্রসম।

তবে করি'ছে কে এ দূষিত দারকেরে—
রক্ষামঙ্গলসহিত—স্বগাত্রস্পরশে।

বালক। [ মাতৃ-সমীপে গমন করিয়া ]
পুত্র বলি' আলিঙ্গি'ছে এ(ই) কে মোরে, মাতঃ !

রাজা। প্রদর্শিনু তব প্রতি যে নৈষ্ঠুর্য্য, প্রিয়ে,
হইয়াছে অনুকূল পরিণাম তা'র,
(এবে) যেহেতু প্রত্যভিজ্ঞাত আমি তোমাদ্বারা !

শকুন্তলা। [ আত্মগত ]
সমাশ্বস্ত হও এবে, হে হৃদয় মম।
ত্যজিয়া মৎসর রোষ দৈব মম প্রতি
করিয়াছে অনুকম্পা। আর্য্যপুত্র(ই) ইনি !

রাজা। স্মৃতিভিন্নমোহতমঃ প্রমুখে আমার
হইয়াছ ভাগ্যক্রমে উপস্থিতা, প্রিয়ে ;
রোহিণী শশীর সহ হয়েছে মিলিতা
উপরাগ-অবসানে।

শকুন্তলা। জয়, আর্য্যপুত্র !
[ অর্দ্ধোচ্চারণ করিয়া বাষ্পরুদ্ধকণ্ঠে
বিরতা হইলেন ]

রাজা। হইলেও জয়শব্দ (নি)রুদ্ধ বাষ্পবেগে,
তথাপি আমার জয় জানিবে, সুন্দরি,
যেহেতু হেরেছি আমি তব, প্রিয়তমে,
পাটলোষ্ঠপুট মুখ—সংস্কার-বিরহে(ও)।

বালক। কে এ, হে জননি ?
শকুন্তলা। পৃচ্ছ তব ভাগধেয়ে।
রাজা। [ শকুন্তলার পদতলে পতিত হইয়া ]
হউক বিগত তব, সুশোভনতনু,
প্রত্যাদেশত্বঃখ যত হৃদয়-কন্দরে।
হয়েছিল উপস্থিত তদা কি প্রকার
চিত্তের সম্মোহ এক অতীব প্রবল।
মোহাচ্ছন্ন জনেদের শুভ বিষয়েতে
এবম্প্রায় আচরণ থাকয়ে হইয়া।
দূরেতে নিক্ষেপে অন্ধ শিরঃ সঞ্চালিয়া
শিরঃন্যস্তা মালাকেও অহিভ্রম করি'।
শকুন্তলা। করুন উত্থান, প্রিয় আর্য্যপুত্র মম।
সুকর্ম্মপ্রতিবন্ধক পুরাকৃত কোন
আছিল নিশ্চয় তদা পরিণামমুখ।
হ'লেও সদয় তাই আর্য্যপুত্র মম
হইলেন মোর প্রতি বিরস তখন।
রাজা। [ উত্থান করিলেন ]
শকুন্তলা। কেমনে স্মরণ হ'ল এ ত্বঃখভাগীরে ?
রাজা। বলিব বিষাদ-শল্য করিয়া উদ্ধৃত।
করিনু উপেক্ষা আমি পূর্ব্বে মোহবশে
পীড়াপ্রদ, হে সুতনু, যে অশ্রুনিচয়,
বিন্দু বিন্দু নিপতিত তোমার অধরে,

আকুটিলপক্ষ্মলগ্ন সেই অশ্রু তব
প্রমার্জ্জিয়া হ'ব অদ্য বিগতানুশয়।

[ অশ্রু মুছাইয়া দিলেন ]

শকুন্তলা। [ নামমুদ্রা দেখিয়া ]
এই সেই অঙ্গুলীয় আর্য্যপুত্র মম !
রাজা। উপলব্ধা স্মৃতি মোর উপলম্ভে এর।
শকুন্তলা। বিষম ঘটা'ল ইহা হয়ে দুরলভ
প্রত্যায়ন-কালে অহো ! আরযপুত্রের
রাজা। ধারণ করুক লতা তবে কুসুমেরে—
ঋতুসমবায়চিহ্ন, অয়ি প্রিয়তমে ! ৩৪।
শকুন্তলা। বিশ্বাস করিনা আমি এই অঙ্গুলীয়ে।
করুন ধারণ স্বয়ং আর্য্যপুত্র ইহা।

[ অনন্তর মাতলির প্রবেশ ]

মাতলি। অভ্যুদয় উপস্থিত তব আয়ুষ্মন্ !
পুত্রমুখ দরশন আর সমাগমে
ধরমপত্নীর আজি মহাভাগ্যবশে।
রাজা। সম্পাদিত স্বাদুফল মম মনোরথ।
বিদিত বৃত্তান্ত এ(ই) কি হ'ন নাই ইন্দ্র,
অপূর্ব্ব-মহেন্দ্র-রথ-সারথি-মাতলে ?
মাতলি। [ ঈষৎ হাস্যের সহিত ]
পরোক্ষ আছয়ে কিবা ঈশ্বরগণের ?

আসুন, হে আয়ুষ্মন্, দিবেন দর্শন
ইন্দ্রগুরু ভগবান্ মারীচ তোমায়।

রাজা। পুত্রেরে গ্রহণ কর, অয়ি শকুন্তলে ;
তোমারে করিয়া অগ্রে ইচ্ছাকরি আমি
যাইতে সাক্ষাতে ভগবান্ মারীচের।

শকুন্তলা। যাইতে গুরুসমীপে আর্য্যপুত্রসহ
হয় লজ্জাবোধ।

রাজা। অভ্যুদয়-কালে, প্রিয়ে,
কর্ত্তব্য এরূপ আচরণ। এস ত্বরা।

সকলে। [ গমন করিলেন ]

মারীচ। [ রাজাকে **অ**বলোকন করিয়া ]
রণাঙ্গনে, দাক্ষায়ণি, অগ্রযায়ী ইনি
তবপুত্র মহেন্দ্রের, কথিত দুষ্যন্ত,
ভর্ত্তা ভুবনের, চাপপ্রভাবেতে যাঁ'র
সম্পাদিত-কর্ম্ম সেই তীক্ষ্ণাগ্র কুলিশ—
অমর-পতির—হইয়াছে আভরণ।

অদিতি। ইঁহার আকৃতি হেরি' হয় অনুমান
মহা-অনুভাব ব্যক্তি বলিয়া ইঁহারে।

মাতলি। পুত্রপ্রীতিপিশুন নয়নে, আয়ুষ্মন্,
দেবগণ-অম্বা-অম্ব হেরি'ছেন তোমা।
সন্নিধানে ইঁহাদের করুন গমন।

রাজা। মুনিগণ, হে মাতলে, করেন নির্দ্দেশ
দ্বাদশ-মূরতি-ধর-আদিত্য-কারণ
যে দ্বন্দ্বেরে, উৎপাদিলা যে মিথুন
যজ্ঞভাগেশ্বর ইন্দ্রে,—ত্রিভুবনপতি,—
স্বয়ম্ভু পুরুষোত্তম (ও) করিলা আশ্রয়
যে যুগলে—অবতার·পরিগ্রহ-তরে,
দক্ষমরীচিসম্ভব, বিধাতা হইতে
পুরুষ-অন্তর এক,—সে দ্বন্দ্ব কি এঁরা?

মাতলি। যথার্থই বলেছেন, রাজরাজেশ্বর!

রাজা। [ সমীপে গমন করিয়া ]
নমি'ছে দুষ্যন্ত দোঁহে বাসব-কিঙ্কর।

মারীচ। চিরজীবী হয়ে, বৎস্য, পালহ পৃথিবী।

অদিতি। হও হে অপ্রতিরথ করি আশীর্ব্বাদ।

শকুন্তলা। চরণ বন্দনা করি তোঁহাদোঁহাকার
দারকসহিতা আমি।

মারীচ। হন ভর্ত্তা তব
আখণ্ডলতুল্য, সুত—জয়ন্তপ্রতিম,
নহে যোগ্য তব, বৎসে, অন্য আশীর্ব্বাদ,
পৌলমীসদৃশী হও—এই আশীঃ মম।

অদিতি। ভর্ত্তৃ-বহুমতা হও, ওহে জাতে মোর!
হউক দীর্ঘায়ুঃ বৎস অবশ্য হে বৎসে!
উভয়কুলনন্দন। উপবিশ হেথা।

সকলে। [ প্রজাপতির চতুর্দ্দিকে উপবেশন করিলেন ]

মারীচ। [ এক এক জনকে হস্তদ্বারা নির্দ্দেশ করিয়া ]
সাধ্বী শকুন্তলা এই, এ সৎ অপত্য,
আর তুমি, শ্রদ্ধা বিত্ত বিধি,—এ ত্রিতয়
হইয়াছে সমাগত মহাভাগ্যবশে।

রাজা। অভিপ্রেতসিদ্ধি পূর্ব্বে, পরে দরশন
তব, ভগবন্,—অপূরব অনুগ্রহ
আপনার তাই। কারণ কুসুমোদয়
হয় পূর্ব্বে, অনন্তর ফলের উৎপত্তি ;
ঘনোদয় হয় পূর্ব্বে, পশ্চাৎ বর্ষণ,
কারণ-কার্য্যের হয় ক্রম এইরূপ ;
কিন্তু তব প্রসাদের পূর্ব্বেই সম্পৎ।

মাতলি। বিধাতা প্রসন্ন হ'লে হয় এইরূপ।

রাজা। গান্ধর্ব্ব-বিবাহ-মতে করিয়া বিবাহ
এ দাসীরে আপনাসবার,—প্রত্যাদেশি'
স্মৃতিভ্রংশহেতু এঁরে, হইলে আনীতা
বন্ধুগণদ্বারা ইনি কিছুকাল পরে,
হইয়াছি অপরাধী, ওহে ভগবান্,
যুষ্মৎ-সগোত্র পূজ্য কণ্বের নিকট।
দরশন করি' পরে এই অঙ্গুলীয়
হইলাম অবগত,—কন্যারে তাঁহার
করেছি বিবাহ পূর্ব্বে। চিত্র বটে ইহা !

( যথা ) নয়ন-সঙ্গত গজে নহে গজ—বোধ,
নয়নের অন্তরালে করিলে গমন,—
হইতেও পারে গজ এরূপ সংশয়,
জনমে প্রতীতি কিন্তু পদচিহ্ন হেরি',—
তথাবিধ হয় মম মনের বিকার।

মারীচ। আত্ম-অপরাধ-শঙ্কা করিওনা বৎস!
সম্মোহ ও উপপন্ন তোমাতে, শুনহ।—

রাজা। হইয়াছি অবহিত আমি ভগবন্!

মারীচ। নামিয়া অপ্সরস্তীর্থে মেনকা যখন
দাক্ষায়ণী-সন্নিধানে হ'ন উপগতা,
লইয়া শোকবিহ্বলা শকুনতলায়,
তখনি হইনু জ্ঞাত ধ্যানের প্রভাবে,
করিয়াছ প্রত্যাখ্যান দুর্ভাগা পত্নীরে
দুর্ব্বাসার শাপে,—নহে অন্য কোন হেতু;
অঙ্গুরীয়-দরশনে অবসান তা'র।

রাজা। [ সোচ্ছ্বাসে ]
আঃ! হ'লাম মুক্ত আমি নিন্দা হ'তে আজি!

শকুন্তলা। [ স্বগত ]
অকারণ-প্রত্যাদেশী ন'ন আর্য্যপুত্র,—
ভাগ্যের বিষয়। হয়েছিনু অভিশপ্তা—
না হয় স্মরণ। কিংবা প্রত্ত সেই শাপ
বিরহ-শূন্য-হৃদয়ে শুনি নাই আমি।

যেহেতু সখীরা মোর ছিল মোরে বলি',
"অঙ্গুলীয় প্রদর্শন করিবে ভর্ত্তায়।"

মারীচ। অবগতা হ'লে, বৎসে, সকল বিষয়,
সহধর্ম্মচারিপ্রতি করিওনা ক্রোধ
এবে। হের—শাপহেতু স্মৃতিলোপবশে
হইলে নিষ্ঠুর স্বামী, হয়েছিলে তুমি
প্রতিহতা। অপগত তমঃ তাঁর এবে,
তোমারি প্রভুতা শুধু তাঁহার উপরি।
মললুপ্তনির্ম্মলতা দরপণতলে
নাহি হয় নাহি হয় প্রতিবিম্বপাত।
নির্ম্মল মুকুরে কিন্তু হয় নিপতিত
অনায়াসে প্রতিবিম্ব, অয়ি বৎসে মোর!

রাজা বলিলেন যাহা দেব যথার্থই তাহা।

মারীচ। শকুন্তলা গর্ভজাত পুত্রের তোমার
জাতকর্ম্ম যথাবিধি করেছে সম্পন্ন,
করেছ অভিনন্দন ইহারে কি তুমি?

রাজা। ইহাতেই বংশ মোর হ'বে প্রতিষ্ঠিত।

মারীচ। হইবে এ হেতুভূত বংশ প্রতিষ্ঠায়,
চক্রবর্ত্তী জানিবেক এই বালকেরে।
হের— এ বালক সপ্তদ্বীপা বসুন্ধরা
হইয়া অপ্রতিরথ করিবে বিজয়

অচিরে, জলধিচয় করি' উত্তরণ
অনুদ্ঘাত-অচঞ্চল-গতি স্যন্দনেতে।
প্রসভদমনহেতু সত্ত্ব সকলের
সরবদমন নামে কথিত এ হেথা,
লোকের ভরণে নাম হইবে "ভরত"।

রাজা। করেছেন সম্পাদন সংস্কার যাহার
ভগবান্, সকলই সম্ভব তাহাতে।

অদিতি বিজ্ঞাপন, ভগবন্, করুন কণ্বেরে
সবিস্তারে, মনোরথ-সিদ্ধির বিষয়
দুহিতার, আছে হেথা (ই) দুহিতৃ-বৎসলা
মেনকা,—মোদের হয়ে সেবাপরায়ণা।

শকুন্তলা [ আত্মগত ]
ভণেছেন ভগবতী মনোগত মম।

মারীচ। প্রত্যক্ষ তপঃ-প্রভাবে সমস্তই তাঁর।

রাজা। তাই ন'ন অতিক্রুদ্ধ মম প্রতি মুনি।

মারীচ। তথাপি শুনাব তাঁরে এ প্রিয় সংবাদ।
কে আছ কে আছ হেথা, এস ত্বরা করি'।

[ প্রবেশ করিয়া ]

শিষ্য। উপস্থিত, ভগবন্, এই আমি হেথা।

মারীচ। যাইয়া আকাশপথে এখনি গালব!
আমার বচন মতে বলিবে কণ্বেরে
এ প্রিয়-সংবাদ,—অভিশাপ বিরামেতে

লব্ধস্মৃতি ক্ষিতিপতি পৌরব দুষ্যন্ত
সপুত্রা শকুন্তলায় প্রতিগ্রহণিলা।

শিষ্য। যেইরূপ ভগবান্ করেন আদেশ।

[ প্রস্থান ]

মারীচ। স্বাপত্যদারসহিত তুমিও হে বৎস!
রাজধানী-অভিমুখে করহ প্রস্থান,
প্রিয়বন্ধু-আখণ্ডল-রথে আরোহিয়া।

রাজা। যেইরূপ ভগবান্ করেন আদেশ।

মারীচ। হউন বিড়ৌজাঃ তব প্রজা-হিত-তরে
প্রাজ্যবৃষ্টি। কর প্রীত অতিশয়
হইয়া বিততযজ্ঞ স্বর্গিসমুদয়ে।
এরূপে উভয়লোক-অনুগ্রহ-হেতু,
অন্যোন্যকৃত্যের দ্বারা অতি শ্লাঘনীয়
করহ অতিবাহিত দোঁহে যুগশত।

রাজা। জগৎ-মঙ্গল-তরে চেষ্টা ভগবন্!
করিব সতত আমি শক্তি-অনুসারে।

মারীচ। আর কি করিব প্রিয় হে বৎস! তোমার?

রাজা। কি আর অধিক আছে প্রিয় ইহা হতে?
প্রসন্ন হইয়া যদি প্রিয় করিবারে
বাসনা করেন দেব,—তা'হ'লে এ হোক।—

[ ভরতবাক্য ]

পার্থিব প্রবৃত্ত হো'ন প্রকৃতির হিতে!

শ্রুতবিদ্বদ্বর বাণী হউক পূজিতা !
স্বয়ম্ভূ নীললোহিত—পরিগতশক্তি—
পুনর্ভব নিবারণ করুন আমার !

[ সকলে নিষ্ক্রান্ত ]

সপ্তম অঙ্ক সমাপ্ত।

সম্পূর্ণ।

# শুদ্ধিপত্র

| অশুদ্ধ। | | | | শুদ্ধ। |
|---|---|---|---|---|
| ৫ম পৃষ্ঠা | ২৪ চরণ | শিখিল | ... | ... শিথিল |
| ১০ পৃঃ | ১০৮ চ | অথবা | ... | ... কিংবা |
| ২৩ পৃঃ | ৩২৬ চ | সলিল-সেচন-হেতু, | | ... সলিল-সেচন-হেতু |
| ২৭ পৃঃ | ৩৮৩ চ | দর্শনেই | ... | ... দর্শনে (ই) |
| ,, | ৩৮৬ চ | মা | ... | ... না |
| ২৯ পৃঃ | ২১ চ | কেনরূপে | ... | ... কোনরূপে |
| ,, | ২৫ চ | এইরূপ হইবে—<br>কৃতাচার-পরিক্রম-রাজ-সনে ভেটি। | | |
| ৩০ পৃঃ | ৪৫ চরণের নীচে এইরূপ হইবে—<br>বিদূষক [এইরূপে দাঁড়াইয়া] | | | |
| ৩৫ পৃঃ | ১৩৭ চ | অপনি | ... | ... আপনি |
| ৩৬ পৃঃ | ১৪৪ চ | এইরূপ হইবে—<br>বিদূষক। কেন? ইত্যাদি। | | |
| ,, | ১৫৩ চ | তারে? | ... | ... তারে; |
| ৩৮ পৃঃ | ১৮২ চ | ললাশীলা | ... | ... লজ্জাশীলা |
| ৪৩ পৃঃ | ২৬৬ চ | ভর্ত্ত | ... | ... ভর্ত্তা |
| ৪৭ পৃঃ | ১৬ চ | শান্ত্যদক | ... | ... শান্ত্যদক |
| ৪৮ পৃঃ | ৪১ চ | সখাজনসনে | ... | ... সখীজনসনে |
| ৫৪ পৃঃ | ১১৯ চ | অর্দ্ধশ্যম | ... | ... অর্দ্ধশ্যাম |
| ,, | ১২৩ চ | তাহা | ... | ... তাহা, |
| ৬০ পৃঃ | ২১৩ চ | প্রায় | ... | ... সমা |
| ৬৬ পৃঃ | ৩১০ চ | পরিণাতা | ... | ... পরিণীতা |
| ৬৭ পৃঃ | ৩১৫ চ | অবন্থিতি | ... | ... অবস্থিতি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬৯ | পৃঃ | ৩৪০ চ | ইয়াও | … | … হইয়াও |
| ৭৩ | পৃঃ | ৩৯৭ চ | রেণ | … | … রেণু |
| ৭৬ | পৃঃ | ৪২৭ চ | হতেছে | … | … হতেছ |
| ৭৭ | পৃঃ | ৪৩৫ চ | অংশ | … | … অংস |
| ,, | | ৪৩৬ চ | কিন্ত | … | … কিন্তু |
| ,, | | ৪৩৯ চ | পুষ্পময় | … | … পুষ্পময়ী |
| ৮০ | পৃঃ | ১৯ চ | পুরুষ | … | … পুষ্প |
| ৯৪ | পৃঃ | ২৬০ চ | নিকুরম্বের পর পূর্ণচ্ছেদ হইবেনা। | | |
| ৯৬ | পৃঃ | ২৯৩ চ | ছাড়ির পর কমা হইবেনা। | | |
| ১০২ | পৃঃ | ৪ চ | ঘর্ণ | … | … বর্ণ |
| ,, | | ৫ চ | কর | … | … করহ |
| ১০৬ | পৃঃ | ৮১ চ | সংশ্রিতগণের… | | (কিন্তু) সংশ্রিতগণের |
| ১১৫ | পৃঃ | ২৩৪ চ | আয্যপুত্র | … | … আর্য্যপুত্র |
| | | | উর্চ্চারণ | … | … উচ্চারণ |
| ১১৬ | পৃঃ | ২৫১ চ | অঙ্গলী | … | … অঙ্গুলী |
| ২৫৭ | | চ | বিষয় | … | … বিষয়ে |
| ২৬২ | | চ | রাজা। বলি' যাও ইত্যাদি—এইরূপ হইবে। | | |
| ২৬৩ | | চ | দীর্ঘপাষ | … | … দীর্ঘপাঙ্গ |
| ২৬৬ | | চ | কিস্তু | … | … কিন্তু |
| ১১৭ | পৃঃ | ২৭০ চ | আপনি; | … | … আপনি,— |
| ২৭১ | | চ | বিশ্বাস। | … | … বিশ্বাস, |
| ২৭৩ | | চ | এই রূপ | … | … এইরূপ, |
| ২৭৪ | | চ | স্বকার্য্য সাধনোদ্যত-নারীনিচয়ের—এইরূপ হইবে | | |
| ১১৮ | পৃঃ | ২৯৭ চ | স্বৈরিণারূপেতে | | … স্বৈরিণীরূপেতে |
| ৩০০ | চরণের নীচের | | পংক্তি। আবৃতি | | … আবৃত |
| ১১৯ | পৃঃ | ৩২০ চ | শাঙ্গরব | … | … শার্ঙ্গরব |
| ১২০ | পৃঃ | ৩৩৩ চ | পুরোভাগে।… | | … পুরোভাগে ? |
| | | ৩৩৬ চ | কিন্ত | … | … কিন্তু |
| ১২৪ | পৃঃ | ৭ চ | উৎকৃষ্ট | … | … উৎকৃষ্ট |
| ১২৫ | পৃঃ | ১৫ চ | মহাশয়পণ | … | … মহাশয়গণ |

| | | | | |
|---|---|---|---|---|
| | ২৩ চ | খণ্ড খণ্ড | … | খণ্ড খণ্ড, |
| ১৩০ পৃঃ | ৯৯ চ | প্রস্ফুর্টিত | … | প্রস্ফুটিত |
| ১৩২ পৃঃ | ১২৫ চ | পুনঃ | … | পুনঃ। |
| | ১৪১ চ | পশ্চত্তাপে | … | পশ্চাত্তাপে |
| ১৩৪ পৃঃ | ১৬০ চ | বিশেষ মণ্ডল বিধি | | বিশেষ-মণ্ডন-বিধি |
| ১৩৫ পৃঃ | ১৮৪ চ | প্রত্যবেক্ষণ | … | প্রত্যবেক্ষণ, |
| ১৩৬ পৃঃ | ২১০ চ | আম | … | আমি |
| ১৪০ পৃঃ | ২৭৮ চ | মনের মা | … | মনোরমা |
| | ২৭৫ চ | উদ্ব্যক্ত | … | উত্ত্যক্ত |
| | ২৮৯ চ | নানাক্ষর | … | নামাক্ষর |
| ১৪১ পৃঃ | ২৯৫ চ | উদরেতে | … | উদরেতে |
| | | কম্পিত | … | কল্পিত |
| ১৪২ পৃঃ | ৩১৮ চ | স্খলিতা | … | স্খলিতা |
| | ৩২১ চ | সাধু | … | সাধু। |
| ১৪৪ পৃঃ | ৩৫৬ চ | সখা | … | সখী। |
| ১৪৬ পৃঃ | ৩৯২ চ | খেদহেথা ? | … | (অনুরক্তার পূর্ব্বে) বসিবে |
| ১৫৪ পৃঃ | ৫৪৩ চ | জবন | … | |
| ১৫৭ পৃঃ | ৫৮৯ চ | ব্যপৃত | … | ব্যাপৃত |
| ১৬৪ পৃঃ | ১১৮ চ | অহিত্বক্ দ্বারা | | অহিত্বকৃদ্বারা, |
| ১৭০ পৃঃ | ২২২ চ | অভিজ্ঞাত | … | অবিজ্ঞাত |

-:0:-

| পৃষ্ঠা | চরণ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ৪ পৃষ্ঠা | ৩ চরণ | আয়ুষ্মন্ | আয়ুষ্মন্ |
| ৫ ,, | ২৪ ,, | কিরণ | প্রগ্রহ |
| ৮ ,, | ৭১ ,, | সম্প্রতি | সম প্রতি |
| ১৩ ,, | ১৬২ / ১৬৫ ,, | ভুলিয়াছ | ভুলিয়াছ |
| ১৯ ,, | ২৬৬ ,, | অনসূয়া। করুন ইত্যাদি হইবে। | |
| | ২৬৮ ,, | সুমহাপ্রতাব | সুমহাপ্রভাব |
| | ২৬৯ ,, | তাঁরে আর্য্য, | তাঁরে, আর্য্য, |
| ২০ ,, | ২৮১ চরণের নিম্নে | অর্দ্ধোচরণ | অর্দ্ধোচ্চারণ |
| ২৫ ,, | ৩৬৪ ,, | বারণ'— | বারণ,— |
| ২৭ ,, | ৩৯১ ,, | শকুন্ত( লা )-ব্যাপার এইরূপ হইবে। | |
| ২৮ ,, | ৯ ,, | আনিয়ত্তবেলে | অনিয়তবেলে |
| ৩৮ ,, | ১৯১ ,, | তণ্বঙ্গী | তন্বঙ্গী |
| ৩৯ ,, | ১৪ | ভূমে | ভূমে |
| ৪২ ,, | ২৫৫ ,, | উভয়ে। জয় হো'ক ইত্যাদি হইবে। | |
| ৪৬ ,, | ২ ,, | রাজ্ঞাধিরাজে | রাজাধিরাজে |
| | ,, | প্রকাশ্যে | আকাশে |
| ৪৭ ,, | ২৩ ,, | ইন্দূ | ইন্দু |
| | ২৫ ,, | ময়ূখে | ময়ূখে |
| ৫২ ,, | ৮৪ ,, | সখির পূর্ব্বে কমা হইবে। | |
| ৫৩ ,, | ১১৬ ,, | সখী | সখি |
| ৫৪ ,, | ১২৫ ,, | সিক্তি | সিক্তও |
| ৫৭ ,, | ১৬৬ ,, | প্রত্যাখান | প্রত্যাখ্যান |
| | ১৭২ ,, | প্রণয়্যোৎসুক | প্রণয়োৎসুক |
| ৫৯ ,, | ১৯৬ ,, | অনুগালি | ভগুণালি |
| ৬০ ,, | ২০৯ ,, | আপন সবার | আপনাপনবার |
| ৬৪ ,, | ২৭৬ ,, | যাইব | যাইবে |
| | ২৭৭ ,, | কুটীর | কুটীরে |
| ৯৪ ,, | ২৬০ ,, | লতানিকুরম্বের পর পূর্ণচ্ছেদ হইবে না। | |
| ১১৬ ,, | ২৫৭ ,, | বিষয় | বিষয়ে |
| | ২৬২ ,, | রাজা। বলি' যাও ইত্যাদি হইবে | |

| | | | | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|
| ১১৭ | ,, | ২৮৬ | ,, | তৃণচ্ছন্ন কূপোপম | তৃণচ্ছন্ন-কূপোপম |
| ১১৮ | ,, | ৩০২ | ,, | সন্তাপদায়ক | সন্তাপদায়ক |
| ১২০ | ,, | ৩৩০ | ,, | শার্ঙ্গরবের পর কমা হইবে। | |
| | | ৩৩৭ | ,, | ক্ষম | ক্ষেম |
| ১৩২ | ,, | ১১৩ | ,, | বলিব। | বলিব ? |
| ১৩৭ | ,, | ১৯৫ | ,, | ত্যাজিয়াছে | ত্যজিয়াছে |
| ১৩৮ | ,, | ২৪০ | ,, | স্মরিয়া | স্মরিয়া |
| ১৪৫ | ,, | ৩৭৩ | ,, | যার | যার |
| | | ৩৭৮ | ,, | রক্ষমাতারাগ | রঙ্গমাতারাগ |
| [illegible] | ,, | ৪৩২ | ,, | ছুটিয়া | ছুটিয়া |
| [illegible] | ,, | ৪৪৮ | ,, | হইযাছে | হইয়াছে |
| [illegible] | ,, | ৫৭৩ | | চরণের শেষে পূর্ণচ্ছেদ হইবে না। | |
| | ,, | ২৩ | ,, | উন্মুলিত | উন্মূলিত |
| | ,, | ৩২৩ | ,, | আর্য্যপূত্র | আর্য্যপুত্র |
| | ,, | ৩৬১ | ,, | সম্পাদিত-কর্ম্ম | সম্পাদিত-কর্ম্ম |